# HINTS
ON
# SANSKRIT COMPOSITION
AND
# TRANSLATION

BY

**Pandit Haricharana Kavyavinoda**

Senior Sanskrit Adhyapaka, Brahmacharyasrama,

SANTINIKETANA, BOLPUR.



Published by

**The Indian Publishing House,**

*22, Cornwallis Street,*

CALCUTTA

**1914**

Printed by

R. C. Mitra, at the Visvakosha Press,

9, Kantapukur Bye Lane, Baghbazar,

*Calcutta.*

# Preface

The present treatise has grown out of my experience during the years I was employed as Head Pandit of several village and city High Schools in Bengal. I was then afforded the opportunity of intimately knowing the many causes of the striking deficiency of the students in Sanskrit. It was brought home to me that the chief reasons of such a deficiency lay in the absence of a proper attention being paid to translation and composition. It should be carefully borne in mind that Sanskrit, being a dead language, calls for a devotion which is hardly needed for a tongue that is spoken. But I have noticed, to my deep regret, that students have only success at the University in view, and do not care much to mark and remember the peculiarities of the language once used by their ancient forefathers. All they seem to care for is to cram and come off victorious. My conviction, however, is, that if students are taught from the beginning in a regular and systematic way and that if translation and composition have the place they deserve in the teaching of a language the state of things I mourn and deprecate will soon

cease to exist. As a step towards it, I have published my "Hints on Sanskrit Translation and Composition", and I believe that the reasons given in favour of such a work are no inadequate apology to the public.

English being now the prevalent language in our country, the main section of the book has been divided into a number of lessons corresponding to different Parts of Speech of the English language. Attempts have been made to make each lesson easy, lucid and impressive by means of examples and illustrations, and I have also taken pains to set at its end an exercise fit to test the knowledge of the student. The first few opening pages include introductory lessons on the applications of Case-endings, Order and Concord and Government respectively, and the lessons treating of Parts of Speech come afterwards. Tenses and Moods being extremely puzzling to the beginner, they have been carefully and exhaustively dealt with in four different lessons in a most methodical way. The peculiar feature of the present work lies in chapters on Adverbs, Prepositions and Conjunctions, and in providing the student with the Sanskrit idiomatic renderings of several current phrases of the English language. To obviate the difficulty students feel in translating interrogative sentences, I have

put in a lesson containing a variety of such ones. As Sanskrit voice plays an important part in matter of mastering the language, it has been fully explained in a couple of lessons, and there has also been added a table showing the similarity of English Cases with Sanskrit. There have been affixed towards the end of the work three Appendices—the first of Idiomatic Sanskrit Translations, the second of English extracts from the Calcutta University papers, and the third of Model Questions. In short, the author has spared no pains to render every possible help to the student although he does not know with what success.

Before bringing my remarks to a conclusion I have to acknowledge my obligations to the late Principal V. S. Apte's "Student's Guide to Sanskrit Composition" for the suggestions I gathered therefrom in the preparation of the present volume, and also to several other scholars who have worked in this direction. It is a sincere gratification to me to thank in this connection my intimate friends Pandit Vidhusekhara Shastri and Mr. Chunilal Mukerji both of whom took great trouble to revise a good many, if not all, proofs of the following pages as they passed through the press. I have no hesitation to say that the book would have been marred with greater

imperfections had I not received from Vidhu-sekhara some suggestions which he was so kind to offer. Whatever faults there still exist inspite of the efficient help of Pandit Shastri and Mr. Mukerji the author alone is responsible for them. Humble as the undertaking is, it sees the light in the hope that it will prove useful to those juvenile readers for whom it is intended.

**Haricharan Banerji.**

---

# Table of Contents

## Part I



---

## Part II

---

# HINTS
on
# Sanskrit Composition
AND
# Translation

## PART I

## INTRODUCTION

### LESSON I

### Case-endings

(বিভক্তি)

1. সংস্কৃতভাষায় সাতটি বিভক্তি ; প্রথমা, দ্বিতীয়া, তৃতীয়া, চতুর্থী, পঞ্চমী, ষষ্ঠী ও সপ্তমী। ইহাদের দ্বারা সংখ্যা ও কারকের প্রতীতি হয় বলিয়া, ইহাদের নাম বিভক্তি। যথা, বালক-ঃ বালকঃ, 'one' boy ; বালক ঔ বালকৌ, 'two' boys ; বালক-অঃ বালকাঃ, 'more than two' boys. 'রাহুঃ' 'চন্দ্রং' তুদতি, 'Rábu' harasses the 'moon' ; এস্থলে 'রাহু'তে প্রথমা ও

'চন্দ্রে' দ্বিতীয়া বিভক্তি থাকায়, 'রাহু' কর্তৃকারক ও 'চন্দ্র' কর্ম্মকারক বলিয়া প্রতীত হইতেছে। নিম্নে প্রথমাদিক্রমে বিভক্তিগণের প্রয়োগ দেখান যাইতেছে।

---

## I. First Case-ending

## ( প্রথমা )

(a) অভিধেয়মাত্রে ( লিঙ্গার্থে ), কর্তৃকারকে, সম্বোধনে, এবং ইতি, সাম্প্রতম্, অসাম্প্রতম্ এই কয়েকটি অব্যয়ের যোগে প্রথমা বিভক্তি হয়। যথা, বৃক্ষঃ ; 'অশ্বো' ধাবতি ; ভো 'জগদীশ' ; 'দশরথ' ইত্যুদাহৃতঃ ; 'সজ্জনানাং' সঙ্গমঃ কর্তুং সাম্প্রতম্ ; 'বিষবৃক্ষো'ঽপি সংবর্ধ্য স্বয়ং ছেত্তুমসাম্প্রতম্।

Test-Questions :

সংস্কৃত কর ;—বালকেরা হাসিতেছে। হে 'জনক' ( পিতৃ )! বলি দাতা 'বলিয়া' ( ইতি ) বিখ্যাত। শ্রী। হে বিভু! বিদ্যা শিক্ষা করা উচিত। পাপ করা অন্যায়।

---

## II. Second Case-ending

## ( দ্বিতীয়া )

(a) কর্ম্মকারকে, ক্রিয়াবিশেষণে, এবং প্রতি, অনু, ধিক্, নিকষা, সময়া, অন্তরা, অন্তরেণ, যাবৎ, অভিতঃ, পরিতঃ, সর্ব্বতঃ, এবং হা শব্দের যোগে দ্বিতীয়া বিভক্তি হয়। যথা, 'সলিলং' পিবতি ;

'মধুরং' ভাষতে ; 'দীনং' প্রতি দয়া ; 'রামম্' অনু জাতো লক্ষ্মণঃ ; 'পাপিনং' ধিক্ ; 'দ্বারকাং' নিকষা সিন্ধুঃ ; 'পর্ব্বতং সময়া নদী ; 'ত্বাং মাং' চ অন্তরা উপবিশ ; 'দুঃখম্' অন্তরেণ ন সুখং ভবতি ; তৎ 'কিয়ন্তম্ অবধিং' যাবৎ ; 'ঋষ্যমূকম্' অভিতঃ ; 'পর্ব্বতং' পরিতঃ ; 'গ্রামং' সর্ব্বতঃ ; 'নদীম্' উভয়তঃ' স্থানং তটম্ ; হা 'কৃষ্ণাভক্তম্'। (১)

(b) অত্যন্তসংযোগ, অর্থাৎ ব্যাপ্ত্যর্থ বুঝাইলে, অধ্ববাচক ও কালবাচক শব্দের উত্তর দ্বিতীয়া বিভক্তি হয়। যথা, 'ক্রোশান্' রাজতে বিন্ধ্যঃ ; 'বর্ষং' ভোগ্যঃ শাপঃ ; ক্রোশান্ ব্যাপ্য, বর্ষং ব্যাপ্য ইত্যর্থঃ।

Test-Questions :

সংস্কৃত কর—শিশু 'চন্দ্র' ( চন্দ্রমস্ ) দেখিতেছে। গ্রামের চারিদিকে। গৃহের 'অভিমুখে' ( প্রতি ) প্রস্থিত। শ্রম বিনা সুখ হয় না। কৃষ্ণ ও বলরামের মধ্যে। সাগরের 'অভিমুখে' ( অভিতঃ )। নদীর নিকটে গৃহ। মৃদু হাসিতেছে। তিন দিন বৃষ্টি হইতেছে। হা কৃষ্ণদ্বেষী! পুরীর চারিদিকে উদ্যান।

---

## III. Third Case-ending
## ( তৃতীয়া )

(a) করণকারকে, সাকম্, সার্দ্ধম্ ও সহ প্রভৃতি সহার্থক শব্দ-যোগে এবং প্রকৃতি-আদি শব্দের উত্তর তৃতীয়া বিভক্তি হয়।

(১) 'হা' শব্দ যখন শোক ও বিষাদ অর্থে প্রযুক্ত হয়, তখনই উহার যোগে দ্বিতীয়া হয়, অন্য অর্থে হয় না। যথা, হা ( সম্বোধনে ) তাত! হা মাতঃ!

যথা, 'দাত্রেণ' লুনাতি; 'তেন' সাকং গতঃ, 'ময়া' সার্দ্ধং তব বিরোধঃ; ত্বয়া 'সহ' (২) নিবৎস্যামি বনেষু মধুগন্ধিষু; যথা 'প্রকৃত্যা' মধুরং গবাং পয়ঃ।

(b) উপলক্ষণে, এবং ঊনার্থ, বারণার্থ ও প্রয়োজনার্থ শব্দের যোগে তৃতীয়া বিভক্তি হয়। যথা', 'ভূষাভিঃ' সুন্দরঃ শিশুঃ; 'একেন' ঊনা দশ গ্রহাঃ; 'বংশেন' হীনঃ; বিত্তেন শূন্যঃ; অলম্ 'অতিবিস্তরেণ'; কাণেন 'চক্ষুষা' কিম্; কোঽর্থঃ 'কলহেন'।

(c) যে অঙ্গের বিকার হইলে, অঙ্গীর বিকার লক্ষিত হয়, সেই অঙ্গবাচক শব্দের উত্তর তৃতীয়া বিভক্তি হয়। যথা, 'চক্ষুষা' কাণঃ; 'পাদেন' খঞ্জঃ।

(d) অপবর্গ, অর্থাৎ ক্রিয়াসমাপ্তি ও তাহার ফলপ্রাপ্তি বুঝাইলে, অধ্ববাচক ও কালবাচক শব্দের উত্তর তৃতীয়া বিভক্তি হয়। যথা, 'ক্রোশেন' অনুবাকঃ অধীতঃ; চতুর্ভি'র্বর্ষৈ' ব্যাকরণ-মধীতম্।

Test-Questions:

সংস্কৃত কর—পিতা পুত্রের সহিত আসিতেছেন। সে ছুরী দিয়া হাত কাটিয়াছে। এক-কম দ্বাবিংশতি মুদ্রা। জটাসমূহ দ্বারা উপলক্ষিত তপস্বী। চার দিনে এই কার্য্য করিয়াছি। সে কাণে কালা। এত টাকায় প্রয়োজন কি? তিনি সুখে বাস করিতেছেন। যাহার জ্ঞান 'নাই' (হীন) সে পশু।

---

(২) সহার্থক শব্দের উল্লেখ না থাকিলেও, অর্থাৎ সহার্থেও তৃতীয়া হয়। যথা, পিতা 'পুত্রেণ' (সহ) গচ্ছতি।

# IV. Fourth Case-ending
## ( চতুর্থী )

(a) সম্প্রদানে, নিমিত্তার্থে, এবং হিত, সুখ, নমঃ, স্বস্তি, স্বাহা, স্বধা ও বষট্ শব্দের যোগে চতুর্থী বিভক্তি হয়। যথা, 'দরিদ্রেভ্যো' ধনং প্রযচ্ছ; 'যূপায়' দারু; হিতং লোকায়; সুখং পুত্রায়; নমো 'ব্রহ্মণ্যদেবায়'; স্বস্তি 'প্রজাভ্যো' বিদধাতি রাজা; 'অগ্নয়ে' স্বাহা; পিত্রে স্বধা; ইন্দ্রায় বষট্।

(b) অনাদর অর্থ বুঝাইলে মন্ ধাতুর কর্ম্মে, এবং চেষ্টা বুঝাইলে গত্যর্থ ধাতুর কর্ম্মে বিকল্পে চতুর্থী হয়। যথা, ত্বামহং 'তৃণায়' মন্যে; 'ব্রজায়' ব্রজতি; পক্ষে দ্বিতীয়া।

(c) সমর্থার্থক শব্দযোগে ও ক্রিয়াযোগে চতুর্থী বিভক্তি হয়। যথা, মল্লো 'মল্লায়' সমর্থঃ অলং শক্তঃ প্রভুঃ বা; (১) 'শিশবে' চন্দ্রমসং দর্শয়তি মাতা।

Test-Questions :

সংস্কৃত কর—তিনি কাশী যাইতেছেন। স্বর্ণকার অলঙ্কারের জন্য স্বর্ণ কিনিয়াছিল। সৃষ্টিস্থিতিলয়কারী পরমেশকে নমস্কার। ভিক্ষুককে ভিক্ষা দাও। সাধুগণের পক্ষে হিত। পিতা পুত্রের জন্য খেলনা আনিয়াছেন। তিনি নদী সন্তরণে সমর্থ। আমি তাহাকে কুকুরের মত মনে করি। ছাত্র জ্ঞানের জন্য গুরুগৃহে বাস করিতেছে।

---

(১) সমর্থার্থক ক্রিয়াযোগেও চতুর্থী হয়। যথা, হরির্দৈত্যায় প্রভবতি।

## V. Fifth Case-ending
## ( পঞ্চমী )

(a) অপাদানে, অন্যার্থ শব্দের যোগে, দিগ্বাচক দেশবাচক ও কালবাচক শব্দের প্রয়োগে, এবং বহিঃ, আরাৎ ও প্রভৃতি শব্দের যোগে পঞ্চমী বিভক্তি হয়। যথা, 'বৃক্ষাৎ' পততি পত্রম্ ; ঘটঃ 'পটাৎ' ইতরঃ ভিন্নঃ বা ; পূর্ব্বো 'গ্রামাৎ' ; 'নগরাৎ' পূর্ব্বদেশে ; 'শয়নাৎ' পূর্ব্বম্ ; 'উদ্যানাৎ' বহিঃ ; 'পর্ব্বতাৎ' আরাৎ ; 'বাল্যাৎ' প্রভৃতি।

(b) ল্যবন্তপদের অপ্রয়োগে কর্ম্মে ও অধিকরণে, এবং মর্য্যাদা ও অভিবিধি বুঝাইলে আ এই অব্যয়ের যোগে, পঞ্চমী বিভক্তি হয়। যথা, 'রথাৎ' ( রথমারুহ্য ) পশ্যতি ; 'আসনাৎ' ( আসনে উপবিশ্য ) অবলোকয়তি ; আ 'মুক্তেঃ' সংসারঃ, মুক্তি-পর্য্যন্ত ইত্যর্থঃ ; আ 'মূলাৎ' শ্রোতুমিচ্ছামি, মূলাদারভ্য ইত্যর্থঃ।

(c) দুই এর মধ্যে একের উৎকর্ষ বুঝাইলে নিকৃষ্টের উত্তর, স্তোক, কৃচ্ছ্র, অল্প ও কতিপয় শব্দের উত্তর, এবং হেতু বুঝাইলে হেতুবোধক শব্দের উত্তর পঞ্চমী বিভক্তি হয়। যথা, 'বিদ্যায়াঃ' বুদ্ধিরুত্তমা ; স্তোকাৎ কৃচ্ছ্রাৎ অল্পাৎ কতিপয়াৎ বা মুক্তঃ ; 'হর্ষাৎ' হসতি। (২)

(d) ঋতে শব্দের যোগে দ্বিতীয়া ও পঞ্চমী এবং পৃথক্ ও বিনা শব্দের যোগে দ্বিতীয়া তৃতীয়া পঞ্চমী বিভক্তি হয়। যথা,

(২) স্তোকাদি শব্দ ও হেতুবোধক শব্দের উত্তর তৃতীয়াও হয়। যথা, 'স্তোকেন' মুক্তঃ ; হর্ষেণ হসতি।

'শ্রমাৎ' 'শ্রমম্' বা ঋতে ; 'পুত্রং' 'পুত্রেণ' 'পুত্রাৎ,' বা পৃথক্ ; 'ধনং' 'ধনেন' 'ধনাৎ' বা বিনা।

Test-Questions :

সংস্কৃত কর—পুরীর বাহিরে। গিরিশিখর হইতে পতিত। তৈল অপেক্ষা ঘৃত ভাল। ভারতবর্ষের উত্তরে হিমালয়। গ্রামের নিকট বাপী। পাটলিপুত্র-পর্য্যন্ত বৃষ্টি হইয়াছে। বিদ্যা বিনা জীবন বৃথা। পর্ব্বতে বসিয়া সমুদ্র দেখিতেছে। চৈত্রের পূর্ব্বে ফাল্গুন। শ্রম 'বিনা' ( ঋতে ) ধন হয় না। পুত্রশোকে কাঁদিতেছে। স্বর্ণ তাম্র হইতে ভিন্ন।

---

## VI. Sixth Case-ending
## ( ষষ্ঠী )

(a) সম্বন্ধে ষষ্ঠী বিভক্তি হয়। যথা, 'বৃক্ষস্য' পত্রম্। "নদ্যাঃ" জলম্।

(b) কৃৎ প্রত্যয়ের প্রয়োগে কর্ত্তায় ও কর্ম্মে ষষ্ঠী বিভক্তি হয়। যথা, কর্ত্তায়—'অশ্বস্য' ধাবনম্; কর্ম্মে—'পয়সঃ' পানম্। কর্ত্তা ও কর্ম্ম উভয়েরই উল্লেখ থাকিলে কর্ত্তায় তৃতীয়া ও কর্ম্মে ষষ্ঠী হয়। যথা, 'শিশুনা' 'পয়সঃ' পানম্।

(c) শতৃ, শানচ্, ক্বসু, কানচ্, স্যতৃ, স্যমান, তুমুন্, ক্ত্বা, যপ্, ণমুল্, উকারান্ত কৃৎ, শীলার্থ তৃন্, ভবিষ্যদর্থ ণিন্, খলর্থ অন ও অ, উক, ক্ত এবং ক্তবতু প্রত্যয়ের যোগে ষষ্ঠী বিভক্তি হয় না। যথা, 'গ্রামং' গচ্ছন্; 'অন্নং' ভুঞ্জানঃ; 'গ্রামং' জগ্মিবান্; পিতু'শ্চরণৌ' ববন্দানঃ; 'গৃহং' গমিষ্যন্; 'ধনং' দাস্যমানঃ; 'অন্নং' দাতুম্,

'ধনং' গৃহীত্বা ; 'শাস্ত্রম্' অধীত্য ; স্মারং স্মারং 'স্বগৃহচরিতম্' ; 'শিলাং' ক্ষিপ্নুঃ ; 'অন্নং' দাতা ; 'ধনং' দায়ী ; 'ত্বয়া' দুর্ধর্ষণঃ শত্রুঃ ; ইদং 'ময়া' সুকরম্ ; 'গৃহং' গামুকঃ ; 'ময়া' গৃহীতম্ ; 'স' কৃতবান্।

(d) বর্ত্তমানকালে বিহিত ক্ত প্রত্যয়ান্ত পদের প্রয়োগে কর্ত্তায় ষষ্ঠী হয়। যথা, ঔষধং 'ভিষজাং' মতম্ ; 'বেদবিদাং' পূজিতঃ। ভাববিহিত ক্ত প্রত্যয়ান্ত পদের প্রয়োগে বিকল্পে ষষ্ঠী হয়। যথা, 'মম' স্থিতম্ ; পক্ষে, 'ময়া' স্থিতম্।

(e) তব্য, অনীয় এবং য প্রত্যয়ের যোগে কর্ত্তায়, এবং তৃপ্ত্যর্থ ধাতুর করণকারকে বিকল্পে ষষ্ঠী বিভক্তি হয়। যথা, 'মম' গন্তব্যম্, গমনীয়ম্ বা গম্যম্ ; নান্তকস্তৃপ্যতি 'সর্ব্বভূতানাম্' ; পক্ষে তৃতীয়া, 'ময়া' গন্তব্যম্ &c. ; নান্তকস্তৃপ্যতি 'সর্ব্বভূতৈঃ'।

(f) স্মৃত্যর্থ, দয়্ ও ঈশ্ ধাতুর কর্ম্মে বিকল্পে ষষ্ঠী বিভক্তি হয়। যথা, 'মাতুঃ' স্মরতি পুত্রঃ ; 'দরিদ্রস্য' দয়তে দাতা ; পিতা পুত্রস্য ঈষ্টে। পক্ষে, দ্বিতীয়া।

(g) দূরার্থ ও অন্তিকার্থ শব্দের যোগে পঞ্চমী ও ষষ্ঠী বিভক্তি হয়। যথা, 'গ্রামস্য' বা 'গ্রামাৎ' দূরম্ ; 'উদ্যানস্য' বা 'উদ্যানাৎ' অন্তিকম্।

(h) হেতু শব্দের প্রয়োগ থাকিলে, নিমিত্তবোধক শব্দের উত্তর ষষ্ঠী বিভক্তি হয়। যথা, "'অল্পস্য' হেতোর্বহু হাতুমিচ্ছন্।" নিমিত্তবোধক শব্দ সর্ব্বনাম হইলে, ষষ্ঠী ও তৃতীয়া বিভক্তি হয়। যথা, 'তস্য' হেতোঃ স আগতঃ ; 'তেন' হেতুনা স আগতঃ

Test-Questions :

সংস্কৃত কর—করীর জলের পানের শব্দ। এই হেতু তিনি সুখী। এই শিশুর নাম কি? দেবতার পূজিত বিষ্ণু আবির্ভূত। তুমি কি 'মনে করিতেছ' (স্মৃ)? দীনের প্রতি কৃপা কর। ইহা তাঁহার পক্ষে সুলভ নহে। গুরু শিষ্যের পূজনীয়। তিনি এত ধনেও তৃপ্ত নহেন। পর্ব্বতের নিকট নদী।

---

## VII. Seventh Case-ending
## ( সপ্তমী )

(a) অধিকরণ কারকে সপ্তমী বিভক্তি হয়। যথা, 'শয্যায়াং' শেতে শিশুঃ; স 'সরস্যাং' ক্রীড়তি।

(b) এক কর্ত্তার ক্রিয়া দ্বারা অপর কর্ত্তার ক্রিয়ার কাল সূচিত হইলে, পূর্ব্ববর্ত্তী ক্রিয়ার কর্ত্তায় 'সপ্তমী বিভক্তি' ( ভাবে সপ্তমী ) হয়। যথা, 'রবৌ' অস্তং গতে স গতঃ, অর্থাৎ রবিরস্তং গতঃ সঃ ( অপি ) গতঃ, রবেরস্তগমনানন্তরমেব ইত্যর্থঃ।

(c) প্রশংসা অর্থ বুঝাইলে, সাধু ও নিপুণ শব্দের যোগে সপ্তমী বিভক্তি হয়। যথা, 'মাতরি' সাধুঃ; 'সমরে' নিপুণঃ।

(d) প্রসিত ও উৎসুক শব্দের যোগে তৃতীয়া ও সপ্তমী বিভক্তি হয়। যথা, 'ধনেষু' 'ধনৈঃ' বা প্রসিতঃ; 'ভোজনে' 'ভোজনেন' বা উৎসুকঃ।

(e) দূরার্থ ও অন্তিকার্থ শব্দের উত্তর দ্বিতীয়া, তৃতীয়া, পঞ্চমী ও সপ্তমী বিভক্তি হয়। যথা, 'দূরং' 'দূরেণ' 'দূরাৎ'

'দূরে' বা গ্রামস্য ; 'অন্তিকং' 'অন্তিকেন' 'অন্তিকাৎ' 'অন্তিকে' বা উপবনস্য। বিশেষণ হইলে হয় না। যথা, 'দূরো' গ্রামঃ।

(f) অনাদর বুঝাইলে যাহার প্রতি অনাদর করা যায়, তাহার উত্তর, এবং কুশল, ঈশ্বর, অধিপতি, স্বামী, সাক্ষী ইত্যাদি শব্দের যোগে ষষ্ঠী ও সপ্তমী বিভক্তি হয়। যথা. রুদতি 'শিশৌ' রুদতঃ 'শিশোঃ' বা জগাম মাতা, রুদন্তং শিশুমনাদৃত্য ইত্যর্থঃ। 'কেলৌ' বা 'কেলেঃ' কুশলঃ; 'কোশলেষু' 'কোশলানাম্' বা ঈশ্বরঃ অধিপতিঃ বা স্বামী ; 'বিবাদে' 'বিবাদস্য' বা সাক্ষী।

(g) যদি কর্ম্মের সহিত সম্বন্ধ থাকে, তাহা হইলে নিমিত্ত-বোধক শব্দের উত্তর সপ্তমী বিভক্তি এবং যাহা হইতে নির্দ্ধারণ (১) করা যায়, তাহার উত্তর ষষ্ঠী ও সপ্তমী বিভক্তি হয়। যথা, 'চর্ম্মণি' দ্বীপিনং হন্তি, 'দন্তয়ো'র্হন্তি কুঞ্জরম্ ; 'সর্ব্ববৃক্ষেষু' 'সর্ব্ববৃক্ষাণাম্' বা অশ্বত্থঃ শ্রেষ্ঠঃ।

Test-Questions :

সংস্কৃত কর—গৃহগমনের জন্য উৎসুক। শত্রুও গৃহে আসিল, তাহার আতিথ্য করা উচিত। বনদেবী ইহার সাক্ষী। সাগরের বহুদূরে সেই নগরী। অযোধ্যার অধিপতি রামচন্দ্র। অক্ষক্রীড়ায় কুশল। কেশের জন্য চমরীকে বধ করে। বর্ণের মধ্যে ক্ষত্রিয় শূর। শরৎকালে (শরদ্) আকাশ নির্ম্মল হয়। আবৃত্তিতে নিপুণ।

---

(১) জাতি, গুণ, ক্রিয়া ও সংজ্ঞা দ্বারা সজাতীয় সমুদায় হইতে একের পৃথক্-করণকে নির্দ্ধারণ কহে।

## EXERCISE

(*a*) *Correct and justify the following*—

বৈশম্পায়নমিতি খ্যাতঃ ; শাল্মলীম্ ; ভোঃ অম্বে ; হে দাশরথিঃ ; দিলীপম্ ইতি ; ধিক্ পরগৃহবাসে ; গিরিজায়াঃ সময়া গিরিশঃ ; ধিগিয়ং ভীরুতা ; পিতুরনু গতঃ পুত্রঃ ; গৌর্য্যাঃ নিকষা শিবঃ ; ধিক্ অস্তু কৃপণে জনে ; ভক্তিং বিধেহি পিত্রোঃ প্রতি ; নিকষা সৌধভিত্তেঃ ; হিমালয়বিন্ধ্যয়োরন্তরা ; পরিশ্রমেণ অন্তরেণ ; বৃক্ষবাটিকায়াঃ পরিতঃ ; লঙ্কায়াঃ সর্ব্বতঃ ; ব্যাকরণায় কুশলঃ ; দময়ন্ত্যাঃ অভীপ্সবঃ ; বেদ্যাঃ অভিতঃ ; একাৎ ঊনা সপ্ততিঃ ; হা হরিদ্বিট্ ; মকরালয়ো যাবৎ ; পৃষ্ঠে কুব্জা ; উভয়তঃ কৃষ্ণস্য গোপাঃ ; ক্রোশেন কুটিলা নদী ; ন ববর্ষ বর্ষেষু দ্বাদশসু পর্জ্জন্যঃ ; চক্ষুণা দৃষ্টম্ ; কস্যাপি সার্দ্ধম্ ; পিতুঃ সহ বিবদতে পুত্রঃ ; বিবাদে কিং ; মম সাকম্, ক্রোশে পাঠঃ অধীতঃ ; দীনান্ ধনং প্রযচ্ছ ; ব্রাহ্মণস্য হিতম্ ; বিশ্বসৃজো নমঃ ; কুণ্ডলাৎ হিরণ্যম্ ; জগৎ তৃণেন মন্যে ; লক্ষ্মণস্য পূর্ব্বে জাতঃ রাম ; গ্রামস্য প্রাচি ; কাননস্য বহিঃ ; গগনে অবতীর্ণঃ ; যৌবনং প্রভৃতি ; ন বিদ্যা সঙ্গীতস্য পরা ; নগরস্য আরাৎ ; নিদ্রায়া ঋতে ; ধনস্য দাতা ; অন্যেষাং দুরাপঃ ; অকৃতাত্মনঃ দুর্দ্দর্শনঃ ; ভূতেষু দয়তে ; কর্ম্মণে দক্ষঃ ; গমনেন উৎসুকঃ।

(*b*) *Account for the inflexions of the* Padas *within inverted commas* :—

'ত্রিভির্বর্ষৈঃ' শব্দশাস্ত্রং পপাঠ ; 'বিষ্ণবে' নমঃ ; 'গ্রামং' গচ্ছতি ; 'গ্রামায়' গচ্ছতি ; দ্বাদশ 'বর্ষাণি' অনাবৃষ্টিঃ ; 'শ্রমম্' অন্তরেণ ; 'জটাভিঃ' তাপসঃ ; 'মিত্রাদ্' অন্যঃ ; 'বীরঃ 'বীরায়' প্রভুঃ ; 'প্রাসাদাৎ' পশ্যতি ; আ 'পাটলিপুত্রাৎ' ; 'উপদেশাৎ' ধার্ম্মিকঃ ; 'বালকস্য' গমনম্ ; 'ধনং' প্রযচ্ছন্ ; শিষ্যেণ 'পুস্তকস্য' পাঠঃ ; 'রামাৎ' পূর্ব্বম্ ; 'কষ্টেন' রোদিতি ; 'চক্ষুষা' পশ্যতি ; 'ব্রাহ্মণায়' সুখম্ ; 'বিনাশায়' দুষ্কৃতাম্ ; অলম্ অতি-'যন্ত্রণয়া'। 'গ্রামং গন্তুম্ ; 'সহায়েন' বিনা ;

'রামাদ্' আরাৎ ; 'কৃচ্ছ্রাৎ' আগতঃ 'বিদ্যয়া' হীনঃ ; কোঽর্থঃ জাতেন 'পুত্রেণ' ; 'স্বভাবেন' সুন্দরঃ ; ধিগ্ 'ইমাম্' ; 'কাননং' সর্ব্বতঃ ; 'কোকিলৈঃ' কৃতম্ ; 'চন্দ্রমসং' তুদমানঃ রাহুঃ ; 'ময়া' স্থিতম্ ; 'মুনীনাং' সমাদৃতঃ ; নাগ্নিস্তৃপ্যতি 'কাষ্ঠৌঘৈঃ' ; 'ভর্ত্তুঃ' স্মরসি রসিকে ; 'ভূতানি' দয়ন্তে সাধবঃ ; 'মদ্' অন্তিকে ; অনেন 'হেতুনা' ; 'নিদ্রায়াম্' উৎসুকঃ ; 'সৌধস্য' দূরেণ ; 'তত্র' সাক্ষী ; 'সরসি' স্থিতম্ ; 'যত্নে' কৃতে ; 'পর্ব্বতানাং' হিমালয়ঃ শ্রেষ্ঠঃ ; 'কলিঙ্গেষু' অধীশ্বরঃ ; 'গৃহং' যাস্যন্ ; 'বারি' পিপাসুঃ ; 'অর্থং' গৃধ্নুঃ ; 'অগ্রহায়ণাৎ' পূর্ব্বম্ ; 'বলিঃ' ইতি খ্যাতঃ ; 'প্রকাশং' ক্রতে ; যাবৎ 'চন্দ্রদিবাকরৌ ; 'পঞ্চক্রোশান্' কাশী ; 'তুভ্যম্' স্বস্তি ।

---

# LESSON II

## Order

2. ইংরাজীতে Syntax, Order, Concord এবং Government এই তিন ভাগে বিভক্ত। একটি sentence এর মধ্যে ভিন্ন ভিন্ন শব্দ সকলের বিন্যাসপ্রণালী শিক্ষা দেওয়াই Order এর উদ্দেশ্য। Ráma saw the moon, রাম চন্দ্র দেখিয়াছিলেন ; Order অনুসারে Ráma (Nominative) প্রথমে, saw (Transitive verb) কর্ত্তার পরে, এবং moon (Object) সকর্ম্মক ক্রিয়ার পরে স্থাপিত হইয়াছে। যদি এই order এর পরিবর্ত্তন করা যায়, তাহা হইলে, সঙ্গে সঙ্গে অর্থেরও প্রভেদ পরিলক্ষিত হয় এবং বিন্যাসবিশেষে ঐ sentence এ কোনও অর্থ প্রকাশ করিতে পারে

না। কিন্তু সংস্কৃত ভাষায় এরূপ কোন নিয়ম নাই। 'Ráma saw the moon'—ইহার সংস্কৃতে অনুবাদ, 'রামঃ চন্দ্রম্ অপশ্যৎ।' এই বাক্যের পদগুলি যেরূপেই স্থাপিত হউক না কেন, তাহাতে কোন অর্থবিপর্য্যয় ঘটিবে না; 'রামঃ চন্দ্রমপশ্যৎ,' 'চন্দ্রং রামঃ অপশ্যৎ,' 'অপশ্যৎ রামঃ চন্দ্রম্,' 'রামঃ অপশ্যৎ চন্দ্রম্' ইত্যাদি সকল বাক্যই একার্থক, কাহার সহিত কাহারও অর্থবৈষম্য নাই। কারণ, সংস্কৃত ভাষায় বিভক্তির আধিক্যবশতঃ পদগত বিভক্তি দ্বারা বাক্য-সমূহের একপ্রকার অর্থই সূচিত হইতেছে; ব্যস্তভাবে বিন্যস্ত হইলেও, পদসমূহের কোন অর্থবৈষম্য ঘটিতেছে না বলিয়া, পদ-সমূহের সমষ্টিভূত বাক্যনিচয়েরও কোন অর্থবৈলক্ষণ্য হইতেছে না; প্রত্যুত, সকলই একার্থেরই সূচনা করিতেছে। সুতরাং, ইংরাজী ভাষার ন্যায়, সংস্কৃত ভাষায় Order এর তাদৃশী প্রয়োজনীয়তা দৃষ্ট হয় না। তবে, অন্যান্য বাক্য অপেক্ষা, 'রামঃ চন্দ্রমপশ্যৎ', এই বাক্যের অর্থ অধিকতম সুগম বলিয়া, প্রথমে কর্ত্তা, পরে কর্ম্ম ও শেষে ক্রিয়া, এই নিয়মই অনুবাদে প্রশস্ততম। অতঃপর অনুবাদে পদবিন্যাসবিষয়ে কতকগুলি সাধারণ নিয়ম প্রদত্ত হইতেছে।

3. বিশেষ্য ও সর্ব্বনাম পদের পূর্ব্বেই তদীয় গুণবাচক বিশেষণ পদের স্থান। যথা, তস্য কোটরে 'গলিতনখনয়নো' 'জরদ্গবনামা' গৃধ্রঃ নিবসতি। 'সংবৃতমন্ত্রস্য' 'গূঢ়াকারেঙ্গিতস্য' চ তস্য প্রারম্ভাঃ ফলানুমেয়াঃ আসন্। কিন্তু যদি বিশেষণ predicative হয়, তাহা হইলে, উহা বিশেষ্যাদির পরেই বসিবে। যথা, অহং 'স্নানশীলো দাতা বৃদ্ধো গলিতনখদন্তঃ' ন কথং বিশ্বাসভূমিঃ।

4. Pronominal adjective ও Qualitative adjective এর মধ্যে Pronominal adjectiveই সামান্যতঃ পূর্ব্বে স্থাপিত হয়। যথা, 'তস্যাম্' অতিদারুণায়াম্ নিশায়াম্। কখন কখন Qualitative adjective ও পূর্ব্ববর্ত্তী হয়। যথা, 'যূনা' অনেন পার্থিবেন সহ।

5. উদ্দেশ্য ও বিধেয় (what is attributed), এই দুই এর মধ্যে, উদ্দেশ্য বিধেয়ের পূর্ব্বে ব্যবহৃত হয়। যথা, গুণাঃ পূজা-স্থানম্; সম্পদঃ; পদমাপদাম্। কোনো কোনো স্থলে ইহার ব্যতিক্রমও দেখা যায়। যথা, আসীৎ 'আদর্শঃ' সর্ব্বশাস্ত্রাণাম্, 'উৎপত্তিঃ' কলানাং রাজা শূদ্রকো নাম। 'প্রিয়সুহৃন্'মে চিত্রগ্রীবঃ সমায়াতঃ।

6. ষষ্ঠীবিভক্ত্যন্ত পদ (genitive) বিশেষ্য পদের পূর্ব্বে ব্যবহৃত হয়। যথা, 'রঘূণাম্' অন্বয়ং বক্ষ্যে। 'জগতঃ' পিতরৌ বন্দে। বিশেষ্যপদের বিশেষণ থাকিলে, তাহা সম্বন্ধপদের পূর্ব্বে প্রযুক্ত হয়। যথা, 'অয়ম্' অস্যাঃ দেব্যাঃ সন্তাপঃ।

7. সম্বোধনপদ বাক্যের প্রথমেই ব্যবহৃত হয়। যথা, 'সখে পুণ্ডরীক', নৈতৎ ভবতোঽনুরূপম্। 'স্বামিন্', কিমনেন সকল-মৃগবধেন।

8. উপাখ্যানে (in narrative) 'অস্'ধাতু-নিষ্পন্ন পদ, এবং অবধারণ (emphasis) বুঝাইলে, ক্রিয়াপদ বাক্যের প্রথমে প্রযুক্ত হয়। যথা, 'অস্তি' মগধদেশে চম্পকবতী নামারণ্যানী। 'কৃতং' ত্বয়া রামসদৃশং কর্ম্ম।

(a) 'অস্'ধাতু-নিষ্পন্ন পদের পরেই অধিকরণে সপ্তমী-বিভক্ত্যন্ত পদের ব্যবহার হয়; অন্যত্র, উহা প্রায়ই বাক্যের প্রারম্ভে ব্যবহৃত হয়। যথা, অস্তি মগধদেশে &c.; 'সরস্তীরে' ক্রূতে; 'যৌবন-দশায়াম্' অতিদুর্বৃত্তোঽভূবম্।

9. অপি, কিম্, কথম্, নন্থু প্রভৃতি প্রশ্নসূচক অব্যয় বাক্যের প্রারম্ভে ব্যবহৃত হয়। যথা, অপি কুশলী তে গুরুঃ? 'কথং' শাস্ত্রাণাং পরিচয়ঃ? অপি প্রভৃতির উল্লেখ না থাকিলে, ক্রিয়াপদ বাক্যের প্রথমে স্থাপিত হয়। যথা, 'স্মরসি' বা তাতম্।

10. এব, নাম, কিল, খলু, হি প্রভৃতি নিশ্চয়সূচক (emphatic) অব্যয়গুলি যে পদের emphasis প্রকাশ করে তাহারই সহিত ব্যবহৃত হয়। যথা, অতএব খলু নির্ব্বন্ধঃ! কে নাম পাকাভিমুখস্য জন্তোর্দ্বারাণি দৈবস্য পিধাতুমীষ্টে? ঈশ্বর-দেশিতং হি জগৎ!

11. হণ্ডে, হঞ্জে, হলা, অয়ি, অয়ে, ভোঃ ইত্যাদি সম্বোধনসূচক এবং হা, হন্ত, বত, অহো ইত্যাদি শোকাদি-সূচক অব্যয়গুলি বাক্যারম্ভে ব্যবহৃত হয়। যথা, হলা মদলেখঃ অস্মৈ ক্রিয়তাম্। অয়ি কিমন্বেষ্টব্যম্? ভো জগদীশ! হা আর্য্য-পুত্র, কুত্র অসি! হন্ত বর্দ্ধতে তে সংরম্ভঃ! অহো সুশ্লিষ্টোঽভূদয়ং প্রয়োগঃ!

12. অথবা, অথ, অপিচ, কিঞ্চ ইত্যাদি অব্যয়গুলি সাধারণতঃ বাক্যের প্রারম্ভে, এবং চ, বা, তু, হি ইত্যাদি সততই বাক্যের মধ্যে বা শেষে ব্যবহৃত হয়। যথা, অথবা সাধ্বিদমুচ্যতে। অথ প্রভাতে

প্রজানামধিপঃ ধেনুং মুমোচ। ব্যাঘ্রেণ ব্যাপাদিতঃ খাদিতশ্চ। আপৎকালেহ্যপস্থিতে। (১)

---

## EXERCISE

*Arrange the* Padas *in each sentence, according to the above rules* :—

শৃণুত পণ্ডিতাঃ ভোঃ; উপলক্ষিতং সত্যং ভবতা বৎস; পাদৌ প্রণিপত্য পিতুঃ আহ; স্বভাবঃ তথা অতিরিচ্যতে এব; নামধেয়ং তে কিম্; পর্কটী মহান্ বৃক্ষঃ ভাগীরথীতীরে অস্তি; বালঃ কঃ এষঃ তাত; রাজা অভূতপূর্ব্বঃ চিন্তামণিঃ অভূৎ নাম; পিতা তে বর্ত্ততে 'অপি' (interrogative); হীয়তে তাত মতিঃ হি; বর্ত্তেত মিত্রেষু কথম্; এব চ রক্ষতি হন্তি আত্মা; মৃগকাকৌ নিবসতঃ তস্যাম্; শকুন্তলাদর্শনে 'অপি' (interrogative) কুতূহলং অস্তি; আজ্ঞাপয়ন্তি কিম্; সিদ্ধার্থো স্বঃ; কিং বহুনা বয়স্য; খলু ন অবগচ্ছামি; ন তে গন্তুং যুক্তং হলা; মাংসং আঃ কথম্ এতৎ ভক্ষয়ামি সুললিতম্; মৃগঃ হৃষ্টপুষ্টাঙ্গঃ ভ্রাম্যন্ দৃষ্টঃ; হিরণ্যকঃ মূষিকরাজঃ মিত্রম্ বসতি চিত্রবনে; নিশা তস্য অতিচক্রাম চিন্তয়তঃ; আসীৎ নাম নলঃ বীরসেনসুতঃ রাজা বলী; বংশে নির্গুণে অস্মিন্ নাপত্যং জায়তে।

---

(১) উপরি লিখিত নিয়মগুলি সাধারণ, অর্থাৎ সর্ব্বত্র তদনুসারে কার্য্য হয় না। সুতরাং অনুবাদের অর্থ সুগম ও অসন্দিগ্ধ এবং রীতি (style) শ্রুতিমধুর হইলে, নিয়মের ব্যতিক্রমপূর্ব্বক পদবিন্যাস করা দূষণীয় হয় না।

# LESSON III

## Concord and Government

13. ইংরাজী ভাষায় Concord প্রধানতঃ দুইভাগে বিভক্ত; (1) Concord of Subject and Verb, (2) Concord of Pronouns and their Antecedents. ইংরাজীতে Substantive ও Adjective এর Concord নাই, অর্থাৎ substantive এর gender ও number অনুসারে adjective এর রূপভেদ হয় না। কিন্তু সংস্কৃতে সেরূপ নহে; সংস্কৃতে substantiveএর যে gender ও যে number হয়, adjectiveএরও সেই gender সেই number হয়। A simple boy, সরলো বালকঃ; simple girls, সরলাঃ বালাঃ; simple mind, সরলং মনঃ; সকলস্থলেই adjective 'simple' অপরিবর্ত্তিতভাবে 'boy', 'girls' ও 'mind' কে qualify করিতেছে; কিন্তু অনুবাদে প্রযুক্ত বিশেষণ 'সরল' ভিন্ন ভিন্ন আকারে 'বালক', 'বালিকা' ও 'মন'এর গুণপ্রকাশ করিতেছে, অর্থাৎ লিঙ্গভেদে ও বচনভেদে বিশেষণের রূপভেদ ঘটিয়াছে; সুতরাং, subject ও verb, pronoun ও antecedent এবং substantive ও adjective ভেদে, সংস্কৃতের Concord তিন ভাগে বিভক্ত।

Government কারকের অন্তর্ভূ'ত। Parts of Speechএর সহিত যথাস্থানে ইহাদের উল্লেখ করা যাইবে।

---

# PART II

## Parts of Speech

14. ইংরাজী ভাষার শব্দমালা আট ভাগে বিভক্ত ; Noun, Pronoun, Adjective, Verb, Adverb, Preposition, Conjunction এবং Interjection. কিন্তু সংস্কৃতভাষায় বিশেষ্য, বিশেষণ, সর্ব্বনাম, অব্যয় ও ক্রিয়া সর্ব্বশুদ্ধ এই পাঁচটী Parts of Speech আছে। ইংরাজীর Noun, Pronoun, Adjective ও Verb কে সংস্কৃত ভাষায় যথাক্রমে বিশেষ্য, সর্ব্বনাম, বিশেষণ ও ক্রিয়া কহে ; আর Adverb, Conjunction ও Interjection অব্যয় নামে অভিহিত হয়। Preposition এর ন্যায় সংস্কৃতে ভিন্ন কোন Part of Speech নাই ; প্রতি, বিনা, ঋতে ইত্যাদি অব্যয়, বিভক্তি ও সমাস দ্বারা সংস্কৃতে Preposition এর কার্য্য সম্পন্ন হয় ( See Sec. 240 )। নিম্নে Noun, Pronoun প্রভৃতির বিশেষ বিবরণ এবং তাহাদের Phrase ও Idiom সকলের অনুবাদপ্রণালী বিবৃত হইতেছে।

---

## LESSON I

# Nouns

15. ইংরাজীতে যেমন Noun এর Gender, Number, Person এবং Case আছে, সংস্কৃত ভাষায়ও সেইরূপ বিশেষ্যপদের লিঙ্গ, বচন, পুরুষ ও কারক আছে।

# I. Gender (লিঙ্গ)

16 শব্দের অর্থানুসারেই ইংরাজী ভাষার শব্দসমুদায়ের Gender নিরূপিত হয়; কিন্তু সংস্কৃতে সেরূপ নহে, অর্থাৎ যে শব্দ যাহার বাচক, তাহার লিঙ্গানুসারে সংস্কৃতশব্দ-মালার লিঙ্গনির্ণয় হয় না; শব্দেরই লিঙ্গ নির্দ্দেশ করিতে হয়। সুতরাং, ইংরাজী শব্দসমূহের লিঙ্গনির্ণয় অপেক্ষা সংস্কৃত শব্দসমূহের লিঙ্গনির্দ্ধারণ নিতান্ত দুষ্কর। ইংরাজীতে 'wife' feminine, কিন্তু সংস্কৃত ভাষায় তদর্থবাচক 'দার' শব্দ পুংলিঙ্গ, 'কলত্র' ক্লীবলিঙ্গ এবং 'ভার্য্যা' স্ত্রীলিঙ্গ; 'stone' neuter, কিন্তু 'পাষাণ' পুংলিঙ্গ, 'শিলা' স্ত্রীলিঙ্গ; এইরূপ লিঙ্গবৈষম্যের যথেষ্ট উদাহরণ আছে। কোন কোন স্থানে উভয় ভাষার একার্থক শব্দসমুদায়ের লিঙ্গসাম্যও দৃষ্ট হয়। 'Water' এবং 'জল' 'অম্বু' 'বারি' ও 'সলিল' সকলগুলিই ক্লীবলিঙ্গ। সুতরাং, ইংরাজী শব্দের ন্যায় সংস্কৃত শব্দের লিঙ্গনির্ণয় হয় না; অভিধানে যাহার যে লিঙ্গ নিরূপিত আছে, তাহার সেই লিঙ্গেই প্রয়োগ করিতে হয়। এইজন্য নিম্নে লিঙ্গানুশাসন হইতে, লিঙ্গনির্ণয়ার্থ কতিপয় সাধারণ নিয়ম উদ্ধৃত হইল।

---

## i Masculine (পুংলিঙ্গ)

(a) ভাববাচ্যে ঘঞ্ ও অল্ প্রত্যয়ান্ত শব্দ সকল পুংলিঙ্গ। যথা, ভাবঃ, রাগঃ, জয়ঃ, উদয়ঃ ইত্যাদি। বর্ষ, মুখ, ভয় ও পদ

শব্দ ক্লীবলিঙ্গ। ঘঞন্ত ও অনন্ত শব্দের পুংলিঙ্গে রূপ 'নর'বৎ এবং ক্লীবলিঙ্গে রূপ 'ফল'বৎ।

(b) 'ন' প্রত্যয়ান্ত শব্দ পুংলিঙ্গ; রূপ 'নর'বৎ। যথা, যজ্ঞঃ, স্বপ্নঃ, যত্নঃ, প্রশ্নঃ। যাচ্ঞা ও তৃষ্ণা শব্দ স্ত্রীলিঙ্গ; রূপ 'লতা'বৎ।

(c) 'কি'প্রত্যয়ান্ত শব্দ পুংলিঙ্গ; রূপ 'মুনি'বৎ। যথা, নিধিঃ, বিধিঃ, অন্তর্ধিঃ, সন্ধিঃ। 'ইষুধি' শব্দ পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ; স্ত্রীলিঙ্গে রূপ 'মতি'বৎ।

(d) 'রু' প্রত্যয়ান্ত শব্দ পুংলিঙ্গ; রূপ 'সাধু'বৎ। যথা, মেরুঃ, শত্রুঃ। অশ্রু, শ্মশ্রু, দারু ও জত্রু (কণ্ঠপার্শ্বস্থ অস্থিযুগল) ক্লীবলিঙ্গ; রূপ 'মধু'বৎ।

(e) 'তৃ' ও 'অথু' প্রত্যয়ান্ত শব্দ পুংলিঙ্গ; রূপ 'সাধু'বৎ। যথা, ধাতুঃ, ঋতুঃ, বেপথুঃ, বমথুঃ। জতু (জৌ) ও বস্তু ক্লীবলিঙ্গ; রূপ 'মধু'বৎ।

(f) 'ইমন্'প্রত্যয়ান্ত শব্দ পুংলিঙ্গ; রূপ 'লঘিমন্'-বৎ। যথা, মহিমা, গরিমা, দ্রাঘিমা। 'মহামহিমন্'-প্রভৃতি ইমন্‌ভাগান্ত বহুব্রীহিসাধিত শব্দসকল পুংলিঙ্গের বিশেষণ হইলে, 'লঘিমন্'শব্দ-বৎ, স্ত্রীলিঙ্গের বিশেষণ হইলে, 'নদী'বৎ এবং ক্লীবলিঙ্গের বিশেষণ হইলে 'ধামন্'বৎ রূপ প্রাপ্ত হয়।

(g) অগ্নি, চন্দ্র, সূর্য্য, বায়ু, পর্ব্বত, সমুদ্র ও বৃক্ষ-পর্য্যায়ের শব্দ পুংলিঙ্গ। এই সকল পর্য্যায়ের মধ্যে অকারান্ত শব্দ 'নর'বৎ, ইকারান্ত 'মুনি'বৎ, উকারান্ত 'সাধু'বৎ, ইন্‌ভাগান্ত 'গুণিন্'বৎ এবং অস্‌ভাগান্ত 'বেধস্'বৎ রূপ প্রাপ্ত হয়।

(h) স্বর্গপর্য্যায় শব্দ পুংলিঙ্গ; রূপ 'নর'বৎ। ত্রিপিষ্টপ ও দিব শব্দ ক্লীবলিঙ্গ; রূপ 'ফল'বৎ; দিব্ শব্দ স্ত্রীলিঙ্গ; স্বর্ শব্দ অব্যয়, সকল বিভক্তিতেই একরূপ থাকে।

(i) মেঘপর্য্যায় শব্দ পুংলিঙ্গ; রূপ 'নর'বৎ। 'অভ্র' শব্দ ক্লীবলিঙ্গ; রূপ 'ফল'বৎ।

(j) সপ্ত দিন, মাস, রক্তাদি বর্ণ, শৃঙ্গারাদি রস, স্বর ও কালের বাচক এবং কল্পপর্য্যায়ের শব্দ পুংলিঙ্গ। রূপ অকারান্ত হইলে, 'নর'বৎ; ইকারান্ত হইলে, 'মুনি'বৎ; উকারান্ত হইলে 'সাধুবৎ'; বেলা (কালবাচক) স্ত্রীং; রূপ 'লতা'-বৎ।

(k) ঋতুবাচক শব্দ পুংলিঙ্গ; শরদ্ ও বর্ষা স্ত্রীং। রূপ, শরদ্ 'আপদ্'বৎ, বর্ষা 'লতা'বৎ, মধু 'সাধু'বৎ।

(l) বৎসরপর্য্যায় শব্দ পুংলিঙ্গ; শরদ্ ও সমা স্ত্রীলিঙ্গ। সমা 'লতা'বৎ।

(m) শব্দ, গর্ব্ব, হস্ত, গণ্ড, ওষ্ঠ, কণ্ঠ, কেশ ও নামের বাচক শব্দ পুংলিঙ্গ।

(n) তরঙ্গপর্য্যায় শব্দ পুংলিঙ্গ। ঊর্ম্মি ও বীচি স্ত্রীং; রূপ 'মতি'বৎ।

(o) খড়্গ, বাণ, দেবযোনি (১), মনুষ্য, পশু, পক্ষী, সর্প, মৎস্য, কচ্ছপ, কুম্ভীর ও ভেকের বাচক শব্দ পুংলিঙ্গ।

---

(১) "বিদ্যাধরোঽপ্সরোযক্ষরক্ষোগন্ধর্ব্বকিন্নরাঃ। পিশাচো গুহ্যকঃ সিদ্ধো ভূতোঽমী দেবযোনয়ঃ॥" ইহাদের মধ্যে 'রক্ষঃ' শব্দ ক্লীবলিঙ্গ ও 'অপ্সরস্' শব্দ স্ত্রীলিঙ্গ।

(p) কায়পর্য্যায় শব্দ পুংলিঙ্গ; দেহ পুং ক্লীং; রূপ 'নর' ও 'ফল'-বৎ। মূর্ত্তি, তনু, তনূ স্ত্রীং; মূর্ত্তি 'মতি'বৎ, তনু 'ধেনু'বৎ ও তনূ 'বধূ' বৎ।

(q) চন্দ্র ও সূর্য্যের কিরণপর্য্যায় শব্দ পুংলিঙ্গ। রূপ, অকারান্ত হইলে, 'নর'বৎ, ইকারান্ত হইলে, 'মুনি'বৎ এবং উকারান্ত হইলে, 'সাধু'বৎ। কৌমুদী ও জ্যোৎস্না স্ত্রীং; কৌমুদী 'নদী'বৎ, জ্যোৎস্না 'লতা'বৎ। দীধিতি স্ত্রীং; মরীচি স্ত্রীং, পুং; রূপ, স্ত্রীলিঙ্গে 'মতি'বৎ। পুংলিঙ্গে 'মুনি'বৎ।

(r) দার, অক্ষত, লাজ, প্রাণ, ও অসু শব্দ পুংলিঙ্গ। দার-প্রভৃতির রূপ 'নর'বৎ, অসু-শব্দের রূপ 'সাধু'বৎ।

(s) সমাসনিষ্পন্ন রাত্র, অহ্ন, ও অহ-ভাগান্ত শব্দ পুংলিঙ্গ। যথা, সর্ব্বরাত্রঃ, পুণ্যরাত্রঃ, সর্ব্বাহ্নঃ, পরমাহঃ, দ্ব্যহঃ। সংখ্যাবাচক শব্দের পরস্থিত 'রাত্র' এবং 'পুণ্য' শব্দের পরস্থিত 'অহ' শব্দ ক্লীবলিঙ্গ। যথা, দ্বিরাত্রম্, পুণ্যাহম্।

---

## ii. Feminine ( স্ত্রীলিঙ্গ )

(a) সন্-আদি-প্রত্যয়নিষ্পন্ন ধাতুর উত্তর বিহিত অ এবং অন প্রত্যয় দ্বারা সিদ্ধ শব্দ এবং তা ও যক্ প্রত্যয়ান্ত শব্দ স্ত্রীলিঙ্গ; রূপ 'লতা' বৎ। যথা, জিগীষা, তপস্যা, কণ্ডূয়া, ভাবনা, যাতনা, দেবতা, শয্যা, বিদ্যা, মৃগয়া।

(b) ক্তিন্ ও আনি প্রত্যয়ান্ত শব্দ স্ত্রীলিঙ্গ ; রূপ 'মতি'বৎ। যথা, গতিঃ, স্থিতিঃ, ধরণিঃ, অবনিঃ, শরণিঃ। 'অশনি' শব্দ পুং ও স্ত্রীং ; রূপ, পুংলিঙ্গে 'মুনি'বৎ ও স্ত্রীলিঙ্গে 'মতি'বৎ।

(c) একোনবিংশতি হইতে নবনবতিপর্য্যন্ত সংখ্যাবাচক শব্দগুলি স্ত্রীলিঙ্গ ; উহারা তি-ভাগান্ত হইলে 'মতি'বৎ এবং অৎ-ভাগান্ত হইলে 'ভূভৃৎ'বৎ রূপ প্রাপ্ত হয়।

(d) লজ্জা, লতা, শোভা, পৃথিবী, রাত্রি, নদী, শ্রেণী ও বিদ্যুৎ-পর্য্যায়ের শব্দ সকল স্ত্রীলিঙ্গ। ইহাদের মধ্যে আকারান্ত শব্দের রূপ 'লতা'বৎ, ইকারান্ত শব্দের রূপ 'মতি'বৎ, ঈকারান্ত শব্দের রূপ 'নদী'বৎ ; বিদ্যুৎ 'ভূভৃৎ'বৎ রূপ প্রাপ্ত হয়।

(e) প্রতিপদ্-প্রভৃতি তিথিবাচক শব্দ সকল স্ত্রীলিঙ্গ। উহারা আকারান্ত হইলে 'লতা'বৎ ও ঈকারান্ত হইলে 'নদী'বৎ রূপ প্রাপ্ত হয়। প্রতিপদ্ 'আপদ্'বৎ।

(f) অপ্, অপ্সরস্, জলৌকস্ ও সিকতা শব্দ স্ত্রীলিঙ্গ। অপ্সরস্ ও জলৌকস্ শব্দের রূপ 'বেধস্'বৎ ও সিকতা শব্দের রূপ 'লতা'বৎ।

---

## iii. Neuter ( ক্লীবলিঙ্গ )

(a) করণ ও অধিকরণবাচ্যে অনট্ ও ভাববাচ্যে অন প্রত্যয়ান্ত শব্দ ক্লীবলিঙ্গ ; সকলেরই রূপ 'ফল'বৎ। যথা, নয়নম্ স্থানম্, ভবনম্, প্রেরণম্, শোধনম্।

(b) ভাবার্থে ষ্ণ, ষ্ণ্য ও ত্ব, সমূহার্থে কণ্ ও ষ্ণ এবং

ভাববাচ্যে ত (ক্ত), তব্য, অনীয় ও য প্রত্যয়ান্ত শব্দ ক্লীবলিঙ্গ; সকলেরই রূপ 'ফল'বৎ। যথা, লাঘবম্, লাবণ্যম্, মধুরত্বম, রাজন্যকম্, ভৈক্ষম্, গতম্, গন্তব্যম্, গমনীয়ম, স্থেয়ম্।

(c) ত্র ও ইত্র প্রত্যয়ান্ত শব্দ ক্লীবলিঙ্গ; রূপ 'ফল'বৎ। যথা, নেত্রম্, দাত্রম্, চরিত্রম্, খনিত্রম্। 'অমিত্র' এবং সূর্য্য অর্থে 'মিত্র' শব্দ পুংলিঙ্গ, রূপ 'নর'বৎ।

(d) ইস্ প্রত্যয়ান্ত শব্দ ক্লীবলিঙ্গ; রূপ 'হবিস্'বৎ। যথা, সর্পিঃ। আশিস্ স্ত্রীং এবং অর্চ্চিস, স্ত্রীং ক্লীং; স্ত্রীলিঙ্গ 'অর্চ্চিস্' শব্দের রূপ 'আশিস্'বৎ।

(e) অস্ ও উস্ প্রত্যয়ান্ত শব্দ ক্লীবলিঙ্গ; অসন্ত শব্দের রূপ 'পয়স্'বৎ এবং উসন্ত শব্দের রূপ 'চক্ষুস্'বৎ। যথা, যশঃ, মনঃ, রক্ষঃ, ধনুঃ। শ্রাবণ-অর্থে 'নভস্', মাঘ-অর্থে 'তপস' এবং 'বেধস্' ও 'পুরোধস' শব্দ পুংলিঙ্গ; সকলেরই রূপ 'বেধস্'বৎ।

(f) আকাশ, গৃহ, রক্ত, জল ও মুখের বাচক শব্দ ক্লীবলিঙ্গ।

(g) বনবাচক শব্দ ক্লীবলিঙ্গ; সকলেরই রূপ 'ফল'বৎ 'অটবী' শব্দ স্ত্রীলিঙ্গ রূপ 'নদী'বৎ।

(h) ধনবাচক শব্দ সকল ক্লীবলিঙ্গ। যথা, বিত্তম্, কপর্দ্দকম্। সম্পদ্ স্ত্রীং, রূপ 'আপদ্'বৎ।

(i) যুদ্ধবাচক শব্দসমূহ ক্লীবলিঙ্গ। যথা, আযোধনম্, প্রধনম্, জন্যম্। 'আহব' ও 'সংগ্রাম' পুংলিঙ্গ, রূপ 'নর'বৎ; 'আজি' স্ত্রীং, রূপ 'মতি'বৎ; 'রণ' ও 'সমর' পুং, ক্লীং, রূপ, পুংলিঙ্গে 'নর'বৎ, ক্লীবলিঙ্গে 'ফল'বৎ।

(j) স্বর্ণাদি ধাতু, সুখ, দুঃখ, শুভ, অশুভ, ফল, পুষ্প, হিম, মাংস, নৃত্য, গীত ও বাদ্যের বাচক এবং শতপ্রভৃতি সংখ্যাবাচক, শব্দ ক্লীবলিঙ্গ। জাতি(তী), যূথী, মল্লিকা ইত্যাদি পুষ্পবাচক শব্দ স্ত্রীলিঙ্গ; রূপ, যথাক্রমে 'মতি নদী ও লতা' শব্দের তুল্য; 'কোটি' স্ত্রীং, রূপ 'মতি'বৎ, 'কোটী' শব্দের রূপ 'নদী'বৎ।

(k) সমাহারদ্বন্দ্বে ও অব্যয়ীভাব সমাসে নিষ্পন্ন শব্দ এবং সমাহারদ্বিগু সাধিত যে সকল অকারান্ত শব্দের উত্তর ঈপ্ বিধান হয় না, তাহারা ক্লীবলিঙ্গ। যথা, পাণিপাদম্, অনুদিনম্, ত্রিভুবনম্, চতুর্যুগম্।

Test-Questions :—

লিঙ্গনির্ণয় কর—দেহ, পাদ, পদ, দারু, মধু, শ্বশ্রূ, ইষুধি, জতু, ধাতু, লঘিমা, অনল, গিরি, অব্ধি, মহীরুহ, জলদ, অভ্র, শুক্র (বার), পীত, অদ্ভুত(রস), উদাত্ত, শরৎ, বর্ষা, পাণি, অধর, কুণ্ডল, অসি, শর, মরীচি, অনিল, রবি, ধ্বনি গণ্ড, অহঙ্কার, বিদ্যাধর, রক্ষা, সিংহ, টিট্টিভ, সমর, গগন, শোণিত, কষ্ট, মঙ্গল অশনি, গৃহ, দাত্র, লালিত্য, শ্রবণ, কণ্ডূতি, অমিত্র, মিত্র, অর্চিস্, আহব, পূর্ব্বাহ্ন, পুণ্যাহ, রজস্, লাজ, অশীতি, পিপাসা, অবনি, রজনি, অপ্সরস্, প্রতিপদ্, বারি, সঙ্গীত, প্রতিদিন, মধ্যরাত্র, আসন, ধন, কানন।

---

## II. Number (বচন)

17. ইংরাজী ভাষায় দুইটি Number আছে; Singular এবং Plural. Singular একের এবং Plural দুই বা ততোধিক সংখ্যার

বাচক। কিন্তু সংস্কৃতভাষায়, একবচন দ্বিবচন ও বহুবচন এই তিন বচন ব্যবহৃত হয়। যাহাতে 'একের' বোধ হয়, তাহা একবচন (Singular); যাহাতে 'দুই-এর' বোধহয়, তাহা দ্বিবচন (Dual); আর যাহাতে 'তিন' বা 'ততোধিক' এর বোধ হয়, তাহা বহুবচন (Plural)। যথা, One tree (sing.), বৃক্ষঃ (একব·); two trees (plur.), বৃক্ষৌ (দ্বিব·); trees (plur.), বৃক্ষাঃ (বহুব·)। এইরূপ সর্ব্বত্র।

18. ইংরাজীর Singular এবং Plural number যেমন whole class বুঝায়, সংস্কৃতের একবচনে এবং বহুবচনেও সেইরূপ অর্থেরই প্রতীতি হয়। যথা, A goat or the goat (class), ছাগঃ (জাতিবাচক); goats (class), ছাগাঃ। A 'Bráhmana' is respectable, 'ব্রাহ্মণঃ পূজ্যঃ; 'Bráhmanas' are respectable, ব্রাহ্মণাঃ পূজ্যাঃ; উভয় বচনেই 'ব্রাহ্মণ' শব্দ class বা জাতির বাচক।

19. যুগ, যুগল, মিথুন, দ্বন্দ্ব (all meaning 'a couple') ইত্যাদি শব্দ এবং কন্ (১) প্রত্যয়ান্ত শব্দ একবচনে ব্যবহৃত হয়। যথা, পুত্রয়োঃ যুগম্ বা যুগলম্; কিন্নরয়োঃ মিথুনম্ বা দ্বন্দ্বম্; স্তোত্রাষ্টকম্।

20. সমাহারদ্বিগুসমাস-সাধিত ও সমাহারদ্বন্দ্ব নিষ্পন্ন পদ সকল সর্ব্বদা একবচনে ব্যবহৃত হয়। যথা, পঞ্চমূলী, ত্রিভুবনম্, পাণিপাদম্, হংসসারসম্।

(১) সংখ্যাবাচক শব্দের উত্তর কেবল স্বার্থে বিহিত 'কন্' প্রত্যয়।

21. এক এবং বিংশতি-আদি সংখ্যাবাচক শব্দ সর্ব্বদা এক-বচনে ব্যবহৃত হয়। যথা, একঃ ; পুরুষাণাং বিংশতিঃ ; বালকানাং ত্রিংশৎ ; চূতানাং শতম্।

(a) বিংশতিপ্রভৃতি বিশেষণরূপে ব্যবহৃত হইলেও, এক-বচনান্ত হয়। যথা, বিংশতিঃ পুরুষাঃ ; ত্রিংশৎ বালকাঃ।

(b) 'শত শত', 'সহস্র সহস্র'—এইরূপ অর্থ বুঝাইলে শতাদি সংখ্যাবাচক শব্দ বহুবচনে ব্যবহৃত হয়। যথা, পক্ষিণাং শতানি ( শত শত ), hundreds of birds ; মনুষ্যাণাং সহস্রাণি ( সহস্র সহস্র ) thousands of men.

22. পাত্র, আস্পদ, স্থান, পদ, প্রমাণ, ভাজন ইত্যাদি শব্দ predicate (বিধেয়রূপে ব্যবহৃত) হয়, কিন্তু কর্ত্তৃপদের লিঙ্গ বচনানুসারে উহাদের পরিবর্ত্তন হয় না ; প্রত্যুত, উহারা সততই ক্লীবলিঙ্গ ও এক-বচনান্তই থাকে। যথা, গুণা এব পূজাস্থানম্ ; সম্পদঃ পদমাপদাম্ ; প্রমাণমন্তঃকরণপ্রবৃত্তয়ঃ।

23. দ্বি, উভ, অশ্বিন্, দম্পতি, জম্পতি, জায়াপতি ও স্বরূপ পদদ্বয়ের একশেষদ্বন্দ্ব-নিষ্পন্ন শব্দ দ্বিবচনে ব্যবহৃত হয়। যথা, হংসৌ ( হংসশ্চ হংসী চ )।

24. ত্রি হইতে অষ্টাদশন্-পর্য্যন্ত সংখ্যাবাচক শব্দগুলি বহুবচনান্ত।

25. সম্মান বা গৌরব (respect or reverence) বুঝাইলে, বহুবচনের প্রয়োগ হয়। যথা, শ্রীচরণকমলেষু ; ইতি শ্রীশঙ্করাচার্য্যাঃ।

26. দেশবাচক শব্দ বহুবচনে প্রযুক্ত হয়। যথা, অহং গতঃ কদাচিৎ কলিঙ্গান্, I once went to Kalinga ; কিন্তু 'দেশ' 'বিষয়' ইত্যাদি শব্দের উল্লেখ থাকিলে, একবচনের বিভক্তি ব্যবহৃত হয়। যথা, অস্তি 'মগধদেশে' বা 'মগধবিষয়ে' (১) চম্পকবতী নামারণ্যানী, there is a great forest, Champakavatí by name, in the country of the Magadhas.

27. বংশ বা পরিবার ( race or family) বুঝাইলে, ব্যক্তির নামবাচক বিশেষ্যের বহুত্ব হয়। যথা, রঘূণামন্বয়ং বক্ষ্যে, I will describe the family of Raghu. জনকানাং রঘূণাঞ্চ সম্বন্ধঃ কস্য ন প্রিয়ঃ, to whom is the connection between the families of Raghu and Janaka not dear ?

28. সুমনস্ ( পুষ্পার্থ ), অপ্সরস, সমা, বর্ষা, অপ্, দার, অক্ষত ( আতপতণ্ডুল ), লাজ ( খৈ ), অসু, প্রাণ, দশা (বস্ত্রান্ত), কৃত্তিকা, গৃহ ( পুংলিঙ্গ ), সিকতা ও জলৌকস শব্দ নিত্য বহুবচনান্ত।

Test-Questions :

বচন নির্ণয় কর,—জায়াপতি, বঙ্গ, কলিঙ্গবিষয়, গৃহ, কোকিল ( কোকিল ও কোকিলা ), প্রমাণ, সপ্তদশ, সপ্ততি. শতমূলী, ষট্ক, পঞ্চপাত্র (দ্বিগু), আস্পদ তাতপাদ, নয়নযুগল, গঙ্গাষ্টক, করচরণ, চতুর্যুগ ( দ্বিগু ), লক্ষ ( 'লক্ষ লক্ষ' অর্থে ) উভ, অসু, অশ্মন্ পঞ্চন্, বর্ষা, কোটি ( 'কোটি কোটি' অর্থে ), একোনবিংশতি, দেবপাদ।

(১) অসমস্তভাবে ইহার প্রয়োগ দেখা যায় না।

## III. Person (পুরুষ)

29. ইংরাজী ভাষায় তিন Person ব্যবহৃত হয় ; First person, Second person ও Third person ; সংস্কৃত ভাষায়ও উত্তম পুরুষ (First person), মধ্যমপুরুষ (Second person) এবং প্রথম পুরুষ (Third person), এই তিন পুরুষ আছে। ইংরাজীর I, we ইত্যাদির ন্যায়, সংস্কৃতের অস্মদ্‌শব্দ-নিষ্পন্ন পদ উত্তমপুরুষ, you, thou ইত্যাদির ন্যায় যুষ্মদ্‌শব্দ-নিষ্পন্ন পদ মধ্যমপুরুষ এবং he, she ইত্যাদি Pronoun এবং Nounএর ন্যায়, অস্মদ্‌ ও যুষ্মদ্‌ ভিন্ন সর্ব্বনাম এবং বিশেষ্য প্রথম পুরুষ।

(a) 'ভবৎ' শব্দ, তুমি ও আপনি অর্থে ব্যবহৃত হইলেও, প্রথম পুরুষ এবং প্রথম পুরুষের ক্রিয়া প্রাপ্ত হয়। যথা, আগচ্ছতু (not আগচ্ছ) ভবান্‌, please come.

(b) অত্রভবান্‌, ও তত্রভবান্‌ (masculine) এবং অত্রভবতী ও তত্রভবতী (feminine) সম্মানপ্রদর্শনার্থ বিশেষণরূপে ব্যবহৃত হয়; সুতরাং উহাদের কোন পুরুষ নাই, যখন যে বিশেষ্যের বিশেষণ হয়, তাহারই পুরুষ প্রাপ্ত হয়। যথা, তত্র ভবান্‌ কাশ্যপো ভবভূতির্নাম, the worshipful Kásyapa, Bhavabhúti by name ; ক্ব তত্রভবতী কামন্দকী, where is the worshipful Kámandakí ?

## EXERCISE.

(*a*) *Ascertain the genders of the following words and decline them stating rules for your answers :—*

পাক, আলয়, আশ্রম, রোগ, যত্ন, জলধি, শ্বয়থু, দারু, স্পৃহা, ত্রিসপ্ততি, নিধি, ক্রিয়া, হেম, দ্রাঘিমা, তপন, সাগর, দ্বিষষ্টি, দ্বাদশী, চতুস্ত্রিংশৎ, শরণি, সাধন, পঞ্চপাত্র, চক্ষুঃকর্ণ, কষ্ট, কষ্টি, প্রত্যহ, পঞ্চাহ, গতি, পবিত্র, মৃগয়া, পাত্র, বহিত্র, সর্পিস্, শূন্য, সিকতা, রজঃ, মন্ত্র, তড়িৎ. অমিত্র, চরিত্র, তমঃ, ক্রীড়া, শোণিত, আনন, প্রসূন, লাজ, ব্রততি, সহস্র, পঞ্চরাত্র, অতিরাত্র, ত্র্যাহ, জলৌকস্, বাহু, বিত্ত, প্রবিদারণ, পিশিত, সঙ্গীত, পৌত্রক, বসন্ত, কায়, চোষ্য, অবলেপ, ভঙ্গ, গৌরব, শর, শ্বেত, হায়ন, দর্দ্দর, ভবন, দেবনীয়, ত্র্যশীতি, পীত, জলদ, হুতাশন, অনিল, উপকূল, হস্ত্যশ্ব, শিব ( শুভার্থে ), গিরি, অম্বু, শাখী, ত্রিদিব, কচ, তপন ( সূর্য্য ), রাম, মহত্ত্ব, শুক, কপি, তিত্তিরি, সিংহ।

(*b*) *Correct, if there be any incorrect* Padas *in the following groups :—*

আলয়ঃ, বিংশতয়ঃ, ভয়ঃ ; লতা, কথা সিকতা ; স্বর্ণঃ, বর্ণঃ ; পাণিপাদম্, পাদম্, সম্পদম, প্রতিপদম্ ( তিথি ) ; আকাশম্. প্রকাশম্ ; সিন্ধুঃ, ইন্দুঃ ; রবি, অটবীঃ ; বাণঃ প্রমাণঃ মানঃ, প্রাণঃ ; শত্রুঃ, জত্রুঃ, দারুঃ ; অপ্সরসঃ, পয়সঃ, সুমনসঃ ; লাঘবঃ, ভবঃ, দিবঃ, আহবঃ, শিবঃ (শুভার্থ), তাণ্ডবঃ ; হেম, হিমঃ, মহামহিমঃ ; ভানুনা, ধনুনা ; অসুনা, ইষুণা ; পুণ্যাহঃ, অস্থাহঃ ; দাত্রঃ, মিত্রঃ, অমিত্রঃ, চারিত্র্যঃ ; শোণিতঃ, অক্ষতঃ, পিশিতঃ ; বিভাবসুঃ, অসুঃ, অপ্সুঃ ; মগধঃ, আস্পদঃ, বিপদঃ ; দারঃ, স্বরঃ, করঃ, স্বরঃ ( স্বর্গার্থ), শরঃ ; গভস্তিনা, বিতস্তিনা ; মহিমা, সমা, চন্দ্রমা।

# IV. Case (কারক)

## (Government)

30. ইংরাজী ভাষায় চারিটি Case ; Nominative, Objective, Possessive এবং Vocative ; কিন্তু সংস্কৃতে ছয়টি কারক ব্যবহৃত হয় ; অপাদান, সম্প্রদান, করণ, আধার, কর্ম্ম এবং কর্ত্তা। এই ষট্ কারকের মধ্যে প্রথম পাঁচটি ইংরাজীর Objective case, এবং কর্ত্তৃকারক Nominative case. অতএব ইংরাজীর Objective caseকে সংস্কৃতে অনুবাদ করিতে হইলে, অর্থানুসারে অপাদানাদি পাঁচটি কারকের অন্যতম কারকে করিতে হয়। অপাদান, সম্প্রদান, করণ, আধার ও কর্ম্ম এই পাঁচটিকে Latin ভাষায় যথাক্রমে Ablative, Dative, Instrumental, Locative এবং Accusative কহে। ইংরাজীতে Possessive ও Vocative কারকরূপে ব্যবহৃত হয় বটে, কিন্তু সংস্কৃতে Possessive (সম্বন্ধপদ) এবং Vocative (সম্বোধন) কারক বলিয়া পরিগণিত হয় না কারণ ক্রিয়ার সহিত উহাদের কারকবৎ অন্বয় থাকে না।

---

## Nominative

## ( কর্ত্তা )

31. ইংরাজীর Nominative case সংস্কৃতের কর্ত্তৃকারক। সুতরাং Nominative caseকে অনুবাদ করিতে হইলে, কর্ত্তৃকারকে

প্রথমা বিভক্তি দিয়াই করিতে হয়। যথা, Ráma is ill', 'রামঃ' পীড়িতঃ (ভবতি), 'S'yáma' is a rich man, 'শ্যামো' ধনবান্ (ভবতি)। Nominative 'Ráma' এবং 'S'yáma' প্রথমা বিভক্তিযুক্ত (রামঃ, শ্যামঃ) হইয়া অনূদিত হইয়াছে। এইরূপ সর্ব্বত্র।

(a) 'Has' বা 'Have' এই Verb এর Nominative এর অবিকল সংস্কৃত অনুবাদ হয় না, অর্থাৎ অনুবাদে উহা কর্তৃকারক-রূপে অন্বিত না হইয়া ষষ্ঠ্যন্তপদ বা সম্বন্ধপদ হয়। যথা, 'He' has a ball, 'তস্য' একং গোলকমস্তি ; 'I' have a book, 'মম' একং পুস্তকং বর্ত্ততে।

32. Complementary Nominative (বিধেয়) কে Nominative এর ন্যায় অনুবাদ করিতে হয় অর্থাৎ Nominative এর মত Complementary Nominative ও প্রথমান্ত হয়। যথা, 'Ráma' is a 'boy', 'রামো' 'বালকঃ' (ভবতি)। 'I' am his 'brother', 'অহং' তস্য 'ভ্রাতা' (ভবামি)। (For the omission of 'is', see Sec. 231)

33. Nominative Absolute এর অনুবাদে Locative Absolute এর অর্থাৎ ভাবে সপ্তম্যন্ত পদের প্রয়োগ করিতে হয়। যথা, 'This' being said, he sat down, উক্তে 'অস্মিন্', স উপাবিশৎ ; 'Thou' being the lord, how can mishap befall the subjects ? নাথে 'ত্বয়ি', কুতঃ প্রজানামশুভম্ ? 'This' being the case, 'এবং' সতি।

34. Nominative case in Apposition অনুবাদে Nominativeএর ন্যায় প্রথমান্ত হয়। যথা, Ráma, the 'son' of Das'aratha, killed Rávana, দশরথস্য 'পুত্রো' রামো রাবণং জঘান; Kálidása, 'one' of the nine jewels, wrote Raghu-vamsam, নবরত্নানাম্ অন্যতমঃ কালিদাসঃ রঘুবংশং প্রণিনায়।

Test-Questions :

TRANSLATE INTO SANSKRIT—A poor man had a parrot. Riches are the sources of miseries. He is Ráma, the son of my younger brother. Gopála is a rich man. That speech being finished, Brahmá uttered these words. Have you parents ?

---

## Objective—Accusative

### ( কর্ম্ম )

35. যে সকল Objective case, transitive verb দ্বারা governed হয়, তাহারা সংস্কৃত-অনুবাদে কর্ম্মকারক হয়। কর্ম্ম-কারকে দ্বিতীয়া বিভক্তি হয়। যথা, I see the 'moon', অহং 'চন্দ্রং' পশ্যামি। Ráma got six 'plums', রামঃ ষড় 'বদরাঃ' প্রাপ্নোৎ।

36. 'To' 'Toward' এবং 'Towards' এই তিনটি Preposition দ্বারা যে সকল object governed হয়, তাহারা অনুবাদে দ্বিতীয়ান্ত হয় এবং ঐ দ্বিতীয়ান্ত পদের পরেই 'প্রতি'

অভি' ও 'উপ' এই অব্যয় ব্যবহৃত হয়। যথা, Come to 'me', 'মাম্' অভীহি উপেহি বা। Towards the 'forest,' 'কাননং' প্রতি।

37. 'For' এই Preposition দ্বারা governed 'duration of time' এবং 'space', অনুবাদে দ্বিতীয়ান্ত হয় এবং 'for' এর অনুবাদ করিতে হয় না (১)। যথা, It rained for 'three hours', 'যামং' ববর্ষ দেবঃ। The river is winding for 'two miles', 'ক্রোশং' কুটিলা সা নদী।

(a) যে সকল Adverbial Accusative এবং Preposition, 'time' বা 'space' অর্থ প্রকাশ করে, তাহাদেরও ঐরূপ অনুবাদ করিতে হয়। যথা, The Vindhyas are many 'miles' long, 'ক্রোশান্' আয়তো বিন্ধ্যশৈলঃ। The desert extends over 'two miles' 'ক্রোশং' বিস্তৃতোঽয়ং মরুঃ।

38. 'To name', 'to choose', 'to make', 'to appoint', 'to call', 'to know', 'to consider' প্রভৃতি verb এর complementary objectকে মূল object এর ন্যায় অনুবাদ করিতে হয়। যথা, The people made him their 'king', প্রজাস্তং ভূপতিমকুর্ব্বন্। I appoint you a 'judge', অহং ত্বাং 'বিচারকং' নিয়োজয়ামি ; He calls me a 'fool',

---

(১) হেতু-অর্থে ব্যবহৃত 'For' এর object অনুবাদে তৃতীয়ান্ত ও পঞ্চম্যন্ত হয়। See Sec. 43 (g)

স মাং 'মন্দবুদ্ধিম্' অভিধত্তে। I know him a 'thief', তম্ 'তস্করং' জানে। They consider you (to be) 'Prakriti', ত্বাং 'প্রকৃতিম্' আমনন্তি। I saw him a 'boy', তম্ 'বালকম্' অপশ্যম্। He took the man 'captive', স তং পুরুষং 'বন্দীম্' অকরোৎ।

39. Objective case in Appositionএর অনুবাদ objectএর মত করিতে হয়। যথা, I know Hari the 'brother' of Ráma, রামস্য 'ভ্রাতরং' হরিমহং জানে।

Test-Questions :

TRANSLATE INTO SANSKRIT—Krishna, the son of Vasudeva, killed Kamsa, his maternal uncle. The people appointed him their king. Wait a moment. He is appointed a teacher for three months. A fox ran to a hen. I have seen many beautiful lakes.

---

## Objective—Instrumental

### করণ )

40. যে সকল Objective case, 'agency' বা 'instrumentality' অর্থে ব্যবহৃত 'by', 'with' এবং 'through' এই কয়েকটি Preposition দ্বারা governed হয়, তাহারা অনুবাদে করণ কারক হয়; করণে তৃতীয়া বিভক্তি হয়। যথা, By 'the hand' হস্তেন; With 'club', গদয়া; Through subtilty, চাতুর্য্যেণ, কৈতবেন।

41. 'To carry', 'to bear' প্রভৃতি বহনার্থক verbএর প্রয়োগে আধার (that on which something is carried) এবং 'to swear', 'to take an oath' প্রভৃতি শপথার্থক verbএর প্রয়োগে যাহার নামে শপথ করা যায় ( that in whose name the oath is taken ), তাহা করণ কারক হয়। যথা, He carried the dog on his 'shoulder', স 'স্কন্ধেন' শ্বানমবহৎ; I swear by my tutelary 'goddess', মম 'ইষ্টদেবতয়া' শপে।

42. সমতার্থক 'like', 'equal to', 'similar to' প্রভৃতির এবং বিয়োগার্থক 'separation from' প্রভৃতির প্রয়োগে পরবর্ত্তী object সকলে করণকারকের বিভক্তি হয়। যথা, He is like or equal to 'Kubera' in munificence, স 'ধনদেন' সমস্ত্যাগে ; His face is similar to 'that' of Sítá, তস্য বদনং সীতায়াঃ 'মুখেন' সংবাদি(১) ; Separation from 'lightening', 'বিদ্যুতা' বিপ্রয়োগঃ।

**43. A few other examples :** (a) Go to Oudh 'by this road', "অনেন পথা' অযোধ্যাং যাহি ; (b) In what direction, কতমেন দিগ্‌ভাগেন ; (c) Passing through 'in balloon', 'বিমানেন' বিগাহমানঃ ; (d)

---

(১) সম, তুল্য, সদৃশ প্রভৃতি তুল্যার্থ শব্দের যোগে ষষ্ঠীও হয়। যথা মুখস্য সংবাদি।

'Hari excels Ráma in intelligence', হরিঃ রামং 'বুদ্ধিমত্তয়া' অতিশেতে ; (e) Black 'in colour only' 'বর্ণমাত্রেণ' কৃষ্ণঃ ; (f) He resembles Ráma 'in his voice', 'স্বরেণ' রামম্ অনুহরতি ; (g) 'For your devotion' to your Guru, গুরৌ তে 'ভক্ত্যা' '(ভক্ত্যাঃ)' বা ; (h) Blind 'of (in) one eye', 'চক্ষুষা' কাণঃ, (so, Lame of one leg) ; (i) Ashamed 'of boldness', 'প্রাগল্ভ্যেন' ব্রীড়িতঃ ; (j) Enough 'of prolixity' অলম্ 'অতিবিস্তরেণ', (k) With (সহার্থক) me, 'ময়া' (সহ) ; (l) He plays 'at dice,' 'অক্ষৈঃ' (পাশকৈঃ) স দীব্যতি ।

Test-Questions :

TRANSLATE INTO SANSKRIT—Bricks are powdered with mallets, I swear by my very life. He bore the books on his shoulder. The boy resembles Ráma in his appearance. He is equal to Yudhisthira in patience. He is lame of left leg.

---

## Objective—Dative

## ( সম্প্রদান )

44. ইংরাজীতে 'to give' এই verbএর দুইটি কর্ম্ম থাকে ; কিন্তু সংস্কৃতভাষায় উহার সমার্থক 'দা' ধাতু দ্বিকর্ম্মক নহে ; সুতরাং 'to give' এই verbএর Direct objectকে কর্ম্মকারকে এবং Indirect objectকে সম্প্রদান কারকে অনুবাদ করিতে হয়। সম্প্রদানে চতুর্থী বিভক্তি হয়। যথা, I give 'him' the book,

'তস্মৈ' পুস্তকং তদ্ দদামি। কিন্তু, Haridatta gives 'the washerman' clothes, হরিদত্তো 'রজকস্য' (not রজকায়) বস্ত্রাণি দদাতি; কারণ, স্বস্বত্ব ত্যাগ করিয়া, যাহাকে কিছু দেওয়া যায়, তাহাকেই সম্প্রদান কহে; অন্যথা সম্প্রদান হয় না।

(a) 'To promise' এই verbএরও দুইটী object থাকে, এবং উপরিলিখিত নিয়মানুসারেই ঐ দুই objectএর অনুবাদ হয়। যথা, He promises 'me' a book, স 'মে' পুস্তকমেকং প্রতিশৃণোতি।

45. নিমিত্তবোধক 'For' এই Preposition দ্বারা governed object সকল সম্প্রদান কারকে অনুবাদ করিতে হয়। যথা, Gold for (making) 'kundala', 'কুণ্ডলায়' হিরণ্যম্; He goes to river for 'bathing', স 'স্নানায়' নদীং যাতি।

46. রুচ্যর্থক 'to like', 'to be pleased with' প্রভৃতি verbএর Nominative, স্পৃহার্থক 'to wish for', 'to be desirous of' প্রভৃতির পরস্থিত object (thing wished for), ধারার্থক 'to owe' এই verbএর Indirect object (creditor or to whom something is owed) অনুবাদে সম্প্রদান কারক হয়। যথা, 'Boys like 'sweets', মোদকাঃ 'শিশুভ্যো' রোচন্তে; He wishes for 'wealth' 'ধনায়' স্পৃহয়তি। I owe 'him' a hundred rupees, শতং 'তস্মৈ' ধারয়ামি।

**47. A few other examples:** (a) The father 'is angry' (ক্রুধ্) with his 'son', পিতা 'পুত্রায়' ক্রুধ্যতি; (b) Hate (দ্রুহ্) no 'one',

ন 'কস্মৈচিৎ' অপি ক্রুহ্যতাম্; (c) He envies ( ঈর্ষ্য ) his 'neighbour', স 'প্রতিবেশিনে' ঈর্ষ্যতি; (d) The mother points the moon 'to her boy', মাতা 'পুত্রায়' ( পুত্রম্ ) চন্দ্রং দর্শয়তি; (e) Welcome 'to the queen', 'দেব্যৈ' স্বাগতম্।

Test-Questions :

TRANSLATE INTO SANSKRIT—He gave me one hundred rupees. Satyaván went to forest for cutting fuels. Cats like fish. A poem is composed for fame. I am not desirous of wealth. A good man hates no one. He envies my good luck. The teacher promised him a book.

---

## Objective—Ablative.

### ( অপাদান )

48. যে সকল object বিশ্লেষার্থ ও বিরামার্থ 'From' দ্বারা governed হয়, তাহাদের অপাদান কারকে অনুবাদ হয়। অপাদানে পঞ্চমী বিভক্তি হয়। যথা, Fallen from 'the tree', 'বৃক্ষাৎ' পতিতঃ; Come from 'Prayága', 'প্রয়াগাৎ' আগতঃ; Desist from 'this', 'এতস্মাদ্' বিরম।

49. Comparison বুঝাইলে, যাহার সহিত তুলনা হয় (with reference to which the comparison is made) তাহার অপাদান কারকের বিভক্তি হয়। যথা, There is nothing better than 'truth', ন হি কিঞ্চিদপি 'সত্যাৎ' পরতরং বিদ্যতে

( সত্যাৎ পরতরং ন হি ); Mother is more revered even than 'heaven', জননী 'স্বর্গাদপি' গরীয়সী।

50. ভয়ার্থক 'to fear', 'to be afraid of' প্রভৃতি এবং ত্রাণার্থক 'to protect', 'to save from' প্রভৃতির পরস্থিত object গুলির অপাদান কারক হয়। যথা, I fear no 'one', ন 'কস্মাৎ' অপি বিভেমি ; I am not afraid of 'death', নাহং 'মরণাৎ' ভীতোঽস্মি ; Save Duhs'ásana from 'Bhíma', 'ভীমাৎ' দুঃশাসনং ত্রায়স্ব।

**51. A few other examples :** (a) The Ganges rises or has its source 'in the Himálayas', 'হিমবতো' গঙ্গা প্রভবতি ; (b) Ghee is produced from 'milk', 'দুগ্ধাৎ' ঘৃতং জায়তে ; (c) He is ashamed before his 'teacher', 'গুরোঃ' স লজ্জতে ; (d) He swerves from 'duty', স স্বাধিকারাৎ প্রমাদ্যতি ; (e) A good man shrinks from 'sin', সাধুঃ 'পাপাৎ' বিত্রস্যতি ; (f) He learns from his 'preceptor', 'উপাধ্যায়াৎ'স শিক্ষতে ; (g) He hears Shástras from his 'father', স 'পিতুঃ' শাস্ত্রং: শৃণোতি ; (h) The king collects revenue from his 'subjects', রাজা 'প্রজাভ্যো' বলিং গৃহ্ণাতি ; (i) He acquires knowledge from his 'teacher', স 'শিক্ষকাৎ' জ্ঞানং লভতে ; (j) Prevented from 'sin' 'পাপাৎ' নিবারিতঃ।

Test-Questions :

TRANSLATE INTO SANSKRIT—The rider fell from his horse. This being the case, death is better than living. A good man is afraid of censure. Many rivers rise from the Himálayas.



## Objective—Locative.

### ( অধিকরণ )

52. যে সকল object, 'on', 'upon', 'in', 'at', এবং 'during' এই কয়েকটী Preposition দ্বারা governed হয় এবং আধার (place) সূচনা করে, তাহারা অনুবাদে অধিকরণ কারক হয়। অধিকরণে সপ্তমী বিভক্তি হয়। যথা, He sits on or upon a 'seat', স 'আসনে' উপবিশতি ; In the 'room', গৃহে ; At the door, দ্বারে ; During the day, দিবসে।

53. ইংরাজীতে 'to offend' ও 'to love' সকর্ম্মক হইলেও, উহাদের সমার্থক (corresponding) সংস্কৃত ধাতু 'অপ-রাধ্', ও 'স্নিহ্' অকর্ম্মক ; সুতরাং অনুবাদে উহাদের object সকল কর্ম্ম-কারক না হইয়া, অধিকরণ হয়। যথা, Devaráta offends his 'father', দেবরাতঃ 'পিতরি' অপরাধ্যতি ; I love a bold 'man', 'সাহসিকে' অহং স্নিহ্যামি।

54. 'To be fit for' এবং 'to suit' এই দুই এর পরস্থিত object অনুবাদে অধিকরণসংজ্ঞা প্রাপ্ত হয়। যথা, This is fit for 'you', ইদং 'ত্বয়ি' যুজ্যতে ; The sovereignty of even

**the three worlds** suits 'you', ত্রৈলোক্যস্থাপি প্রভুত্বং 'ত্বয়ি' যুজ্যতে।

55. যে সকল object, Superlative degreeর পরবর্ত্তী 'of' দ্বারা governed হয়, তাহাদিগকে অধিকরণ কারকে অনুবাদ করিতে হয়। যথা, The Bràhmanas are the foremost of all 'castes', 'বর্ণেষু' ব্রাহ্মণঃ শ্রেষ্ঠঃ ; Gopála is the dearest of all 'students,' 'ছাত্রেষু' (সর্ব্বেষু) গোপালঃ শ্রেষ্ঠঃ। (১)

**56. A few other examples :** (a) Struck 'on the head', 'শিরসি' তাড়িতঃ ; (b) Seized 'by the hair', 'কেশেষু' গৃহীতঃ ; (c) Busy 'in household-affairs' ; 'গৃহকর্ম্মসু' ব্যস্তঃ ব্যাপৃতঃ আসক্তঃ ব্যগ্রঃ বা ; (d) Skilful 'in playing at dice', 'দ্যূতে' নিপুণঃ, প্রবীণঃ পণ্ডিতঃ কুশলঃ নৈপুণঃ পটুঃ বা ; (e) Longing 'for sleep', 'নিদ্রায়াম্' (নিদ্রয়া) উৎসুকঃ ; (f) Arrows thrown or darted 'at the deer', 'মৃগেষু' বিক্ষিপ্তাঃ (মুক্তাঃ) শরাঃ ; (g) Love 'for God', 'ঈশ্বরে' প্রেম ; (h) Regard 'for politics', 'রাজনীত্যাং' সমাদরঃ ; (i) Attachment 'to His Majesty Chandragupta', 'দেবে চন্দ্রগুপ্তে' অনুরক্তিঃ ; (j) Be kind 'to me', 'ময়ি' সকরুণো ভব।

**Test-Questions :**

TRANSLATE INTO SANSKRIT—Sages lived in forest. This

(১) পক্ষান্তরে ষষ্ঠীও হয়। যথা, 'ছাত্রাণাং' (সর্ব্বেষাং) গোপালঃ শ্রেষ্ঠঃ।

**student is the best of all. Duryodhana did not love the Pàndavas. I have much regard for literature. Such a rude behaviour does not suit a student.**

---

# Possessive—Genitive.

## ( সম্বন্ধ )

57. ইংরাজীতে Possesive case, "s', 'of' দ্বারা সূচিত হয়। Animate object এ "s' এবং Inanimate objectএ 'of', Possessive caseএর চিহ্ন; সংস্কৃতে সম্বন্ধার্থে কেবল ষষ্ঠী বিভক্তি হয় এবং ইহা দ্বারাই নির্জীব ও সজীব উভয়ের সহিত সম্বন্ধ প্রকাশিত হয়। যথা, 'Ráma's' father or the father 'of Ráma', 'রামস্য' পিতা; A book 'of Music' (Reference meaning of 'of'), 'সঙ্গীতস্য' পুস্তকম্; Coolness 'of water' (Attributive meaning of 'of'), 'সলিলস্য' শৈত্যম্; A leaf 'of a tree' (Partitive meaning of 'of'), 'বৃক্ষস্য' পত্রম্; The city 'of Ujjayiní' (Appositive meaning of 'of'), 'উজ্জয়িনী' নগরী।

58, কখন কখন 'made of' এই অর্থে 'of' ব্যবহৃত হয় এবং অনুবাদে উহার objectএর উত্তর ষষ্ঠী বিভক্তির অথবা তদ্ধিত প্রত্যয়ের প্রয়োগ হয়। যথা, A ring 'of (made of) gold', 'হেম্নঃ', 'হৈমম্' বা অঙ্গুরীয়কম্; A pot 'of (made of) silver', 'রজতস্য', 'রাজতম্' বা পাত্রম্।

**59. A few other examples:** (1) Immitating or resembling his 'smile', তস্য 'স্মিতস্য' সংবাদি; (2) Dear 'to Ráma', 'রামস্য' প্রিয়ঃ; (3) Worthy of, proper to, or befitting 'you' 'ভবতো'হনুরূপম্; (4) A picture 'of the queen', 'মহিষ্যাঃ' 'দেব্যাঃ' বা আলেখ্যম্; (5) A picture 'of the queen's', 'দেব্যাঃ আলেখ্যানাম্' অন্যতমম্; (6) Gone to 'father-in-law's', 'শ্বশুরস্য ভবনং' গতঃ; (7) Fancy's flight কল্পনা-প্রভাবঃ; (8) Mother's love, মাতৃস্নেহঃ; (9) 'A day's' journey, 'দিবাব্যাপি' পর্য্যটনম্; (10) 'A year's' absence, 'বার্ষিকী' অনুপস্থিতিঃ; (11) For mercy's sake, কৃপাবশাৎ; (12) 'Court's' decree, 'ধর্ম্মাধিকরণিকস্য' আদেশঃ; (13) Death's door, যমদ্বারম্, যমসাদনম্; (14) 'A boat's' length, 'তরণ্যাঃ' দৈর্ঘ্যম্; (15) The moon's rising, চন্দ্রোদয়ঃ; (16) The torrent's rage, তরঙ্গতাড়নম্; (17) The lightning's flash, বিদ্যুদ্বিকাশঃ, বিদ্যুদ্বিলাসঃ বা; (18) Morning's rays, প্রভাতকিরণঃ; (19) Fortune's smile, সৌভাগ্যোদয়ঃ; (20) 'Imagination's' range, কল্পনায়াঃ বিষয়ঃ; (21) Melancholy's child, দীনমানসো বালকঃ; (22) Needle's point, সূচ্যগ্রম্; (23) The moon's digit, শশিকলা; (24) The soul's delight, আত্মপ্রসাদঃ; (25) Heaven's wish, ভগবদিচ্ছা; (26) Truth's triumph,

সত্যস্য জয়ঃ ; (27) Ocean's roar, সাগরনির্ঘোষঃ ; (28) Duty's call, কর্ত্তব্যানুরোধঃ ; (29) A stone's throw, শিলাপ্রক্ষেপঃ ।

Test-Questions :

TRANSLATE INTO SANSKRIT--The king gave thousands of cows to the Bráhmanas. This ornament is made of pure gold. This is a picture of the queen's. The king is the protector of men. Ráma killed Rávana, the king of the demons.

---

## Nominative of Address—Vocative.

### ( সম্বোধনপদ )

60. ইংরাজীর Nominative of Address, সংস্কৃতের সম্বোধনপদ ; সম্বোধনে প্রথমা বিভক্তি হয় । যথা, Oh God ! ভো জগদীশ্বর, or বিভো ! Come, darling ! এহি তাত, or জাত !

---

# AN ABRIDGMENT OF CASES IN A TABULAR FORM.

| Case | সংস্কৃত-কারক | Objectives governed by Prepositions, Verbs &c. | সংস্কৃত-বিভক্তি | বাঙ্‌লা-বিভক্তি |
|---|---|---|---|---|
| Noninative | কর্ত্তা | | প্রথমা | • |
| Objective (Accusative) | কর্ম্ম | To, Toward, Towards ; For, Adverbial Accusative, Preposition (time and space). * | দ্বিতীয়া | কে, রে |
| Objective (Instrumental) | করণ | By, With, Through ; To carry on &c., To swear by (শপথার্থক ধাতু) ; Like &c. | তৃতীয়া | দ্বারা, দিয়া, |
| Objective (Dative) | সম্প্রদান | To give ; To promise ; For ; Nominatives to the verbs 'to like' &c., To wish for &c., To owe. | চতুর্থী | কে, রে, য় |
| Objective (Ablative) | অপাদান | From ; Noun or Pronoun preceded by 'than' ; To fear &c., To protect from &c. | পঞ্চমী | হইতে |
| Objective (Locative) | অধিকরণ | In, On, Upon, At, During, Among ; To offend, To love ; To be fit for, to suit ; Of (after Superlative degree). | সপ্তমী | এ, তে, য় |
| Possessive (Genitive) | সম্বন্ধ | 'S, Of (meaning possession) ; Of (meaning 'made of') | ষষ্ঠী | |

* প্রয়োগ ও অর্থের বিষয়ে বিশেষ বিবরণ তত্তৎকারকে দ্রষ্টব্য।

# EXERCISE.

## 1. *Translate into Sanskrit—*

Cultivators cut corns with sickles. These are my toys. He gives me a book. He lives on the bank of the Ganges. His father chides him for his faults. I know him (to be) a knave. Ráma married Sítá, the beautiful daughter of Janaka, the king of Mithilá. On both sides of the road there are beautiful gardens for two miles. I read Nyáya for three years. Yadu is proficient in Mathematics. The virtuous have love for God. During the summar-vacation, I read the book. This rod is made of iron. The Kshatriyas are the most heroic of the four castes. A virtuous man fears nothing but vice. The Narmadá rises from the Vindhya mountain. The boys have gone towords the river.

## 2. *Test and correct, if necessary, the inflexions of the* Padas *in the following sentences—*

শিক্ষকং বেতনং অযচ্ছন্ বালকাঃ। স্বাধিকারে প্রমত্তো যক্ষঃ। কমপি ঋষিমপরাদ্ধঃ শকুন্তলা। কা চিন্তা মরণে রণে। নৈতৎ কর্ম্ম মম যুজ্যতে। দরিদ্রং বস্ত্রং প্রতিশৃণোতি দাতা। অনেন পথেন বিদেহং যাহি। কর্ণস্ত সদৃশো দাতা, যুধিষ্ঠিরেণ তুল্যো ধার্ম্মিকো নাস্তি। স্কন্ধে মাতরমবহৎ ভীমসেনঃ, নকুল-সহদেবৌ চ পাণৌ অগৃহ্লাৎ। ক্রোশেষু বিরাজন্তে দণ্ডকাঃ। রামোঽয়ং দশরথস্ত সুতং, ন তু জমদগ্নিনন্দনম্। কিং ভয়ং মরণে রণে? পুষ্পেষু স্পৃহিতো ভ্রমরঃ। মৈত্রস্ত শতং রূপকান্ ধারয়তি চৈত্রঃ।

---

# LESSON V.

# Pronouns.

**61. Concord of Pronouns and their Antecedents :** ইংরাজীতে যেমন Antecedent এর gender, number ও person এর সহিত Pronoun এর gender, number ও person এর ঐক্য থাকে, অর্থাৎ যেমন Noun যে gender, যে number ও যে person এর হয়, Pronoun এরও সেই gender, সেই number ও সেই person হয়, সংস্কৃতেও সর্ব্বনাম সেইরূপ বিশেষ্যের লিঙ্গ বচন ও পুরুষ প্রাপ্ত হয়। সুতরাং অনুবাদকালে, বিশেষ্য এবং সর্ব্বনামের লিঙ্গ, বচন ও পুরুষের একতা রক্ষা করিয়া Noun ও Pronoun অনুবাদ করিতে হয়। যথা, 'Ràma' is a good boy. 'He' reads well. 'রামঃ সুশীলো বালকঃ। 'সঃ' সুষ্ঠু পঠতি। 'Goutami' was the sister of Kanva. 'She' loved S'akuntalà much. 'গৌতমী' কণ্বস্য ভগিনী আসীৎ। 'সা' শকুন্তলায়াং ভৃশং সিস্নেহ। Some approved of my 'speech,' others, however, censured it; কেচিৎ 'মদুক্তম্' অন্বমন্যন্ত, অপরে পুনঃ 'তৎ' অনিন্দন্।

(a) Antecedent এর case এর সহিত Pronoun এর case এর সাম্য সতত থাকে না, অর্থাৎ অর্থানুসারে উভয়েরই case এর বৈষম্য ঘটিতে পারে। যথা, 'Ràma' is a good boy. I know 'him' well. 'রামঃ' সুশীলো বালকঃ। 'তম'হং সুষ্ঠু জানে।

**62. Personal Pronouns :–I, You, Thou, Ye.**

A. First Person :—'অস্মদ্'শব্দ-নিষ্পন্ন পদ সকল ; I, অহম্ ; 'I', the brother of Ráma, রামস্য ভ্রাতা 'অহম্' ; 'I', who am his brother, তস্য ভ্রাতা 'অহম্' ; We (dual), আবাম্ ; We (plural), বয়ম্ ; By 'me', ময়া, 'মম' সন্নিধৌ or মৎসান্নিধ্যে ; Methinks, Meseems, ইদং মে প্রতিভাতি or ইদং মন্যে ; Woe is me, হা হতোঽস্মি ; He gets a friend in 'me' (in the person of 'me'), সঃ 'মাং' বন্ধুং প্রাপ্নোতি ; Us (dual)—আবাম্, নৌ ; Us (plural)—অস্মান্, নঃ ; My, Mine—মম, মে ; A friend 'of mine', 'মম বন্ধূনাম্' or 'মদ্বন্ধূনাম্' একতমঃ or অন্যতমঃ ; Our, Ours—অস্মাকম্, নঃ ; A picture 'of ours', 'অস্মাকম্ আলেখ্যানাম্' or 'অস্মদালেখ্যানাম্' একতমৎ or অন্যতমম্ ; 'Our' house, 'অস্মাকং' or 'অস্মদীয়ং' ভবনম্ ; 'অস্মদ্'-ভবনম্। (১)

B. Second Person :—'যুষ্মদ্'শব্দ-নিষ্পন্ন পদ ; You (sing.), ত্বম্ ; You (dual), যুবাম্ ; You (plural), যূয়ম্ ; You, the ruffian, দুরাত্মা ত্বম্ ; You, the ruffians (dual), দুরাত্মানৌ যুবাম্ ; You, the ruffians ( plu. ), দুরাত্মানো যূয়ম্ ; You ( obj., sing. ), ত্বাম্ ত্বা ; You ( obj., dual ),

(১) সমাস হইলে একবচনান্ত অস্মদ্ ও যুষ্মদ্ শব্দের স্থানে যথাক্রমে 'মৎ' ও 'ত্বৎ' হয় ; দ্বিবচনে ও বহুবচনে উহাদের কোনো পরিবর্ত্তন হয় না।

যুবাম্, বাম্ ; You ( obj. plu. ) যুষ্মান্, বঃ ; Your, Yours—তব, তে ( sing. ) ; যুবয়োঃ, বাম্, ( dual ) ; যুষ্মাকম্, বঃ ( plu. ) ; 'Your' picture, 'তব' আলেখ্যম্ or ত্বদালেখ্যম্ যুষ্মদালেখ্যম্ ( plu. ) । ( ১ )

63. 'অস্মদ্'শব্দ-নিষ্পন্ন 'মা', 'মে', 'নৌ' ও 'নঃ' এবং 'যুষ্মদ্'শব্দ-নিষ্পন্ন 'ত্বা', 'তে', 'বাম্' ও 'বঃ' কোন sentence এর প্রথমে, 'চ', 'বা', 'এব' ও 'হি' ইহাদের ঠিক পূর্ব্বে এবং পদ্যে চরণের প্রথমে ব্যবহৃত হয় না। যথা, ত্বাং মাং চ (not ত্বা মা চ) দ্বেষ্টি ; মম (not মে) পুস্তকম্ ; তব এব (not তে এব ) বস্ত্রম্ ; যুষ্মাকম্ or অস্মাকং হি ( not বঃ or নো হি ) দোষঃ ।

( a ) সম্বোধনপদের পরে 'মা', 'মে' প্রভৃতির প্রয়োগ হয় না। যথা, গুরো, মম ( not মে) পুস্তকং গৃহাণ or গুরো পুস্তকং মে গৃহাণ। সম্বোধনের পরে বিশেষণ পদের ব্যবধান থাকিলে, 'মা' প্রভৃতির প্রয়োগ হয়। যথা, হরে দয়ালো 'নঃ' পাহি ।

64. সম্মান বুঝাইলে, 'যুষ্মদ্' শব্দের পরিবর্ত্তে 'ভবৎ' শব্দের প্রয়োগ করিতে হয় ( ২ )। যথা, Father, tell me, if yet my task is done ? পিতঃ কথয়তু 'ভবান্' কিমিদানীমপি মে কর্ত্তব্যং সম্পাদিতং নবেতি।

*Obs.* 'Thou' ও 'Ye' অবিকল 'You' এর ন্যায় অনুদিত হয়।

---

( ১ ) পূর্ব্ব পৃষ্ঠে (১) টীকা দ্রষ্টব্য।

(২) সম্মান-অর্থে যুষ্মদ্ শব্দেরও প্রয়োগ হয়। যথা, "যুষ্মান্ ধর্ম্মজ্ঞানরতান্ প্রেমবিশ্বাসভূময় ইতি পাক্ষিণঃ সর্বে সর্বদা মমাগ্রে প্রস্তুবন্তি ।"

Test-Questions :-

TRANSLATE INTO SANSKRIT—I gave you this book. You are my friend, so I tell you the secret. Having a friend in you, I am befriended. We two felt pleasure mingled with regret. Do you know the subject-matter of the story? I shall just follow you.

---

## 65. Demonstrative Pronouns :—He, She, It, They, This, That.

(a) He, সঃ; 'He' is ill, 'সঃ' পীড়িতঃ; He-goat, ছাগঃ; Him (obj.) তম্; I know 'him', 'তম্' অহং জানে; His (pos.) তস্য; 'His' book, 'তস্য' পুস্তকম্; 'তদ্' শব্দের ন্যায় অর্থানুসারে 'ইদম্', 'এতদ্', ও 'অদস্' শব্দও 'He' এর অনুবাদে প্রযুক্ত হয়।

(b) She, Her (obj.), Her, Hers (pos.); 'He' এর ন্যায় ইহাদেরও অনুবাদে অর্থানুসারে 'তদ্', 'এতদ্', 'ইদম্' ও 'অদস্' শব্দের প্রয়োগ হয়, কেবল লিঙ্গে প্রভেদ আছে বলিয়া, ঐ সকল শব্দের স্ত্রীলিঙ্গে ব্যবহার করিতে হয়। যথা, she, সা; Her, তাম্; Her, Hers—তস্যাঃ।

(c) It, It (obj.), Its (pos.); ইহাদের অনুবাদে ক্লীবলিঙ্গে 'তদ্' প্রভৃতির প্রয়োগ হয়; কিন্তু 'It' ক্ষুদ্র প্রাণীকে বুঝাইলে, অনুবাদে ক্লীবলিঙ্গে 'তদ্' প্রভৃতির ব্যবহার হয় না।

যথা, It, তৎ ( nom., obj. ); Its, তস্য ; 'It' is a rat, 'অয়ম্' ( not তৎ ) মূষিকঃ।

( d ) **A few other examples** :—(*a*) 'It' is an iron box, আয়সং 'তৎ' পেটকম্ ; (*b*) It being so, তথাস্থিতে ; (*c*) Be it so, অস্তু, ভবতু ; (*d*) It rains, বৃষ্টির্ভবতি or বর্ষতি দেবঃ ; ( *e* ) It snows, তুষারঃ পততি ; ( *f* ) It is all over with him, মৃতঃ সঃ ; ( *g* ) Oh, how chill it is ! আঃ শীতম্ ! ( *h* ) It is blowing a gale, বায়ুঃ প্রবলং বাতি ; ( *i* ) It is dark, অন্ধকারো জাতঃ ; ( *j* ) It is dawn, প্রভাতমভবৎ ; (k) It is no wonder, নৈতচ্চিত্রম্, কিমত্র চিত্রম্ ; ( *l* ) It is fair, সুদিনম্ ; ( *m* ) It is foul, দুর্দ্দিনম্ ; ( *n* ) As it were, ইব, যথা ; ( *o* ) It is calm, নির্ব্বাতং নভঃ ; (*p*) It is very hot, গ্রীষ্মাতিরেকঃ।

( e ) They, Them (obj.) Their, Theirs (pos.) ; ইহাদের অনুবাদে পুংলিঙ্গ, স্ত্রীলিঙ্গ ও ক্লীবলিঙ্গ 'তদ্'শব্দের বহুবচনে প্রয়োগ হয়। যথা, They—তে, তাঃ, তানি ; Them—তান্, তাঃ, তানি ; Their, Theirs—তেষাম্, তাসাম্, তেষাম্ ; 'They' say, it was a dreadful fight, যুদ্ধং তদ্ ভীষণমভূদ্ ইতি 'লোকাঃ' বদন্তি, ইতি লোকপ্রবাদঃ or ইতি কিংবদন্তী ; 'They', that seek, shall find, য এব বিচিন্বন্তি 'ত' এব লপ্স্যন্তে।

( f ) This ( near at hand ) ; লিঙ্গানুসারে একবচনান্ত 'ইদম্' ও 'এতদ্' শব্দের প্রয়োগ করিয়া ইহার অনুবাদ করিতে হয়;

আর plural 'These' হইলে, 'ইদম্'প্রভৃতির বহুবচনান্ত পদ ব্যবহৃত হয়। যথা, 'This' is a book, 'ইদম্' পুস্তকম্; 'These' are the questions, 'এতে' এব প্রশ্নাঃ।

(g) That (at a distance); লিঙ্গানুসারে 'তদ্' ও 'অদস্' শব্দের প্রয়োগ করিয়া ইহার অনুবাদ করিতে হয়; আর plural 'Those' হইলে 'তদ্'প্রভৃতির বহুবচনে ব্যবহার হয়। যথা, That is the difficulty, 'তদেব' বৈষম্যম্; These are rogues, তে or অমী দুরাত্মানঃ; The ball of Ráma is red and that of Hari, white, রামস্য গোলকং লোহিতং, হরেস্তু সিতম্; That is, or that is to say, অর্থাৎ, তাৎপর্য্যতঃ, ইত্যর্থঃ; I must go home and that quickly, ময়া সত্বরমেব গৃহং গন্তব্যম্।

## 66. Reflexive Pronouns :

(a) True Reflexive : ইহার অনুবাদে 'আত্মন্' শব্দের প্রয়োগ হয়। 'আত্মন্' শব্দ সততই পুংলিঙ্গ ও একবচনান্ত থাকে, কর্ত্তার লিঙ্গভেদ ও বচনভেদে উহার কোন পরিবর্ত্তন হয় না। যথা, We think highly of 'ourselves', বয়ম্ 'আত্মানং' (not আত্মনঃ) বহু মন্যামহে; What woman boasts of 'herself, কা স্ত্রী 'আত্মানং' বিকত্থতে'?

(b) True Reflexive ব্যতীত, কেবল Emphasis প্রকাশ করিবার জন্য Nominative এর পরেই Reflexive

Pronoun ব্যবহৃত হয়। ঈদৃশ Reflexive এর অনুবাদে 'স্বয়মেব' এই অব্যয়ের প্রয়োগ হয়। যথা, I 'myself' do it, অহমিদং স্বয়মেব করোমি ; We 'ourselves' went there, বয়ম্ 'স্বয়মেব' তত্রাগচ্ছাম ; The plant 'itself' dies, গুল্মোঽয়ং স্বয়মেব ম্রিয়তে ; You 'yourself' bring it, 'স্বয়মেব' তদানয়।

(c) কখন কখন Personal ও Demonstrative Pronoun এর Possesive form এর পরে 'own' এই adjective প্রযুক্ত হইয়া, reflexive অর্থ প্রকাশ করে ; তখন উহার অনুবাদে 'স্ব', 'স্বীয়', 'স্বকীয়' বা 'নিজ' এই বিশেষণ পদ ব্যবহৃত হয়। যথা, It is his 'own' book, ইদং তস্য 'স্বং' ( স্বীয়ম্ &c. ) পুস্তকম ; He showed his 'own' courage, স 'নিজং' &c. শৌর্যামদর্শয়ৎ।

**Test-Questions :**

TRANSLATE INTO SANSKRIT—He is ill. I know him (to be) a knave. He is in good health. I myself have done it. This is my right hand and that, left. It is an ant. I hurt myself. It will die itself.

---

## 67. Relative Pronous :—Who, Which, That, What.

(a) Who (sing., dual., plu.), যঃ যৌ, যে ; He, 'who' speaks little, is wise, 'যঃ পরিমিতং ভাষতে স এব পণ্ডিতঃ,

or য এব স্বল্পবাক্ স এব পণ্ডিতঃ or স্বল্পবাগেব পণ্ডিতঃ; Whom (sing., dual., plu.) যম্, যৌ, যান্; The man, 'whom' you speak to, is Ráma's brother, 'যং পুরুষং' সম্ভাষসে সঃ রামস্য ভ্রাতা or ত্বয়া সম্ভাষ্যমাণঃ পুরুষো রামস্য ভ্রাতা; Whose (sing., dual., plu.) যস্য, যয়োঃ, যেষাম্; He, 'whose' character is good, is preferred, 'যস্য' চরিত্রং সাধু স এব অধিকং মন্যতে or সচ্চরিত্র এব অধিকং মন্যতে; Whoever, Whosoever, যো যঃ, যঃ কোঽপি, যো বা কো বা; 'Whoever' or 'Whosoever' bears a weapon, যো যঃ শস্ত্রং বিভর্ত্তি; 'Whoever' I may be, যঃ কো বা ভবেয়ম্; 'Whoever' he may be, যঃ কোঽপি ভবেদসৌ; Whomsoever, যং কমপি।

(b) Which (sing., dual., plu.) যৎ, যে, যানি; The book, 'which' you want, is lost, 'যৎ' পুস্তকং প্রার্থয়সে তন্নষ্টম্; Which (selective); দুই এর মধ্যে একের selection বুঝাইলে 'যদ্ শব্দের উত্তর 'তর' এবং বহুর মধ্যে একের selection বুঝাইলে 'যদ্'শব্দের উত্তর 'তম' প্রত্যয় করিয়া, ইহার অনুবাদ করিতে হয়। যথা, 'Which' of the two books, গ্রন্থয়ো'র্যতরঃ'; I know, 'which' of the boys is the best, জানে বালকানাম্ এতেষাং 'যতমঃ' শ্রেষ্ঠঃ। Whichever—যতর, যতম; 'Whichever' of the two men, পুরুষয়ো'র্যতরঃ'; 'Whichever' of us, অস্মাকং 'যতমঃ'।

(c) That, 'যদ্' শব্দ; He is the most intelligent

of all boys, 'that' are present, 'যে বালকাঃ' বিদ্যমানাঃ সর্ব্বেষু তেষু (সর্ব্বেষাং তেষাম্) স এব বুদ্ধিমত্তমঃ or বিদ্যমানেষু সর্ব্বেষু বালকেষু স এব বুদ্ধিমত্তমঃ; This is the best of all books, 'that' I have, 'যানি' মে পুস্তকানি সন্তি সর্ব্বেষাং তেষাং (সর্ব্বেষু তেষু) ইদমেব প্রশস্ততমম্; The village, 'that' I live in, is on the side of the Ganges, 'যং' গ্রামমধিবসামি স গঙ্গাতীরবর্ত্তী or ময়াধ্যুষিতো গ্রামো গঙ্গাতীরবর্ত্তী; The school, 'that' I read in, is near our village, 'যত্র' বিদ্যালয়েঽধীয়ে সোঽস্মাকং গ্রামস্যাসন্নঃ।

(d) What (Compound Relative)—'that' and 'which', 'তদ্', 'যদ্' শব্দ; Do, 'what' I tell you, 'যদ্' অহং ব্রবীমি 'তৎ' কুরু; Whatever, Whatsoever, যদ্-যদ্,—তৎ; যদ্-কিম্-চিৎ,—তৎ; Do, 'whatever' you like, 'যদ্ যৎ' তুভ্যং রোচতে 'তৎ' কুরু; 'Whatsoever' the earth yields, 'যৎ-কিঞ্চিৎ' ধরা উৎপাদয়তি 'তৎ'।

Test-Questions :

TRANSLATE INTO SANSKRIT—I do not know what you say. The boy, who is coming to us, is my nephew. This is the book that was lost. I do not fear you, whoever you may be. Do what I say, but do not do what I do.

———— ————

**68. Interrogative Pronouns :—Who, Which, What.**

(a) Who, 'কিম্' শব্দ ; 'Who' are you ? কস্ত্বম্ ? or কিংনামধেয়স্ত্বম্ ? 'Who' goes there ? 'কো' যাতি ? 'Whom' do you prefer ? 'কম্' বহু মন্যসে ? 'Whose' book is this ? 'কস্য' ইদং পুস্তকম্ ?

(b) Which, 'কিম্' শব্দ ; 'Which' do you want ? কতরদ্ যাচসে ? 'Which' of the boys has done it ? বালকানাং 'কতমঃ' কৃতবানেতৎ ? (Cf. R·lative 'which')

(c) What, 'কিম্' শব্দ ; 'What' is your name ? 'কিং'তে নাম ? or কিংনামধেয়স্ত্বম্ ? 'What' do you say ? 'কিং' কথয়সি ? 'What' is the matter ? 'কিং' বৃত্তম্ ? 'What' are you ? কা তে জীবিকা ? or কিংজীবিকস্ত্বম্ ? 'What'is the use of it ? অনেন 'কো' গুণঃ ? or কিমনেন ? 'What' is the use of killing a dead man ? মৃতস্য হননেন কিম্ ? কিং মৃতমারণেন ? or কিং পিষ্টপেষণেন ?

**69. Indefinite Pronouns :—Any, Some, One, Other, Another, None, All.**

(a) Any, যদ্-কিম্-চিৎ or-কিম্-চন ; 'Any' of you, যুষ্মাকং 'যঃ কশ্চিৎ' ; By 'any' of the boys, বালকানাং তেষাং 'যেন কেনচন' ; In 'any' of you, যুষ্মাকং, 'যস্মিন্ কস্মিংশ্চিৎ'।

(b) Some, কিম্-চিৎ or-কিম্-চন ; 'Some' died, 'some' were wounded, 'কেচিন্' মৃতাঃ 'কেচিচ্' চ আহতাঃ ; 'Some' praise the work, 'some' the architect, 'কেচিৎ' শিল্পং, 'কেচিচ্' চ শিল্পিনং প্রশংসন্তি।

(c) One, এক ; 'One' of the two, দ্বয়োঃ 'একতরঃ' ; 'One' of them, তেষাম্ 'একতমঃ' ; One by one or one at a time, একৈকশঃ, একশঃ or আনুপূর্ব্ব্যেণ ; There are four good boys and four bad ones, চত্বারঃ সুশীলাশ্চত্বারো দুঃশীলাশ্চ বালকাঃ সন্তি ; One cannot say one's destination after death, ন কোঽপি বক্তুং শক্নোতি কা গতির্মরণাৎ পরম্ ; Young ones, শিশবঃ or শাবকাঃ।

(d) Other, ইতর, অপর, অন্য ; Raise your right hand and not the 'other', দক্ষিণং তে করমুত্তোলয় ন তু 'অপরম্' ; Take this book and not the 'other', ইদং পুস্তকং গৃহাণ ন 'অপরম্ or অন্যৎ' ; Some animals are carnivorous, 'others', herbivorous, কেচিজ্জীবা মাংসভুজঃ or পিশিতাশনাঃ, 'ইতরে' তু তৃণভুজঃ or তৃণাশনাঃ ; You are no 'other' than my friend, মম মিত্রান্ ন 'অন্যঃ' অসি।

(e) Another, অন্য, অপর ; One does, 'another' suffers, একঃ করোতি 'অন্যো' ভুঙ্‌ক্তে : I know 'another' by this name, নাম্নানেন 'অপরং' (জনম্) জানে।

(f) None—ন-কিম্-অপি, ন এক অপি ; There is 'none'

in the room, গৃহে তস্মিন্ 'ন কোঽপি' বর্ত্ততে ; 'None' is perfect, 'ন কোঽপি' সাধুঃ সর্ব্বত্র ; 'None' of the boys, 'ন কতমোঽপি' তেষাং বালকানাম্ ; You have got some mangoes, but I 'none', ত্বং কিয়ন্তি চূতানি প্রাপ্তোঽসি অহং পুনঃ 'নৈকমপি' ; 'None' but the brave deserve the fair, বীরান্ বিনা 'নান্য' সুন্দরীমর্হন্তি।

(g) All, 'সর্ব্ব' শব্দ ; 'All' are present, 'সর্ব্বে' এব বিদ্যন্তে or বিদ্যমানাঃ ; 'All' (quantity) is drunk, 'সর্ব্বম্' এব পীতম্ ; 'All' 's well that ends well, 'সর্ব্বং' তৎসাধু যৎ পরিণামে সাধু। 'All' that glitters, is not gold, ন 'সর্ব্বং' কাঞ্চনং যদ্ ভাতি ; 'All' 's one, 'সর্ব্বম্' এব সংবাদি ; Once for 'all', ন পুনরাগমনায় or অত্যন্ততঃ ; In 'all', সাকল্যেন।

Test Questions :

TRANSLATE INTO SANSKRIT—What did you do during the vacation ? Who can run ? Which is the best boy in this class ? Who are in the room ? Some praised him, but others censured. I wish to give this golden bracelet to any one. He is no other than my friend. There are twenty boys in all.

---

## 70. Distributive Pronouns :—Each, Every, Either, Neither, Each other, One another.

(a) Each, Every—একৈক ; 'Each' of them, তেষাম্ 'একৈকঃ' ; By 'each' of them, তেষাম্ 'একৈকেন'।

(b) Either—একতর, অন্যতর ; 'Either' of the two books, গ্রন্থয়োঃ 'একতরঃ' ; 'Either's' heart did ache, 'দ্বয়ো'রন্তরং ব্যথতে স্ম ; I do not like 'either', ন 'একতরং' সাধু মন্যে or ন 'একতরং' মে রোচতে।

(c) Neither (not either)—ন একতর, ন অন্যতর; 'Neither' of them was present, তয়োঃ 'নৈকতরঃ' or 'নান্যতরঃ' বিদ্যমান আসীৎ ; 'Neither' of these two, দ্বয়োরনয়োঃ 'নৈকতরম্।'

(d) Each other, One another—অন্যোন্য, পরস্পর, মিথঃ ; They faught 'each other', 'অন্যোন্যং', 'পরস্পরং' or 'মিথঃ' তৌ যুযুধাতে ; They struck 'one another', তে 'পরস্পরং' &c., আজঘ্নুঃ ; They spoke 'one another', তে 'মিথঃ' কথয়ামাসুঃ ; 'One another's' property, 'অন্যোন্যস্য' সম্পৎ ; Cast to 'one another', 'অন্যোন্যং' প্রতি ক্ষিপ্তম্।

**71. A few other examples** : (a) This is the same book 'as' (pro.) you want, 'যং' যাচসে অয়ং স গ্রন্থঃ ; (b) It is as follows, তদ্ যথা ; (c) Articles are as follows, বক্ষ্যমাণানি দ্রব্যাণি ; (d) Ráma said as follows, ইত্যুবাচ রামঃ ; (e) Just 'as' my friend pleases, 'যদেব' রোচতে মে বয়স্যায় ; (f) There was 'none' in the room but (pro.) wore a white dress, শ্বেতং পরিচ্ছদম-পরিদধানো ন কোঽপি তত্রাসীৎ ; (g) This is the time 'when'

(Relative force) cuckoo's note is heard, অয়মেব কালো 'যদা' কোকিলস্য রুতং শ্রূয়তে ; (h) Go to the place 'where' (Relative force) things are cheap, 'যত্র' দ্রব্যজাতানি সুলভানি তত্র যাহি ; (i) He returned to the place 'whence' he came, 'যতঃ' স আগতস্তত্রৈব প্রত্যাবৃত্তঃ ; (j) I accompanied him to the place, 'whither' he went, স 'যত্র' জগাম তত্রৈবাহং তমন্বসরম্ ।

Test-Questions :

TRANSLATE INTO SANSKRIT—Give sweet meat to each of these boys. Either's heart felt pleasure. Neither was present. They two loved each other. The Yádavas faught one another and died.

---

## EXERCISE.

*1. Translate into Sanskrit*—

(a) Done by them ; Some of you ; A friend of him ; A friend of his ; In several places ; In either corner ; We, the fellow-students ; You, the rogues ; That large Banyan tree ; These facts ; Which of these fine boys ; The city, that you live in ; Any of them ; Witn any boys ; One of us (plu.) ; Some of you (dual) ; Another question ; None of these girls ; Either of these two bamboos ; Neither of the students ; Run to one another.

(b) They faught one another and died. Just as my father pleases. All is not lost. You have got so many mangoes, I have got none. I know anothor girl by this name. There are six sweet mangoes and four sour ones in the basket. Who is sitting there

in the room ? Which of these three boys do you prefer ? Whoever steals will be punished. Whatever may be the consequences, I am determined to follow his advice. Some love him but others hate. Such as sit here, will be punished. What he bids, thou shalt do. Who is there that commits no mistakes ? He has not a comrade but will wish him well to-day. It is a picture of yours. The day was fair. It is very hot to-day. It rained three hours. You yourselves have told me. Take care, you the rogues ! None of the boys answered the question. Come ten at a time. They tried to have each other's property. What is coolness is the natural property of water. Most of them are wicked and narrow-minded men. They saved themselves with great dfficulty.

---

## LESSON VI

# Adjectives

### 72. Concord of Substantives and Adjectives:

(a) ইংরাজীতে Noun এর gender ও number এর সহিত Adjective এর gender ও number এর কোন Concord থাকে না, অর্থাৎ এক Adjectiveই সকল gender এবং সকল number এরই substantive বা noun এর সহিত অপরিবর্ত্তিতভাবে ব্যবহৃত হয় ও তাহার গুণ প্রকাশ করে; কিন্তু সংস্কৃত ভাষায় সেরূপ নিয়ম নহে; সংস্কৃতের বিশেষ্যপদগুলির যে লিঙ্গ ও যে বচন হয়, তাহার গুণপ্রকাশক বিশেষণগুলিরও সেই লিঙ্গ এবং সেই বচন হয়। যথা, A 'simple' boy, 'সরলো' বালকঃ; 'Simple' girls, 'সরলাঃ' বালাঃ; 'Simple' mind, 'সরলং' মনঃ। সকল উদাহরণেই Adjective 'simple' অপরিবর্ত্তিতভাবে ভিন্ন ভিন্ন gender ও number এ ব্যবহৃত substantive এর গুণ প্রকাশ করিতেছে; কিন্তু সংস্কৃতভাষায় অনুবাদে বিশেষ্যের লিঙ্গভেদ ও বচনভেদে বিশেষণের লিঙ্গে ও বচনে পরিবর্ত্তন ঘটিয়াছে।

(b) কারকভেদেও বিশেষ্যের বিভক্তিপরিবর্ত্তনের সহিত, বিশেষণেরও বিভক্তিপরিবর্ত্তন ঘটে, অর্থাৎ বিশেষ্যপদ কর্ত্তা কর্ম্ম

প্রভৃতি কারক হইলে যে-যে বিভক্তির প্রয়োগ হয়, বিশেষণ-গুলিতেও সেই-সেই বিভক্তি ব্যবহৃত হয়। যথা, Ráma is an 'intelligent' boy (nom.), রামো 'বুদ্ধিমান্' বালকঃ; See the 'white' lamb, 'ধবলং' মেষশাবং পশ্য ; By an 'intelligent' boy, 'বুদ্ধিমতা' কেনচিৎ বালকেন ; I love a 'bold' man, 'সাহসিকে' পুরুষে স্নিহ্যামি।

(c) কোন বিশেষণ, একবচনান্ত দুইটি বিশেষ্য পদের গুণ প্রকাশ করিলে উহা দ্বিবচনান্ত; একটি একবচনান্ত ও একটি দ্বিবচনান্ত বা বহুবচনান্ত বিশেষ্যপদের, অথবা দুইটি দ্বিবচনান্ত বা বহুবচনান্ত বিশেষ্যপদের গুণ প্রকাশ করিলে উহা বহুবচনান্ত; এবং একবচনান্ত দ্বিবচনান্ত বা বহুবচনান্ত তিন বা ততোধিক বিশেষ্যের গুণ প্রকাশ করিলে, উহা বহুবচনান্ত হয়। যথা, 'পক্ষপাতিনৌ' অনয়োরহং দেবী চ; পাণ্ডবাশ্চ মহাত্মানো দ্রৌপদী চ যশস্বিনী; 'কৃতোপবাসাঃ' প্রযযুঃ ; যস্মিন্ সত্যং চ মেধা চ নীতিশ্চ ভরতর্ষভে 'অপ্রমেয়াণি'।

(d) দুইটি বিশেষ্যপদের মধ্যে একটি পুংলিঙ্গ ও অপরটি স্ত্রীলিঙ্গ হইলে উহাদের বিশেষণ পদ পুংলিঙ্গ; একটি পুংলিঙ্গ বা স্ত্রীলিঙ্গ ও অপরটি ক্লীবলিঙ্গ হইলে বিশেষণ পদ ক্লীবলিঙ্গ, এবং তিন বা ততোধিক বিশেষ্যপদের মধ্যে কোনটি পুংলিঙ্গ কোনটি স্ত্রীলিঙ্গ ও কোনটি ক্লীবলিঙ্গ হইলে বিশেষণ পদটি ক্লীবলিঙ্গ হয়। যথা, উমাবৃষাঙ্কৌ শরজন্মনা যথা যথা জয়ন্তেন শচীপুরন্দরৌ। তথা 'নৃপঃ'সা চ সুতেন 'মাগধী' ননন্দতুস্তৎসদৃশেন 'তৎসমৌ'॥ ধর্ম্মঃ

কামশ্চ দর্পশ্চ হর্ষঃ ক্রোধঃ সুখং বয়ঃ। অর্থাদ্ 'এতানি' 'সর্ব্বাণি' প্রবর্ত্তন্তে ন সংশয়ঃ ॥

(e) কোন স্থলে বিশেষণপদ ঠিক পরবর্ত্তী বিশেষ্য বা সর্ব-নামের লিঙ্গ ও বচন প্রাপ্ত হয়। যথা, যস্য বীর্য্যেণ 'কৃতিনো' 'বয়ঞ্চ' ভুবনানি চ।

**73. Qualitative Adjectives** (গুণবাচক বিশেষণ): যথা, An 'intelligent' girl, 'বুদ্ধিমতী' বালিকা; The 'Indian' nation, 'ভারতীয়ঃ' জনঃ; 'Amusing' stories, 'মনোহরাণি' উপাখ্যানানি; A 'charming' song, 'মোহিনী' গীতিকা; The 'broken' leg, 'ভগ্নং' পদম্; 'Great' throes (pains) of child-birth, 'গুর্ব্বী' প্রসববেদনা; 'Great' fame, 'মহতী' কীর্ত্তিঃ। 'Little' birds, 'ক্ষুদ্রাঃ' পক্ষিণঃ; A 'little' boy, 'ক্ষুদ্রঃ' শিশুঃ।

**74. Quantitative Adjectives** (পরিমাণবাচক বিশেষণ) :—**Much, Little, Some, Enough, All.**

(a) Much—প্রচুর, পুষ্কল; 'Much' milk, 'প্রচুরং, পুষ্কলং' বা পয়ঃ; 'Much' labour, 'গুরুঃ' শ্রমঃ; 'Much' pain, 'গুর্বী' বেদনা; 'Much' favour, 'মহান্' প্রসাদঃ; 'Much' rain, 'মহতী' বৃষ্টিঃ; 'More' water, 'প্রচুরতরং' সলিলম্।

(b) Little—স্বল্প, ন কিঞ্চিৎ; A little—কিঞ্চিৎ, অল্প; There is 'little' water in the tank, সরসি 'স্বল্পং' সলিল-

অস্তি or সরসি সলিলং 'ন'অস্তি ; 'Little' (noun) is heard, 'ন কিঞ্চিৎ' অপি শ্রুতম্ ; Drink 'a little' milk, 'কিঞ্চিদ্' দুগ্ধং পিব ।

(c) Some, কিম্-চিৎ, কিম্-চন or কিম্-অপি; কিঞ্চিৎ, যৎকিঞ্চিৎ, কিয়ৎ, ঈষৎ, স্তোক ( quantity ); কতিচিৎ, কতিপয় ( number ) ; Some one, or Somebody, 'কশ্চিৎ', 'কশ্চন' or 'কোঽপি' ; The son of 'some one', 'কস্যচিৎ', 'কস্যচন' or 'কস্যাপি' পুত্রঃ ; 'Some' oil, 'কিঞ্চিৎ', 'কিয়ৎ', 'ঈষৎ' or 'স্তোকং' তৈলম্ ; Something, কিঞ্চিৎ, কিঞ্চন, কিমপি or যৎকিঞ্চিৎ ; Something else, অন্যৎ কিঞ্চিৎ &c. ; 'Some' steps, 'কতিচিৎ or 'কতিপয়ানি' পদানি ।

(d) Enough—প্রচুর, পুষ্কল, বহু, মহৎ ; 'Enough' money, 'প্রচুরং', 'পুষ্কলং' or 'মহৎ' ধনম্ ; It is 'enough', 'পুষ্কলম্' এতৎ ।

(e) All, সর্ব্ব, কৃৎস্ন ; 'All' water, 'সর্ব্বং' পয়ঃ ; 'All pain, 'সর্ব্বা' বেদনা ।

Test-Questions :

TRANSLATE INTO SANSKRIT—She is an intelligent girl. He is in a pitiable condition. It is an amusing thing. He is suffering from much pain. There is little milk in the pot, He has enough money. I want some water.

**75. Numeral Adjectives** : ( সংখ্যাবাচক বিশেষণ ) :—

(a) Cardinal :—যথা, 'One' boy, 'একো' বালকঃ; 'Two' flowers, 'দ্বে' পুষ্পে ; 'Four' days, 'চত্বারি' অহানি ; On the one hand, একতঃ।

(b) Ordinal :—যথা, 'First' boy, 'প্রথমো' বালকঃ ; 'Second' son, 'দ্বিতীয়ঃ' পুত্রঃ ; 'Fourth' case-ending, 'চতুর্থী' বিভক্তিঃ।

(c) Multiplicative :—যথা, Single—একঃ, একাকী, কেবলঃ ; 'Double', the force, 'দ্বিগুণং' বলম্ ; 'Triple' or 'Treble', ত্রিগুণম্ ; 'Triple' cause, 'ত্রিগুণং' কারণম্ ; 'Quadruple', চতুর্গুণম্।

(d) Distributive :—Each, Every, Either, Neither, Several, Respective.

Each, Every—এৈকক ; 'Each' boy, 'একৈকো' বালকঃ ; 'Every' man, 'একৈকঃ' পুরুষঃ ; 'Every' art ( all arts ), 'সর্ব্বাঃ' বিদ্যাঃ or কলাঃ ; Every body and all, সর্ব্ব এব ; Either—অন্যতর or একতর ; 'Either' son, 'একতরঃ or অন্যতরঃ' পুত্রঃ ; পুত্রয়োঃ অন্যতরঃ or একতরঃ ; There are buildings 'on either side' of the road, রাজপথম্ 'উভয়তঃ' হর্ম্ম্যাণি সন্তি ; Villages 'on either side' of the Ganges, গঙ্গাম্ 'উভয়তো' গ্রামাঃ ; Neither, ন-অন্যতর or ন-এক-

তর ; 'Neither' brother, 'নান্যতরো' ভ্রাতা ; ভ্রাত্রোঃ 'নান্য-তরঃ' ; Several, Respective—নিজ, স্ব (repeated) ; They went to their 'several' or 'respective' homes, তে 'স্বং স্বং' ভবনং জগ্মুঃ ।

(e) **Indefinite :—Many, All, Some, Few, Several, Sundry, Divers, Any, Certain, Most, One.**

Many—বহু, ভূয়স্, অনেক ; 'Many' men or 'many' a man, 'বহবো' লোকাঃ ; Full 'many' a gem of purest ray serene, শুচিশান্তপ্রভাণি 'বহূনি' রত্নানি ; 'So many' days, 'ইয়ন্তি' or 'এতাবন্তি' দিনানি ; Many times—ভূয়োভূয়ঃ, বারং বারম্ ; How 'many times' ? 'কতিকৃত্বঃ' or 'কতি বারান্ ।'

All—সর্ব্ব, কৃৎস্ন, সকল, নিখিল, বিশ্ব ; 'All' boys, বালকাঃ 'সর্ব্বে' ; 'All' men must die, মানবাঃ 'কৃৎস্না' মরিষ্যন্ত্যেব ; 'All' world, 'বিশ্বঃ' সংসারঃ ; 'All' the year round, 'কৃৎস্নং' বৎসরম্, পরিবৎসরম্ or সংবৎসরম্ (দ্বিতীয়ান্ত) ; 'All' day long, 'কৃৎস্নং' দিবসম্ ; They 'all', তে 'সর্ব্বে' ; You are the all-in-all of my life, or you are my all the world, ত্বং মে জীবিত-সর্ব্বস্বম্ ; All-powerful, Almighty—সর্ব্বশক্তিমান্ ; All-knowing, Omniscient—সর্ব্বজ্ঞঃ; All-devouring, সর্ব্বভুক্ ; At all events—সর্বথা, সর্বপ্রকারেণ ; All the while—সর্ব্বদা, প্রতিক্ষণম্ ; All I can, যথাশক্তি ; The

Supreme Being is all joy, আনন্দময় or আনন্দস্বরূপো বিভুঃ।

Few—স্বল্প ; I have 'few' books, 'স্বল্পানি' মে পুস্তকানি সন্তি।

A few—কতিপয়, কতিচিৎ; I have 'a few' books, 'কতিপয়ানি' মে পুস্তকানি সন্তি ; 'A few' days ago, 'কতিপয়ানি' দিনানি গতানি ; Several, Sundry, Divers—বহু, অনেক ; 'Several or Sundry' weighty reasons, 'বহূনি' গুরূণি কারণানি ; 'Divers' colours, 'বহবঃ or বিবিধাঃ' রাগাঃ।

Any—যদ্-কিম্-চিৎ (-চন) ; 'Any' boy, 'যঃ কশ্চিদ্' বালকঃ ; 'Any' boys, 'যে কেচিদ্' বালকাঃ ; 'Any' girl, 'যা কাচিদ্' বালিকা ; 'Any' body else, 'কশ্চিৎ or কোঽপি' অপরঃ পুরুষঃ।

Certain—কিম্-চিৎ (-চন), কিম্-অপি ; 'Certain' rogues, 'কেচিদ্' দুরাত্মানঃ ; Being read 'by a certain or some' man, 'কেনাপি' জনেন পঠ্যমানম্ or অধীয়মানম্ ; It is 'certain,' 'ধ্রুবম্' এতৎ।

Most—প্রায়ঃ or প্রায়েণ followed by 'সর্ব্ব' ; 'Most' of the boys, 'প্রায়ঃ or প্রায়েণ সর্ব্বে' বালকাঃ।

One (some), কিম্-চিৎ (-চন) ; 'One' day I will call on you, 'কস্মিংশ্চিদ্' দিবসে ত্বামহং দ্রক্ষ্যামি।

Test-Questions :

TRANSLATE INTO SANSKRIT—Some friend has done it. I have a few friends. It is the work of certain rogues. Most boys love play. Some friends have come to see me. You may go by either road. There are several reasons. This is my second son. He faught single-handed.

---

## 76. Pronominal Adjectives :

( a ) This—ইদম্, এতদ্ ; 'This' book, 'ইদম্ or এতৎ' পুস্তকম্ ; 'This' my book ; 'ইদম্' মে পুস্তকম্ ; By 'this' means, 'অনেন' উপায়েন।

( b ) That—অদস্, তদ্ ; 'That' tree, 'অসৌ' বৃক্ষঃ ; 'That' celebrated idol, 'সা' দেবমূর্ত্তিঃ ; 'That well-known' circle of the tributary princes, সামন্তচক্রং 'তৎ' ; (১) By this way or that (way), যেন কেনচিৎ or যেন কেনাপি উপায়েন।

( c ) Yonder ( Yon )—অদস্ ; 'Yonder' deep wood, 'অসৌ' গহনাটবী ; Bright and blue as 'yonder' sky, উজ্জ্বলং নীলবর্ণঞ্চ যথা 'অদো' নভোমণ্ডলম্।

( d ) Such—এতাদৃশ, ঈদৃশ, এবংবিধ ; 'Such' a proposal, ঈদৃশঃ (এতাদৃশঃ &c.) প্রস্তাবঃ ; 'Such and such'

---

( ১ ) Celebrated' বা 'well-known' অর্থ বুঝাইলে 'তদ্' শব্দের প্রয়োগ করিয়া 'That' এর অনুবাদ করিতে হয়।

things, 'এবংবিধানি' বস্তূনি ; I want 'such' books as teach morality, যাদৃশানি পুস্তকানি নীতিং শিক্ষয়ন্তি তাদৃশান্যহং বাঞ্ছে।

( e ) Same, তদ্ এব ; The 'Same' book, 'তদেব' পুস্তকম্ ; The 'same senses', 'তান্যেব' ইন্দ্রিয়াণি ; The 'Self-same' man, 'স এব' পুরুষঃ ; The 'very same' (very) word, বচনং তদেব।

( f ) Other, অন্য ; 'Other' boy, 'অন্যো' বালকঃ ; On the other hand—'অন্যতঃ', 'অপরতঃ' ; The 'other' day, 'অন্যৎ' দিনম্ ; No other book than the Rámáyana, রামায়ণান্ ন 'অন্যৎ' পুস্তকম্।

( g ) Another,—অন্য, অপর ; 'Another' matter, 'অন্যঃ' or 'অপরো' বিষয়ঃ ; I know 'another' boy by this name, নাম্নানেন 'অন্যং' or 'অপরং' বালকং জানামি।

( h ) What, Which ( See Pronouns ) ; 'What' country do you come from ? 'কস্মাদ্' দেশাদ্ আগচ্ছসি ? 'Which' girl is your daughter ? 'কতমা' বালিকা তে কন্যা ?

( i ) My, Our, Thy, Your, His, Her, Its, Thiers ( See Pronouns )

## 77. Comparisons of Adjectives :

ইংরাজীর Comparative Degreeতে ব্যবহৃত Adjective সকলের অনুবাদে, corresponding বিশেষণের উত্তর 'তর' বা

'ঈয়স্' প্রত্যয় এবং Superlative Degreeতে ব্যবহৃত Adjective সকলের অনুবাদে, corresponding বিশেষণের উত্তর 'তম' বা 'ইষ্ঠ' প্রত্যয় করিতে হয়। যথা, Large (Positive) বৃহৎ; Larger (Comparative) বৃহত্তর; Largest (Superlative) বৃহত্তম; Distant দূর; More distant দূরতর, দবীয়স্; Most distant দূরতম, দবিষ্ঠ; Ráma is 'more intelligent' than S'yáma, রামঃ শ্যামাদ্ 'বুদ্ধিমত্তরঃ;' Ràma is the 'most intelligent' of all boys, সর্ব্বেষু বালকেষু or সর্ব্বেষাং বালকানাং রামো 'বুদ্ধিমত্তমঃ'।

## 78. Various Uses of Adjectives:

(a) Good; Be of good cheer, take courage or take heart—সমাশ্বসিহি; ধৈর্যম্ অবলম্বস্ব; Do not consult your good alone, স্বহিত-পরঃ, স্বহিত-পরায়ণঃ or স্বার্থপরো মা ভূঃ; Gone for good—চিরায় or চিরাদ্ গতঃ, অসন্নিবৃত্ত্যৈ গতঃ, অত্যন্তগতঃ; This rule holds good, নিয়মোঽয়মব্যভিচারঃ; Goods (plu.), দ্রব্যজাতম্; No good will come of it, অতো ন কিঞ্চিদপি শ্রেয়ো ভবিষ্যতি; He is good for hundred rupees, মুদ্রাশতেন or রূপকশতেন স বিশ্বসনীয়ঃ; What is the good of weeping? কিং রোদনেন? It will end in good, কল্যাণোদর্কমিদং ভবিষ্যতি; Good forms command respect, আকৃতিবিশেষেষ্বাদরঃ পদং করোতি; He is as good as his word—স এব সত্যবাক্, সত্যসন্ধঃ or

অনৃতবাক্ ; He is good for ten miles, পঞ্চ ক্রোশান্ গন্তুং স শক্নোতি ; To do good to, উপকর্ত্তুম্ ; Come harm, come good, যদ্ ভাবি তদ্ ভবতু শুভমশুভং বা ; A good deal of time, মহান্ কালঃ ; Good ! সাধু ! Good intention, উদারঃ সঙ্কল্পঃ ; Good at flattery—চাটুবাদপটুঃ or চাটুপটুঃ ; In good earnest—বস্তুগত্যা or যাথার্থ্যেন ; He writes a good hand, স সুষ্ঠু লিখতি ; I am better to-day, অস্তি মে বিশেষোঽদ্য ; He gets the better of his enemies, স শত্রূনভিভবতি ; You had better go home, গৃহগমনং তে শ্রেয় আসীৎ ।

(b) Bad ; 'A bad' boy 'মন্দো' বালকঃ ; Bad name, অকীর্ত্তিঃ, অখ্যাতিঃ ; Bad weather, দুর্দ্দিনম্, মেঘাচ্ছন্নং দিনম্ ; 'Bad' smell, 'পূতিঃ' গন্ধঃ ;

(c) Evil ; Evil sprit—বাস্তরঃ, বেতালঃ ; 'Evil' eye, কুদৃষ্টিঃ ; Evil-minded, দুর্ম্মনাঃ ।

(d) Ill ; Ill luck—দুর্দ্দৈবম্, দুর্বিপাকঃ or দৈববিপর্য্যাসঃ ; Do not take it ill—নৈতৎ কদর্থং কুরু, নৈতস্মিন্ কদর্থমারোপয় ; Ill treatment—কুব্যবহারঃ, কদাচরণম্ ; Ill will—বৈরম্, সাপত্ন্যম্, দুর্ধীঃ ; Ill-favoured—কদাকারঃ, কুৎসিতঃ ; Ill-natured, Ill-tempered—উদ্ধতঃ, দুষ্প্রধর্ষঃ ; Ill health, অস্বাস্থ্যম্ ; He is ill or badly off, স দরিদ্রঃ ; Ill-figured কদাকারঃ ।

(e) Far ; 'Far' distance 'বহু' দূরম্ ; 'Far' difference, 'পুষ্কলঃ' প্রভেদঃ ; 'Far-fetched' meaning, 'কষ্টকল্পিতো'হর্থঃ ; 'The farther' they ascended, the lighter the air became, 'যথা যথা দূরতরং' তে উত্তস্থুঃ তথা তথা লঘুতরো বভূব বায়ুঃ ।

(f) Fore : Forefathers—পিতরঃ, পূর্ব্বপুরুষাঃ ; Forefinger, তর্জ্জনী ; Foresight, পরিণামাবেক্ষণম্, উদর্কাবেক্ষণম্ ; At first, প্রথমতঃ ।

(g) Further, Further more—অপরম্ ; 'Further' example, 'অপরম্' উদাহরণম্ ; Till 'further' notice, 'অপরাম্ or দ্বিতীয়াং' বিজ্ঞপ্তিং যাবৎ ।

(h) Hind : 'Hind' leg, 'পশ্চাদ্‌বর্ত্তি' পদম্ ।

(i) Late : It is getting late—বেলা বর্দ্ধতে, বেলাতিক্রামতি ; You are 'late'—'চিরায়িত'স্ত্বম্, বেলাতিক্রমঃ কৃতস্ত্বয়া; 'Later' edition, 'পরতরং' সংস্করণম্ ; Too 'late', ভৃশং or অত্যর্থং 'চিরায়িতম্' ; The late I's'warachandra, মৃতঃ or স্বর্গতঃ ঈশ্বরচন্দ্রঃ ; At last, অতঃপরম্ ; Supported 'to the last', 'আমরণম্ or অন্তিমাদনং যাবৎ' প্রতিপালিতঃ ।

(j) Like ; তুল্যার্থক 'সদৃশ', 'সম', 'নিভ' ইত্যাদি শব্দ ; তুল্যার্থে 'বৎ' প্রত্যয় ; Like the moon—চন্দ্রতুল্যঃ, চন্দ্রসদৃশঃ, চন্দ্রসমঃ, চন্দ্রবৎ বা ।

(k) Near—সন্নিহিতঃ, আসন্নঃ, অভ্যর্ণঃ ; Things near

at hand, অভ্যর্ণং দ্রব্যজাতম্ ; Nextdoor neighbour, আসন্নঃ প্রতিবেশী ; Next boy, পরো বালকঃ ; Next world—পরো লোকঃ, পরলোকঃ ; In the next world, অমুত্র, (Opp. In this world, ইহ ) ।

(l) Old : 'Old' man, 'বৃদ্ধঃ' ( লোকঃ ) ; 'Old' book, 'পুরাতনং' পুস্তকম্ ; 'Old' age 'পশ্চিমং' বয়ঃ ; 'Old' styles 'প্রাচীনা' লেখনরীতিঃ ; 'Old' time, 'পুরা' কালঃ ; 'Old' in wisdom—জ্ঞানেন 'প্রবীণঃ or বৃদ্ধঃ', জ্ঞানবৃদ্ধঃ ; 'Elder' brother, 'জ্যায়ান্' ভ্রাতা ; 'Elder' sister, 'জ্যায়সী' ভগিনী ; The 'eldest' son, 'জ্যেষ্ঠঃ' পুত্রঃ ।

(m) Up, উপরি স্থিতঃ ; Up country, উন্নতো দেশঃ or ভূভাগঃ ; Upper lip, ওষ্ঠঃ, (Opp. Lower lip, অধরঃ ) ।

(n) Very ; The very boy, স এব বালকঃ ; At the very moment, তস্মিন্নেব ক্ষণে ।

(o) Superior, উত্তরঃ ; There is no fame 'superior to it', নাস্তি কীর্তিরতঃপরা ; Order of the superiors, গুরূণামাদেশঃ ; Inferior—অধরঃ, অবরঃ ।

(p) Interior, অন্তঃ ; Interior part, অন্তর্ভাগঃ ; Exterior, বহিঃ ।

**79. A few other examples :**

(a) 'Gold' belt—'হৈমঃ' চন্দ্রহাসঃ, 'হৈমী' মেখলা or রশনা ; (b) Mountain-chain—পর্ব্বতশ্রেণী, শৈলমালা ; (c) The

'then' king, 'তদানীন্তনঃ' or 'তাৎকালিকঃ' রাজা ; (d) The 'once' ruler, 'ভূতপূর্ব্বো' ভূপতিঃ ; (e) The 'only' son, 'কেবলঃ or একঃ' পুত্রঃ ; (f) 'Above' story, 'প্রাগুক্তম্' উপাখ্যানম্ ; (g) After effects, পরিণামফলানি, উদর্কাঃ।

## 80. Articles ;—A or An, The :

'The' এই articleএর সংস্কৃতে অনুবাদ করিতে হইলে, 'ইদম্' 'অদস্,' বা 'তদ্' শব্দের প্রয়োগ করিতে হয়। যথা, 'The' man, 'অয়ং' লোকঃ ; 'The' tree 'অসৌ' বৃক্ষঃ ; By 'the' boys, 'এভিঃ' 'or' 'তৈঃ' বালকৈঃ ; From 'the' men, 'তেভ্যঃ' পুরুষেভ্যঃ।(১)

(a) 'Sun', 'Moon', 'Earth,' 'Air,' 'Wind,' 'Sky,' প্রভৃতি well-known এবং single object এর পূর্ব্বস্থিত 'The' এর অনুবাদ করিতে হয় না। যথা, The sun, সূর্য্যঃ ; The Moon, চন্দ্রঃ ; The Earth, পৃথিবী ; The Air, বায়ুমণ্ডলম্ ; The sky, আকাশম্।

(b) নদ, নদী, দ্বীপপুঞ্জ, পর্ব্বতশ্রেণী, মহাসাগর, সাগর, উপসাগর, সমাজ ও জাতির নাম এবং descriptive ভৌগোলিক নামের পূর্ব্বে ব্যবহৃত 'The' এর অনুবাদ করিতে হয় না। যথা,

---

(১) ইংরাজীতে যে স্থলে 'The' কোন বস্তু বা ব্যক্তিকে বিশেষরূপে (definitely) নির্দ্দেশ করে, সেই স্থলেই ঐরূপে 'The' এর অনুবাদ করিতে হয় ; অন্যত্র উহার অনুবাদ করিতে হয় না।

The Brahmaputra, ব্রহ্মপুত্রঃ (নদঃ) ; The Ganges, গঙ্গা ; The Lacadives, লাক্ষাদ্বীপপুঞ্জঃ ; The Himàlayàs, হিমালয়ঃ ; The Indian Ocean, ভারতমহাসাগরঃ ; The Black Sea, কৃষ্ণসাগরঃ ; The Bay of Bengal, বঙ্গোপসাগরঃ ; The Aryans, আর্য্যসমাজঃ ; The Bràhmanas, ব্রাহ্মণাঃ ; The Deccan, দাক্ষিণাত্যঃ।

(c) Species ( জাতি )-প্রকাশক Common nounএর পূর্ব্বে ব্যবহৃত 'The' এর অনুবাদ করিতে হয় না। যথা, The ass, গর্দ্দভঃ ; The mango, চূতম্ ; The Jessamine, মল্লিকা, মালতী, জাতী।

(d) Superlative Degree, Ordinal Numbers, Nominative in Apposition এবং Object in Appositionএর পূর্ব্ববর্ত্তী 'The' এর অনুবাদ করিতে হয় না। যথা, This is 'the' best of all books, সর্ব্বেষাং পুস্তকানাম্ ইদমেব শ্রেষ্ঠম্ ; He is 'the' second son of Ràma, স রামস্য দ্বিতীয়ঃ পুত্রঃ ; Calcutta, the Capital of India, is on the Ganges—ভারতস্য রাজধানী কলিকাতা গঙ্গাতীরে ; In the cave of the Himàlayàs, the father of Gourí—গৌরীগুরোর্হিমালয়স্য গহ্বরে।

(e) Adjective Phrase এবং Adjective Clause দ্বারা qualified nounএর পূর্ব্বস্থিত 'The'এর অনুবাদ করিতে হয় না। যথা, The golden bracelet in my hand, মহস্তস্থং সুবর্ণকঙ্কণম্ ;

The book, that I want, is Uttaracharitam—মৎপ্রার্থিতং পুস্তকম্ উত্তরচরিতম্।

**81.** 'The' কোন Adjectiveএর পূর্ব্বে বসিলে, class এই অর্থ প্রকাশ করে এবং অনুবাদে 'The' কে পরিত্যাগ করিয়া, adjectiveএর corresponding বিশেষণপদকে বহুবচনান্ত করিয়া প্রয়োগ করিতে হয়। যথা, Oh son of Kuntí, support 'the poor'—'দরিদ্রান্' ভর কৌন্তেয়; 'The rich' hate 'the poor,' 'ধনিনো' 'দরিদ্রান্' অবমন্যন্তে।

**82.** Possessive Pronounএর পরিবর্ত্তে 'The' ব্যবহৃত হইলে, তাহার অনুবাদ করিতে হয় না। যথা, He struck me on 'the' (my) head, স মাং শিরসি অতাড়য়ৎ; Do not pull her by 'the' (her) ear—কর্ণং গৃহীত্বা মা তামাকর্ষ, কর্ণগ্রাহং মা তামাকর্ষ; He is caught by 'the hair', সঃ কেশেষু গৃহীতঃ।

**83.** A বা An এই দুইএর অনুবাদে 'এক' শব্দের প্রয়োগ করিতে হয়। যথা, Not 'a' mouse is stirring, 'নৈকোঽপি' মূষিকঃ সঞ্চরতি; Killed with 'a' blow, 'একেন মুষ্ট্যাঘাতেন হতঃ; In 'a' day—'একস্মিন্' দিবসে, 'একেন' দিবসেন।

(a) জাতিবাচক বা class-বাচক শব্দের পূর্ব্বস্থ 'A' বা 'An' এর অনুবাদ হয় না। যথা, 'A' tiger is a ferocious animal, ব্যাঘ্রো মারাত্মকো জন্তুঃ; 'A' mango is a nice fruit, দিব্য-মাম্রং ফলম্; 'A' pious man is revered by all, ধার্ম্মিকঃ সর্ব্বৈরেব পূজ্যতে।

(b) কখন কখন 'A' বা 'An', 'some' বা 'certain' অর্থে ব্যবহৃত হয়; তখন উহাদের অনুবাদে 'বিশেষ' শব্দের অথবা 'চিৎ' বা 'চন' প্রত্যয়ান্ত 'কিম্' শব্দের প্রয়োগ হয়। যথা, Durmukha was a faithful servant of Ràma, দুর্ম্মুখো রামস্য বিশ্বস্তো ভৃত্যবিশেষঃ or কশ্চিদ্ বিশ্বস্তো ভৃত্য আসীৎ; In the abodes on Ràmagiri, there lived 'a' Yaksha—'কশ্চিদ্' যক্ষো or যক্ষবিশেষঃ রামগির্য্যাশ্রমেষু বসতিং চক্রে।

## 84. Other Uses of A and The :

(a) Not a bit larger, ন মনাগপি বৃহত্তরম্; (b) Diverted not a jot নাণ্বপি বিসংবাদি; (c) Now-a-days—এষু দিবসেষু। (d) A fact is a fact,—সত্যং সত্যমেব, সত্যং নাপলপনীয়ম্; (e) He fell fast asleep, তূর্ণং স নিদ্রিতো বভূব; (f) He earns one rupee 'a day', 'প্রতিদিনং' স মুদ্রামেকামর্জ্জয়তি; (g) The king went ahunting রাজাসৌ 'মৃগয়াং জগাম; (h) He stands ashore, স বেলায়াং তিষ্ঠতি; (i) There is 'not a single' boy, 'নৈকোঽপি' বালকো বিদ্যতে; (j) Súsíla is a good boy but Ráma is a bad one, সুশীলঃ সাধুর্বালকো রামস্তু মন্দঃ; (k) He is a Kálidása, স কালিদাসকল্পঃ কবিঃ; (l) Wait 'a beat', 'ক্ষণং' or 'মুহূর্ত্তং' প্রতিপালয় or অপেক্ষস্ব; (m) A great deal, A good deal, A great

many, A good many—অসংখ্যকাঃ, বহবঃ, অনেকে ; (n) This and the like, এবমাদি ; (o) The more so, বিশেষেণ or বিশেষতঃ ; (p) The slower, the surer, যথা মৃদুতরস্তথা ধ্রুবতরঃ ; (q) The less you think of the death of your son, the less will be your sorrow—যথা যথা অল্পীয়সী তে পুত্রস্য মৃত্যুচিন্তা, তথা তথা অল্পীয়স্তে দুঃখং ভবিষ্যতি ; (r) He is gone to the Bázár, স বিপণিং গতঃ ; (s) He is the Kálidása of the age, স তাৎকালিকঃ প্রখ্যাততমঃ কবিঃ ।

**85.** ইংরাজীতে যেমন Noun এর উত্তর 'al', 'ous', 'ful', 'able', 'ible', 'some', 'ly' প্রভৃতি suffix যোগ করিলে, Adjective প্রস্তুত হয়, সংস্কৃতেও সেইরূপ তদ্ধিত প্রত্যয়, কৃৎ প্রত্যয় অথবা সমাস দ্বারা বিশেষণ পদ নির্ম্মিত হইতে পারে । যথা, National, জাতীয় ; Famous—প্রখ্যাত, প্রথিত ; Grateful, কৃতজ্ঞ ; Immovable, স্থাবর ; Valuable, মহার্ঘ ; Contemptible, ঘৃণার্হ ; Troublesome, ক্লেশাবহ, ক্লেশপ্রদ ; Sickly, রুগ্ন ; Devoted, তৎপর, আসক্ত ; Excellent—বিশিষ্ট, প্রকৃষ্টতম ; Haughty, অবলিপ্ত ; Helpless,—অশরণ, দীন ; Inanimate, অচেতন ; Peevish—পিশুন, দুঃশীলঃ Resplendent,—ভ্রাজমান, দেদীপ্যমান ; Verdant—হরিত, শাদ্বল ; Worthy—সদৃশ, অনুরূপ ; Honeyed—মধুস্যন্দিন্, মধু-মধুর ; Warlike—রণপ্রিয়, শূর ।

**86.** যেমন ইংরাজীতে Adjective এর উত্তর 'dom', 'ness'

প্রভৃতি suffix যোগ করিলে Abstract noun প্রস্তুত হয়, সেইরূপ সংস্কৃতের বিশেষণের উত্তর 'ত্ব', 'ষ্ণ্য', 'ত্ব', 'তা', 'ইমন্', প্রভৃতি প্রত্যয় করিলে, গুণবাচক বিশেষ্য পদ নির্ম্মিত হয়। যথা, Lightness, লাঘবম্ ; Sweetness, মাধুর্য্যম্ ; Darkness— মলিনত্বম্, মালিন্যম্ ; Wisdom, জ্ঞানবত্তা ; Sanctity, পবিত্রতা ; Yellowness, পীতিমা ; Simplicity., আর্জ্জবম্।

## EXERCISE

*Translate into Sanskrit—*

(a) Given to the rich ; The richmen of Benares ; Two brave boys ; Kind friends ; In four fortnights ; Useful animals ; Of a fond father ; With the bright light of the moon ; By a tame dog ; From several villages ; Toworde the mountain of Vindhya; Black stones ; By the old ; Old things ; Of the sons of Dasrratha ; With mother's fond sisters ; Upon the great desert; During the month of Fálguna ; Empty vessels; On an even path ; Son of a well-to-do man; Well-up in Mathematics; A boy well-up in Sanskrit; An ever green tree ; For his daily bread : Beautiful trees ; Through transparent water; The bright rays of the sun; A coveteous money-lender Contented heart; In a dark room ; With stronger foes ; For dutiful students; Capital punishment; White snow on the Himálayás; An impassable path ; With beautiful colours ; Of famous men ; Three worlds ; Golden ornaments ; The very mad man.

(b) Much trouble; All matter; Little eyes; Much fragrant oil ; More liquid , Little room ; Enough water ; Four flowers ; Fifth of my brothers; Seventeenth invasion; Double the amount ; Much contentment ; Little daughter ; Each of the girls ; Each girl ; Every tree : Several times : Neither of his sisters : Neither

son ; To their respective gardens ; On either side of the road ; Many seasons ; All glittering things ; So many years ; By how many boys ; Some boys ; With a few letters ; Few trees ; Sundry articles ; Several proposals ; Divers flowers ; By any way ; From any boys ; With a certain view ; With these views ; By that boy ; For the very reason ; Some names ; Of such things ; Through other causes ; For another purpose ; In which book ; From what villages ; Four gardens ; My letters ; Thy wish.

(c) Most obedient sons ; More favourite students ; Brighter than the rays of the sun ; Bright disc of the midday sun ; More certain statement ; Most faithful subjects ; For her most beloved daughters ; Most popular ruler ; By the good ; Joyful birds ; Most attentive pupils ; Upper land ; In the very place ; Inferior foe ; At a later date ; Like his father ; Near relations ; Old proverbs ; Silver ornaments ; The only daughter ; Of Sindh ; Upon the valleys of the Himàlayàs; The lion, the king of the beasts; The most intelligent of all boys ; By Ràma, the brother of a teacher ; In Calcutta, the capital of India ; With Goutamí, the sister of Kanva, a hermit ; The fame of Kálidàsa, one of the nine jewels ; From Prayàga, at the confluence of the Gánges and the Yamunà ; By the honest ; Caught by the hand ; Serfdom ; Blackness ; The views of the wood ; The beauties of nature ; A boy ; A professor ; The cow, a useful animal ; Koutsa, a hermit ; Asoka is a tree ; He is a Newton ; Interior side ; Exterior portion ; By the name of Gopàla ; Poor to the last ; Riches, the sources of all miseries ; Of Ràma, the son of Dasaratha, the king of Ayodhyà; Parasuràma, the destroyer of the Kshatriyas ; The same keen intelligence.

# LESSON—VII

# Verbs

**87. Concord of Subjects and Verbs** :—
ইংরাজীভাষায় Verbগুলি Transitive এবং Intransitive এই দুই ভাগে বিভক্ত। Transitive সকর্ম্মক ক্রিয়া, অর্থাৎ ইহার অন্ততঃ একটি করিয়া কর্ম্ম থাকে; আর Intransitive অকর্ম্মক ক্রিয়া, অর্থাৎ ইহার কর্ম্ম থাকে না। Transitive verb বিশিষ্ট sentenceএর সংস্কৃতে অবিকলই অনুবাদ হয়, অর্থাৎ sentenceএ ব্যবহৃত nominative ও objective অনুবাদেও verbএর corresponding সকর্ম্মক ক্রিয়ার কর্ত্তা ও কর্ম্ম হয়। আর verbটি Intransitive হইলে, object থাকে না, সুতরাং, অনুবাদেও কর্ম্ম থাকে না, কর্ত্তা ও ক্রিয়ার উল্লেখ থাকে মাত্র। ইংরাজীতে যেমন nominativeএর number, person অনুসারে verbএর nnmber ও person নিরূপিত হয়, সংস্কৃতেও সেইরূপ কর্ত্তার বচন ও পুরুষ অনুসারে ক্রিয়ার বচন ও পুরুষ স্থির করিতে হয়, অর্থাৎ কর্ত্তার যে বচন ও যে পুরুষ হয়, ক্রিয়ারও সেই বচন ও সেই পুরুষ হয়। যথা, The fire (Nom.) 'burns' (Transitive verb, third person, singular) houses (Object), অগ্নিঃ (কর্ত্তা) 'দহতি' ( সকর্ম্মক ক্রিয়া, প্রথম

পুরুষ, একবচন ) গৃহাণি ( কর্ম্ম ) ; The dog (Nom.) 'barks' (Intransitive, third person, singular), সারমেয়ঃ ( কর্ত্তা ) 'রৌতি' ( অকর্ম্মক ক্রিয়া, প্রথম পুরুষ, একবচন )।

(a) ইংরাজীতে যে সকল Verb Transitive, সংস্কৃতেও যে তাহাদের corresponding ক্রিয়া সর্ব্বত্রই সকর্ম্মক হইবে, তাহা নহে ; অনেক স্থলে Transitive verbএর corresponding ক্রিয়াপদ অকর্ম্মক হয়। এরূপ verbএর অনুবাদস্থলে, objectএর অবিকল অনুবাদ করা যায় না, অর্থাৎ অনুবাদে object কর্ম্মকারক থাকে না, উহা অন্যকারক হয়। যথা, Ráma loves me, রামো ময়ি ( অধিকরণ for 'object' ) স্নিহ্যতি (Intrans.) ; Sakuntalá has offended some one deserving respect, কস্মিন্নপি ( অধিকরণ for 'object' ) পূজার্হে অপরাদ্ধা শকুন্তলা ; I desire you to do it, ত্বয়া ( কর্ত্তা for 'object'). এতৎ ক্রিয়তামিতি অভিলষামি।

(b) ইংরাজীতে 'Has' বা 'Have' Transitive verb ; কিন্তু সংস্কৃত-অনুবাদে 'অস্', 'বিদ্' ইত্যাদি সত্তার্থক অকর্ম্মক ধাতুর প্রয়োগ করিতে হয় ; সুতরাং, nominative ও objectiveএর অবিকল অনুবাদ হয় না, অর্থাৎ ভাষান্তরে nominative ষষ্ঠ্যন্ত এবং object কর্ত্তৃপদ হয়। [ See Sec. 31(a) ]

**88**. ইংরাজীতে যেমন Prepositionএর সংযোগে Intransitive verb সকল Transitive হয়, সংস্কৃতেও সেইরূপ অনু, অধি, অভি, উপ ইত্যাদি উপসর্গের যোগে অকর্ম্মক ধাতু সকর্ম্মক হয়। যথা,

He 'laughs at' me, স মাম্ 'উপহসতি' ; He 'ran to' her, স তাম্ 'অভিদুদ্রাব' ; Ráma 'lived in' Dandaka for fourteen years, রামশ্চতুর্দ্দশবর্ষাণি দণ্ডকান্ 'অধ্যুবাস'; They 'went to' the lion Bhásuraka, তে ভাসুরকং সিংহম্ 'অভ্যুপেয়ুঃ'।

**89.** Cognate Accusativeএর অনুবাদ করিতে হইলে corresponding সংস্কৃত ধাতুর ভাবসাধিত কর্ম্মপদের প্রয়োগপূর্ব্বক কৃ প্রভৃতি ধাতুর ব্যবহার করিতে হয়, অথবা ঐ কর্ম্মপদের উল্লেখ না করিয়া verb এর অনুবাদ করিলেও হয়। যথা, He faught a dreadful 'fight' স ভীষণং 'যুদ্ধং' চকার or স ভীষণং 'যুযুধে' ; He lived a long 'life', স দীর্ঘজীবনং লেভে or স চিরং জিজীব।

---

## LESSON—VIII

# Voices ( বাচ্য )

**90.** ইংরাজীভাষায় দুইটী Voice আছে, Active ও Passive. কিন্তু সংস্কৃতে তিনটী বাচ্য ব্যবহৃত হয় ; কর্তৃবাচ্য (Active Voice) কর্ম্মবাচ্য (Passive Voice) এবং ভাববাচ্য (Neuter Passive Voice). ইংরাজীর transitive verb এরই Active ও

Passive Voice এবং intransitive verbএর কেবলমাত্র Active Voice হয়। কিন্তু সংস্কৃতে তাহা নহে, অর্থাৎ সংস্কৃতে সকর্ম্মক ধাতুর কর্তৃবাচ্য ও কর্ম্মবাচ্যে প্রয়োগ হয় বটে, কিন্তু অকর্ম্মক ধাতুও কর্তৃবাচ্যে এবং ভাববাচ্যে ব্যবহৃত হয়। সুতরাং, সংস্কৃতে সকর্ম্মক ও অকর্ম্মক এই উভয়বিধ ক্রিয়ারই দুইটি করিয়া বাচ্য আছে বলিয়া, প্রত্যেক ক্রিয়ারই বাচ্যান্তর হয়; ইংরাজীতে transitive verb এরই Voice changed হয়, intransitive verb এর হয় না।

(a) ইংরাজীতে transitive verb সকল intransitive-ভাবে ব্যবহৃত হইলে, neuter verb হয়; সুতরাং, সর্ব্বত্রই কেবল Active Voiceএ ঐরূপ verbএর প্রয়োগ হয়। সংস্কৃতেও এই-রূপ কর্ম্মের অবিবক্ষাবশতঃ, সকর্ম্মক ক্রিয়া অকর্ম্মকভাবে প্রযুক্ত হয় এবং অকর্ম্মক ক্রিয়ার ন্যায় উহারও কর্তৃবাচ্যে বা ভাববাচ্যে প্রয়োগ হয়। যথা, The fire 'burns' (Intransitively used, active) অগ্নি'দহতি' (কর্তৃবাচ্য); অগ্নিনা 'দহ্যতে' ভাববাচ্য)।

**91**. ইংরাজীর উভয় Voiceএই nominativeএর যে number ও যে person হয়, verbএরও সেই number ও সেই person হয়। কিন্তু সংস্কৃতে কর্তৃবাচ্যের ক্রিয়া কর্ত্তার অনুসারিণী অর্থাৎ কর্ত্তার যে বচন ও যে পুরুষ হয়, ক্রিয়ারও সেই বচন এবং সেই পুরুষ হয়; এইরূপ কর্ম্মবাচ্যের ক্রিয়া কর্ম্মানুসারিণী, অর্থাৎ কর্ম্মের বচন ও পুরুষ প্রাপ্ত হয়; ভাববাচ্যের ক্রিয়াই প্রধান এবং উহা সর্ব্বত্রই প্রথম পুরুষের একবচনে ব্যবহৃত হয়।

**92**. কর্তৃবাচ্যের ক্রিয়ার কর্ত্তায় (উক্ত কর্ত্তায়) প্রথমা বিভক্তি

ও কর্ম্মে ( অনুক্তকর্ম্মে ) দ্বিতীয়া বিভক্তি এবং কর্ম্মবাচ্যের ক্রিয়ার কর্ত্তায় ( অনুক্ত কর্ত্তায় ) তৃতীয়া ও কর্ম্মে ( উক্তকর্ম্মে ) প্রথমা বিভক্তি হয় ; ভাববাচ্যের কর্ত্তায় ( অনুক্তকর্ত্তায় ) তৃতীয়া বিভক্তি হয় এবং কর্ম্ম থাকে না। যথা, কর্তৃবাচ্য—দেবদত্তঃ ( উক্তকর্ত্তা ) গ্রামং ( অনুক্তকর্ম্ম ) গচ্ছতি ; কর্ম্মবাচ্য—দেবদত্তেন (অনুক্তকর্ত্তা) গ্রামঃ ( উক্তকর্ম্ম ) গম্যতে ; ভাববাচ্য—দেবদত্তেন ( অনুক্তকর্ত্তা ) গম্যতে।

(৪) বালকগণের বোধসৌকর্য্যার্থে নিম্নে বাচ্যবিষয়ক একটি Table প্রদত্ত হইল। ইহাতে বাচ্যের ও বাচ্যান্তরের বিষয়ে ছাত্রবর্গের বিশেষ উপকার হইবে।

| | | | |
|---|---|---|---|
| কর্তৃবাচ্যে | কর্ত্তা ( উক্ত ) প্রথমান্ত | কর্ম্ম ( অনুক্ত ) দ্বিতীয়ান্ত | ক্রিয়া কর্ত্তার অনুসারিণী, অর্থাৎ কর্ত্তার বচন ও পুরুষ প্রাপ্ত হয়। |
| কর্ম্মবাচ্যে | কর্ত্তা (অনুক্ত) তৃতীয়ান্ত | কর্ম্ম ( উক্ত ) প্রথমান্ত | ক্রিয়া কর্ম্মের অনুসারিণী, অর্থাৎ কর্ম্মের বচন ও পুরুষ প্রাপ্ত হয়। |
| ভাববাচ্যে | কর্ত্তা (অনুক্ত) তৃতীয়ান্ত | কর্ম্ম নাই | ক্রিয়াই প্রধান এবং উহা সততই প্রথম পুরুষের একবচনে ব্যবহৃত হয়। |

**93.** Active Voiceএ সকল sentenceএর অবিকলই অনুবাদ হয়, অর্থাৎ nominativeএর পরিবর্ত্তে প্রথমান্ত

কর্ত্তৃপদের, objectএর স্থানে দ্বিতীয়ান্ত কর্ম্মপদের এবং verbএর পরিবর্ত্তে তুল্যবচনের ও তুল্যপুরুষের ক্রিয়াপদের প্রয়োগ হয়। কিন্তু Passive Voiceএ sentenceএর অনুবাদে, nominativeএর স্থানে প্রথমান্ত কর্ম্মপদের, verbএর পরিবর্ত্তে কর্ম্মবাচ্যের ক্রিয়ার এবং 'by' ও তাহার পরবর্ত্তী objectiveএর স্থানে তৃতীয়ান্ত কর্ত্তৃপদের ব্যবহার করিতে হয়। যথা, Active—He (nom.) সঃ, beats (verb) প্রহরতি, me (obj.) মাম্ = He beats me, সঃ মাং প্রহরতি ; Passive—I (nom.) অহম্, am beaten (verb) প্রহ্রিয়ে, by him (obj) তেন = I am beaten by him, অহং তেন প্রহ্রিয়ে। ইংরাজীতে Neuter Passive Voice নাই।

**94.** Look, appear ও seem এই কয়েকটি verbএর অনুবাদে কর্ম্মবাচ্যের ক্রিয়া ব্যবহৃত হয়। যথা, He looks beautiful, সঃ সুন্দরো দৃশ্যতে ; The boy appears stupid, বালকোঽসৌ মন্দধীঃ প্রতীয়তে ; Rāma seems perplexed, রামো বিমূঢ়ঃ প্রতীয়তে। রামো বিমূঢ়ঃ প্রতিভাতি, এরূপও হইতে পারে।

**95.** কর্ত্তৃবাচ্য কর্ম্মবাচ্য ও ভাববাচ্য ব্যতীত, সংস্কৃতে অপাদান, সম্প্রদান, করণ ও অধিকরণ এই চারিপ্রকার বাচ্য আছে। কর্ত্তৃবাচ্য, কর্ম্মবাচ্য ও ভাববাচ্য তিঙন্ত ও কৃদন্ত প্রকরণে ব্যবহৃত হয় ; অপাদানাদি চার বাচ্যের তিঙন্তে প্রয়োগ হয় না, কৃদন্তেই হইয়া থাকে, অর্থাৎ তিঙন্ত ও কৃদন্ত পদ কর্ত্তৃপ্রভৃতি বাচ্যে এবং কেবল কৃদন্ত পদ অপাদানাদি বাচ্যে ব্যবহৃত হয়। যথা, করোত্যসৌ ইতি কারকঃ (কৃদন্ত), করোতি ( তিঙন্ত )—কর্ত্তৃবাচ্য ; ক্রিয়তে যৎ

তৎ কার্যাম্ (কৃদন্ত), ক্রিয়তে (তিঙন্ত)—কর্ম্মবাচ্য; ভাব্যম্ (কৃদন্ত), ভূয়তে ( তিঙন্ত )—ভাববাচ্য ; প্রভবত্যস্মাৎ ইতি প্রভবঃ (কৃদন্ত)-অপাদান ; দীয়তে অস্মৈ ইতি দানীয়ঃ—সম্প্রদান ; ক্রিয়তে অনেন ইতি করণম্ (কৃদন্ত)—করণ ; জায়তে অস্যাম্ ইতি জননী (কৃদন্ত) —অধিকরণ।

**96.** উল্লিখিত সাতটি বাচ্য ব্যতীত সংস্কৃত ভাষায় আর একটি বাচ্য আছে, তাহাকে কর্ম্মকর্তৃ-বাচ্য (Passive-Active Voice) কহে। কর্ম্মকর্তৃ-বাচ্যের কর্ত্তায় কর্তৃবাচ্যের কর্ত্তার বিভক্তি এবং ক্রিয়ায় কর্ম্মবাচ্যের ক্রিয়ার চিহ্ন থাকে, অর্থাৎ কর্ত্তায় প্রথমা বিভক্তি এবং ক্রিয়া কর্ম্মবাচ্যের ক্রিয়ার ন্যায় রূপান্তরপ্রাপ্ত হয়। কর্ম্মই কর্তৃরূপে বিবক্ষিত হয় বলিয়া, কর্ম্মকর্তৃ-বাচ্যের ক্রিয়া (কর্ম্মের অভাবে) সকর্ম্মক হইলে অকর্ম্মকরূপে ব্যবহৃত হয় ; সুতরাং ঐরূপ ক্রিয়ার কেবল কর্তৃবাচ্যে ও ভাববাচ্যেই প্রয়োগ হয়, কর্ম্মবাচ্যে হয় না। যথা, কাষ্ঠং ভিদ্যতে (কর্তৃবাচ্য) ; কাষ্ঠেন ভিদ্যতে, (ভাববাচ্য)।(১)

---

(১) "ক্রিয়মাণস্তু যৎ কর্ম্ম স্বয়মেব প্রসিধ্যতি। সুকরৈঃ স্বৈর্গুণৈঃ কর্ত্তুঃ কর্ম্মকর্ত্তেতি তদ্ বিদুঃ।"—অন্যেন ক্রিয়মাণং সাধ্যমানং যৎ কর্ম্ম কর্ত্তুঃ সুকরৈঃ সুখনিষ্পাদ্যৈঃ স্বৈঃ নিজৈঃ কর্ম্মসম্বন্ধিভিরিতি যাবৎ, গুণৈঃ স্বয়মেব প্রসিধ্যতি নিষ্পদ্যতে, তৎ কর্ম্মকর্ত্তা ইতি বিদুঃ জানন্তি, বুধাঃ ইতি শেষঃ ( মুগ্ধবোধম্ )। অর্থাৎ, অপরকর্তৃক ক্রিয়মাণ যে কর্ম্মপদ, কর্ত্তার সুখ-নিষ্পাদ্য সহজ অর্থাৎ স্বাভাবিক গুণ দ্বারা সম্পন্ন হয়, তাহাকে কর্ম্মকর্ত্তা কহে ; অন্যেন ভিদ্যমানং কাষ্ঠং স্বয়মেব ভিদ্যতে ইতি কাষ্ঠং ভিদ্যতে। ইহাতে স্পষ্টই বোধ হইতেছে যে, অপরকর্তৃক ভিদ্যমান কর্ম্মপদ 'কাষ্ঠ' তাহার সুখনিষ্পাদ্য

(a) যে সকল ধাতুর দুইটি করিয়া কর্ম্ম থাকে, তাহাদের কর্ম্ম কর্ত্তৃবাচ্যে প্রয়োগ হয় না ; কারণ, একটি কর্ম্ম কর্ত্তৃরূপে ব্যবহৃত হইলেও, অন্যটি কর্ম্মরূপেই থাকে।

**97.** যে সকল verb Active in form এবং Passive in meaning, তাহাদের অনুবাদে কর্ম্মবাচ্যের ক্রিয়া বা কৃদন্ত পদ ব্যবহৃত হয়। যথা, The song 'hears' well, সঙ্গীতং তৎ মধুরং 'শ্রূয়তে' ; Food 'to eat,' 'ভক্ষ্যং' দ্রব্যম্ ; Water 'to drink', 'পেয়ং' পয়ঃ, Task 'to do', 'কর্ত্তব্যং' কার্য্যম্ ; Load 'to bear', 'বাহ্যো' ভারঃ ; It 'reads' well, সুখেন 'পাঠ্যম্' ( সুখপাঠ্যম্ ) এতৎ or সুখেনৈতৎ পঠ্যতে ; This pen 'writes' well, লেখন্যানয়া সুষ্ঠু 'লিখ্যতে'। কোন কোন স্থলে কর্ত্তৃবাচ্যও হয়। যথা, This mango 'tastes' sweet, চূতমিদং মধুরং 'স্বদতে'।

---

স্বাভাবিক অতিভঙ্গুরতা-রূপ গুণ দ্বারা স্বয়ং নিষ্পন্ন হইতেছে ; সুতরাং উহাই ( কর্ম্মই ) কর্ম্মকর্ত্তা। পূর্ব্বে যে কর্ম্ম ছিল, তাহা এক্ষণে কর্ত্তা হইল বলিয়াই, উহাকে কর্ম্মকর্ত্তা কহে। যে ধাতুর অর্থ কর্ম্মস্থ, অর্থাৎ কর্ম্মেই যে ক্রিয়ার ফল বর্ত্তমান থাকে, সেই ক্রিয়ার কর্ম্মেরই কর্ম্মকর্ত্তৃত্ব-বিবক্ষা হয়, অর্থাৎ সেই কর্ম্মই কর্ম্মকর্ত্তা হয় ; উদাহরণে 'ভেদন' ক্রিয়ার ফল কর্ম্মপদ কাষ্ঠেই হইতেছে, ভেদনকর্ত্তায় নহে। ধাতুর অর্থ কর্তৃস্থ হইলে, কর্ম্ম কর্ম্মকর্ত্তা হয় না। যথা, গ্রামো গম্যতে ; গমনের ফল কর্ম্মপদ গ্রামে ঘটিতেছে না, গমনকর্ত্তায় ঘটিতেছে বলিয়া, 'গ্রামঃ' কর্ম্মকর্ত্তা নহে।

# EXERCISE

*Test the voices of the following ;—*

এবমত্রভবতী বিদাংকরোতু ; সৈব প্রিয়সখী বাসন্তী ; ন নঃ কুতূহলমস্তি সর্পদর্শনে ; হা দেবি স্মরসি বা তস্য প্রদেশস্য ; ভবতু, করিষ্যামি যদি তং প্রেক্ষ-মাণাত্মনঃ প্রভবিষ্যামি ; ন খলু স উপরতঃ যস্য বল্লভো জনঃ স্মরতি ; পর-লোকগতোঽপি স্মর্ত্তব্যো যুষ্মাভিরয়ং জনঃ ; বলীবর্দ্দঃ স বিক্রেয়ঃ ; ত্বয়ি বিশ্বসিতি মে হৃদয়ম্ ; এষ দেবো রঘুপতিস্তিষ্ঠতি ; যঃ পৌরবেণ রাজ্ঞা ধর্ম্মাধিকারে নিযুক্তঃ; স সাধুঃ সদ্ভিরুচ্যতে ; নাস্তি জীবিতাৎ অন্যৎ অভিমততরম্ ; প্রজাঃ সংরক্ষতি নৃপঃ সা বর্দ্ধয়তি পার্থিবম্ ; পিতুরেব অস্ত্রম্ অশিক্ষত ; যদ্যস্মত্তো বরীয়ান্ রাক্ষসঃ অবগম্যতে তদিদং শস্ত্রং তস্মৈ দীয়তাম্ ; কৃতাতিথ্যয়া মহাশ্বেতয়া পরিপৃষ্টঃ ; ভিক্ষুকো ব্রাহ্মণকুলমুপতিষ্ঠতে ; বিতরতি গুরুঃ প্রাজ্ঞে বিদ্যাম্ ; শ্রূয়তাং যদি কুতুহলম্ ; কিয়ন্তং কালমবস্থিতাসি অত্র ; প্রভো সংহর সংহর ; যঃ শূলাদব-তার্য্য হস্তিস্কন্ধে প্রতিষ্ঠাপিতঃ ; পতিকুলে তব দাস্যমপি ক্ষমম্ ; তৃণমিব বনে শূন্যে সা ত্যক্তা ; উদেতি পূর্ব্বং কুসুমং ততঃ ফলম্ ; শুশ্রূষস্ব গুরূন্ কুরু প্রিয়সখীবৃত্তিং সপত্নীজনে ; জাড্যং ধিয়ো হরতি সিঞ্চতি বাচি সত্যং চেতঃ প্রসাদয়তি দিক্ষু তনোতি কীর্ত্তিং সৎসঙ্গতিঃ ; দৈবায়ত্তং কুলে জন্ম মদায়ত্তং তু পৌরুষম্ ।

LESSON—IX

# How to change Voices

**98.** ইংরাজীতে Active Voiceএর verbকে Passive Voiceএ পরিবর্ত্তিত করিতে হইলে, subjectকে object এবং objectকে subject করিতে হয়। কিন্তু সংস্কৃতে বাচ্যপরিবর্ত্তনের সেরূপ নিয়ম নহে। সংস্কৃতে কর্ত্তৃবাচ্যের কর্ত্তা, কর্ম্মবাচ্যে বা ভাববাচ্যে কর্ত্তাই থাকে, এবং কর্ম্ম, কর্ম্মবাচ্যের কর্ম্মরূপেই ব্যবহৃত হয়; তবে কর্ত্তৃবাচ্যের কর্ত্তাকে উক্ত কর্ত্তা ও কর্ম্মকে অনুক্ত কর্ম্ম এবং কর্ম্মবাচ্যের সেই কর্ত্তাকেই, অনুক্তকর্ত্তা ও কর্ম্মকে উক্ত কর্ম্ম কহে; ভাববাচ্যের কর্ত্তাও অনুক্ত। বিভক্তি দ্বারাই প্রত্যেক বাচ্যের 'উক্ত' ও 'অনুক্ত' কর্ত্তা বা কর্ম্ম প্রকাশিত হয়। কর্ম্মবাচ্যের ও ভাববাচ্যের ক্রিয়া সততই আত্মনেপদী হয় এবং ইংরাজীর 'to be' verb এর ন্যায় বাচ্যসূচক চিহ্ন থাকে। কর্ম্মবাচ্যে ও ভাববাচ্যে ধাতুর কিপ্রকার পরিবর্ত্তন ঘটে, তাহা নিম্নে প্রদর্শিত হইতেছে।

**99.** লট্, লোট্, লঙ্ ও বিধিলিঙ্ এই চারি বিভক্তিতে, কর্ম্মবাচ্যে ও ভাববাচ্যে, সর্ব্বগণীয় ধাতুর উত্তর 'য' হয় এবং ধাতু সততই আত্মনেপদী হয় বলিয়া, আত্মনেপদের বিভক্তি প্রাপ্ত হইয়া থাকে। এতদ্ভিন্ন লৃট্ প্রভৃতি ছয় বিভক্তিতে, কর্ম্মবাচ্যে ও ভাববাচ্যে ধাতু আত্মনেপদী হয়মাত্র, উহার উত্তর 'য' হয় না। যথা, গম্—

গম্যতে, ভিদ্—ভিদ্যতাম্, স্পৃশ্—অস্পৃশ্যত, জ্ঞা—জ্ঞায়েত ; গম্—গমিষ্যতে ( লৃট্ )।

(a) য পরে থাকিলে, দা, ধা, মা, গা ( গৈ ), হা, পা ( পানার্থক ), সা (সো), এবং স্থা ধাতুর আকারস্থানে ঈকার হয়। যথা, দীয়তে, ধীয়তে, মীয়তে, গীয়তে, হীয়তে, পীয়তে, সীয়তে, স্থীয়তে। (১)

(b) য পরে থাকিলে, ধাতুর অন্তস্থিত হ্রস্ব ইকার ও হ্রস্ব উকার দীর্ঘ হয় এবং ঋকারস্থানে রি হয়। যথা, জি—জীয়তে, চি—চীয়তে ; শ্রু—শ্রূয়তে, স্তু—স্তূয়তে ; কৃ—ক্রিয়তে।

(c) য পরে থাকিলে, যে সকল হ্রস্ব ঋকারান্ত ধাতুর আদিতে সংযুক্ত বর্ণ থাকে, তাহাদের ও 'ঋ' ধাতুর ঋকারস্থানে অর্ এবং ৠকারান্ত ধাতুর ৠকারস্থানে ঈর্ হয়। যথা, স্মৃ—স্মর্যাতে, স্তৃ—স্তর্য্যতে, ঋ—অর্যাতে ; তৄ—তীর্য্যতে, কৄ—কীর্য্যতে। ৠকার পবর্গের পরস্থিত হইলে, তাহার স্থানে উর্ হয়। যথা, পৄ—পূর্য্যতে।

(d) য পরে থাকিলে, গ্রহ্ ধাতুর স্থানে গৃহ্, প্রচ্ছ্ ধাতুর স্থানে পৃচ্ছ্, ব্যধ্ ধাতুর স্থানে বিধ্ এবং যজ্ ধাতুর স্থানে ইজ্ হয়। যথা, গ্রহ্—গৃহ্যতে, প্রচ্ছ্—পৃচ্ছ্যতে, ব্যধ্—বিধ্যতে, যজ্—ইজ্যতে।

(e) য পরে থাকিলে, বচ্, বদ্, বপ্, বস্, বহ্ ও স্বপ্ ধাতুর অকারসহিত ব-স্থানে উ, হ্বে ধাতুর স্থানে হূ এবং শাস্ ধাতুর স্থানে

---

( ১ ) য পরে থাকিলে, শী ধাতুস্থানে 'শয়্' হয়। যথা, শী—শয্যতে।

শিষ্ হয়। যথা, বচ্—উচ্যতে, বদ্—উদ্যতে, বপ্—উপ্যতে, বস্—উষ্যতে, স্বপ্—সুপ্যতে, ; হ্বে—হূয়তে ; শাস্—শিষ্যতে।

(f) য পরে থাকিলে, উপান্ত নকারের এবং ণিজন্ত ধাতুর অন্তস্থিত ইকারের লোপ হয়। যথা, ভ্রন্‌শ্—ভ্রশ্যতে, দন্‌শ্—দশ্যতে, মন্থ্—মথ্যতে, বন্ধ্—বধ্যতে ; কারি—কার্য্যতে, মারি—মার্য্যতে, ধারি—ধার্য্যতে। (১)

(g) তবৎ-প্রত্যয়ান্ত পদকে কর্ম্মবাচ্যে ও ভাববাচ্যে প্রয়োগ করিতে হইলে, তবৎ প্রত্যয়ের পরিবর্ত্তে ত প্রত্যয় করিতে হয়। যথা, স ইদং চিন্তিতবান্ (তবৎ-প্রত্যয়ান্ত)—Active ; তেন ইদং চিন্তিতম্ (ত-প্রত্যয়ান্ত)—Passive ; তেন চিন্তিতম্ (ত-প্রত্যয়ান্ত)—Neuter Passive. (২)

(h) গমনার্থ ধাতু এবং উপসর্গপূর্ব্বক শী, স্থা, আস্, বস্, শ্লিষ্, রুহ্, জন্ ইত্যাদি সকর্ম্মক ধাতুর উত্তরও কর্ত্তৃবাচ্যে ত প্রত্যয়

---

(১) উদাহরণে কেবল লট্ বিভক্তির পদ প্রদর্শিত হইল। লোট্, লঙ্ ও বিধিলিঙ্ এই তিন বিভক্তিতেও ঐরূপই কার্য্য হইবে, বিভক্তির প্রভেদমাত্র।

(২) ত এবং তবৎ ( ক্ত এবং ক্তবতু ) প্রত্যয়ান্ত পদ সমাপিকা ক্রিয়া ও বিশেষণ ; সুতরাং, ত-প্রত্যয়ান্ত পদ, কর্ত্তার বিশেষণ হইলে, কর্ত্তার লিঙ্গ, বচন ও বিভক্তি এবং কর্ম্মের বিশেষণ হইলে, কর্ম্মের লিঙ্গ, বচন ও বিভক্তি প্রাপ্ত হয়। ভাববাচ্যে ত-প্রত্যয়ান্ত পদ সতত ক্লীবলিঙ্গের একবচন হয়। তবৎ প্রত্যয় কেবল কর্ত্তৃবাচ্যে হয় বলিয়া তবৎ-প্রত্যয়ান্ত পদ কর্ত্তার লিঙ্গ বচন ও বিভক্তি প্রাপ্ত হয়। উভয় প্রত্যয়ের নাম 'নিষ্ঠা' ( Grammatical Technicality ).

হয়। ইহাদিগকে কর্ম্মবাচ্যে প্রয়োগ করিতে হইলে, ঐ 'ত' প্রত্যয়ের পরিবর্ত্তন করিতে হয় না, ত-প্রত্যয়ান্ত পদের বিভক্তির পরিবর্ত্তন করিতে হয় মাত্র, অর্থাৎ কর্ম্মবাচ্যে ঐ পদ কর্ম্মের বিশেষণ হয় বলিয়া কর্ম্মের লিঙ্গ, বচন ও বিভক্তি প্রাপ্ত হয় [See Sec. 92(a)]। যথা, রামো গ্রামং গতঃ (ত-প্রত্যয়ান্ত)—কর্ত্তৃবাচ্যে; রামেণ গ্রামো গতঃ (ত-প্রত্যয়ান্ত)—কর্ম্মবাচ্য; ভীষ্মঃ শরশয্যাম্ অধিশয়িতঃ—কর্ত্তৃবাচ্য; ভীষ্মেণ শরশয্যা অধিশয়িতা—কর্ম্মবাচ্য।

(i) তব্য, অনীয় এবং য এই তিন প্রত্যয়ের পদকে বাচ্যান্তরে অর্থাৎ কর্ত্তৃবাচ্যে প্রয়োগ করিতে হইলে, লোট্, বিধিলিঙ্ বা লৃট বিভক্তির পদ ব্যবহার করিতে হয়; কৃত্য প্রত্যয়ান্ত (১) পদ অনুজ্ঞা (Direction) অর্থ প্রকাশ করিলে, লোট্ বা বিধিলিঙের, ভবিষ্যৎ কাল (Simple futurity) অর্থ প্রকাশ করিলে লৃটের এবং বিধি (Laying down rules) অর্থ প্রকাশ করিলে বিধিলিঙের পদ তৎপরিবর্ত্তে বাচ্যান্তরে প্রযুক্ত হয়। যথা, ন ভেতব্যং ন ভেতব্যম্ (Direction) ভাববাচ্য; ন বিভীত ন বিভীত (লোট্) or ন বিভীয়াত ন বিভীয়াত (বিধিলিঙ্)—কর্ত্তৃবাচ্য। তেন রবঃ কর্ত্তব্যঃ (Simple futurity)—কর্ম্মবাচ্য; স রবং করিষ্যতি

(১) তব্য, অনীয় এবং য এই তিন প্রত্যয়কে 'কৃত্য' (Grammatical Technicality) কহে।

( লৃট্ )—কর্ত্তৃবাচ্য। দুর্জ্জনঃ পরিহর্ত্তব্যঃ (A rule)—কর্ম্মবাচ্য; দুর্জ্জনং পরিহরেৎ (বিধিলিঙ্)—কর্ত্তৃবাচ্য। (২)

---

## EXEICISE

*Change the voices of the following :—*

ন সা বাপ্যনুশোচিতা; প্রসীদ ভগবতি বসুন্ধরে; দুঃখায় ইদং রামস্য দর্শনং সুহৃদাম্; বলীবর্দ্দঃ স বিজ্ঞেয়ঃ; আত্মার্থে পৃথিবীং ত্যজেৎ; বিতরতি গুরুঃ প্রাজ্ঞে বিদ্যাম্; অস্মাভিরপি তথা ভবিতব্যম্; বৃদ্ধস্য বচনং গ্রাহ্যম্; তাসাং চতুর্দ্দশ কুলানি; কিমিদানীং কর্ত্তব্যম্; সর্ব্বথা অন্যথা ন চিন্তনীয়ং সখে; কতমেন দিগ্-ভাগেন গতঃ স জাল্মঃ; রামশ্চতুর্দ্দশ বর্ষাণি বনমধ্যুবাস; হিরণ্যকঃ অবদৎ; হিরণ্যকশ্চিত্রবনে নিবসতি; তেন ব্যাঘ্রেণ ধৃতঃ স পান্থঃ অচিন্তয়ৎ; স্মর্ত্তব্যস্তু অয়ং জনঃ; ন হি সংহরতে জ্যোৎস্নাং চন্দ্রশ্চণ্ডালবেশ্মনি; লোকঃ পৃচ্ছতি সদ্-বার্ত্তাং শরীরে কুশলং তব; বৎসে সবিতারং দেবমুপতিষ্ঠস্ব; যদ্ দদাতি যদশ্নাতি তদেব ধনিনো ধনম্।

---

(২) কর্ম্মবাচ্যে ও ভাববাচ্যে ধাতুর উত্তর কৃত্য প্রত্যয় হয়। কৃত্য-প্রত্যয়ান্ত পদ, নিষ্ঠান্ত পদের ন্যায় সমাপিকা ক্রিয়া ও বিশেষণ হয়; সুতরাং, উহা কর্ম্মবাচ্যে কর্ম্মের লিঙ্গ, বচন ও বিভক্তি প্রাপ্ত হয় এবং ভাববাচ্যে সর্ব্বদা ক্লীবলিঙ্গের একবচন হয়।

LESSON X

# Verbs with Two Objects

**100.** ইংরাজীতে allow, ask, bring, deny, do, envy, give, lend, offer, send, show, teach, tell, pay, promise, প্রভৃতি verb এর দুইটি করিয়া কর্ম্ম থাকে ; একটি Direct এবং অপরটি Indirect object. এই দুই objectএর সংস্কৃতে অনুবাদ করিতে হইলে, সকল স্থানে দুইটি কর্ম্ম রাখিয়া অনুবাদ করা যায় না ; Direct objectকে কর্ম্ম করিয়া Indirect object এ অর্থবিশেষে চতুর্থী বা ষষ্ঠী বিভক্তির প্রয়োগ করিতে হয়। যথা, I allowed 'him' 'to go' home, অহং 'তস্য' 'গৃহগমনম্' অন্বমন্যে ; He has done 'me' much 'service', স 'মে', প্রভূতম্ 'উপকারম্' অকরোৎ, অথবা, স 'মে' প্রভূতম্ উপাকরোৎ; He envies 'me' my 'lot', স 'মহ্যম্' 'সৌভাগ্যাদ্' ঈর্ষ্যতি ; I gave 'him' a 'book', অহং 'তস্মৈ' 'পুস্তকম্' একমযচ্ছম্ ; He lends 'me' a hundred 'rupees', স 'মে' শতং মুদ্রাঃ (মুদ্রাশতম্) ঋণং দদাতি ; My father offered 'him' the 'post', মম পিতা 'তস্মৈ' তৎ'পদং' দদৌ ; Send 'him' a 'pen', 'লেখনীম্' একাং 'তস্মৈ' প্রেরয় ; Show 'me' your 'toys', তব 'ক্রীড়নকানি' 'মে' দর্শয় ; I paid 'him' five 'rupees', অহং 'তস্মৈ' পঞ্চ 'মুদ্রাঃ (মুদ্রাপঞ্চকম্) অযচ্ছম্ ; I have promised 'him' a 'cloth', 'তস্মৈ' 'বস্ত্রমেকং' প্রত্যশৃণবম্।

(a) Ask, bring, teach এবং tell ইহাদের corresponding সংস্কৃত ধাতুগুলি দ্বিকর্ম্মক বলিয়া, Direct এবং Indirect object অনুবাদে মুখ্য ও গৌণ কর্ম্মরূপে ব্যবহৃত হয়। যথা, He asks 'me' a 'question', স 'মাং' 'প্রশ্নম্' একং পৃচ্ছতি ; Bring 'me' a 'book', 'মাং' 'পুস্তকম্' একমানয় ; He teaches 'me' 'Grammar', স 'মাং' 'ব্যাকরণম্' অধ্যাপয়তি ; Tell 'me' the 'truth', 'মাং' 'সত্যং' ব্রূহি।

**101.** ইংরাজীর উল্লিখিত verb গুলির ন্যায় সংস্কৃত ভাষাতেও দ্বিকর্ম্মক ধাতু আছে ; তাহারা দুইভাগে বিভক্ত, দুহ্যাদি ও ন্যাদি। দুহ্ (to milk), যাচ্-নাথ্-অর্থি-ভিক্ষ্-বৃ (to beg), প্রচ্ছ্ (to ask), দণ্ডি (to punish), পচ্ (to cook), রুধ্ (to obstruct), চি (to collect), জি (to conquer), শাস্ (to instruct), মুষ্ (to steal), মন্থ্ (to churn), ভাষ্-বচ্-বদ্-কথি-ব্রূ (to tell), ইহারা দুহ্যাদিগণের অন্তর্ভূত, এবং নী, হৃ, কৃষ্ ও বহ্ (all meaning 'to take or carry') ন্যাদিগণে পঠিত। (১) যথা, সর্ব্বে শৈলাঃ 'ধরিত্রীং' 'রত্নানি' দুদুহুঃ ; 'বলিং' 'বসুধাং' যযাচে বামনঃ ; 'গুরুং' 'প্রশ্নং' পৃচ্ছতি শিষ্যঃ ; 'দৈত্যান্' 'প্রাণান্' অদণ্ডয়ৎ কৃষ্ণঃ ; 'তণ্ডুলান্' 'ওদনং' পচতি দেবদত্তঃ ; 'গাঃ' 'ব্রজং' রুণদ্ধি গোপঃ ; 'বৃক্ষং' 'পুষ্পং' চিনোতি বটুঃ ; 'যজ্ঞদত্তং' 'শতং' জিগায় দেবদত্তঃ ;

---

(১) "দুহ্যাচ্পজ্দণ্ডরুধিপ্রচ্ছিচিব্রূশাসুজিমন্থমুষাম্।
কর্ম্মযুক্ স্যাদকথিতং তথা স্যান্নীহৃকৃষ্বহাম্॥"

'ছাত্রং' 'হিতং' শাস্তি গুরুঃ; 'সর্ব্বং' মুষ্ণাতি 'পুরুষোত্তমং' তস্করঃ; 'সুধাং' 'ক্ষীরোদং' মমন্থুর্দেবাঃ; 'পুত্রং' (ভাষতে, বক্তি &c.) 'নীতিং' পিতা; 'চটুং' নয়তি, (হরতি &c.) 'কাষ্ঠভারং' কাষ্ঠচ্ছিৎ। ইংরাজীর ন্যায় দুহ্যাদির ও ন্যাদির উদাহরণসমূহে ব্যবহৃত দুইটি কর্ম্মের মধ্যে একটিকে মুখ্য, প্রধান, বিবক্ষিত বা কথিত (Direct) কর্ম্ম, এবং অপরটিকে গৌণ, অপ্রধান, অবিবক্ষিত বা অকথিত (Indirect) কর্ম্ম কহে। দুইটি কর্ম্মের মধ্যে যেটিতে অন্য কারকের সম্ভাবনা থাকে, তাহাকে গৌণ কর্ম্ম কহে। সুতরাং, 'গাং' দুগ্ধং দোগ্ধি গোপঃ, এই উদাহরণে 'গাম্' গৌণ কর্ম্ম, কারণ, উহাতে পঞ্চমী বিভক্তিরও প্রয়োগ হইতে পারে, অর্থাৎ 'গোঃ' দুগ্ধং দোগ্ধি গোপঃ, এরূপও সম্ভব। কিন্তু 'দুগ্ধম্' এই পদে দ্বিতীয়া ভিন্ন অন্য বিভক্তি হইতেই পারে না, অর্থাৎ সকর্ম্মক ক্রিয়ার সহিত উহার সাক্ষাৎ-সম্বন্ধে অন্বয় হইতেছে; অতএব উহাই মুখ্য কর্ম্ম। ইংরাজীতে যেমন 'to' প্রভৃতি Preposition দ্বারা Indirect object জানা যায়, সংস্কৃতেও সেইরূপ দ্বিতীয়া ভিন্ন বিভক্তির ব্যবহারে গৌণ কর্ম্ম সূচিত হয়।

**102.** ইংরাজীতে দ্বিকর্ম্মক verbএর Passive voiceএ দুইটি object দুই বার Nominative হইতে পারে বলিয়া, ঐরূপ verb-বিশিষ্ট sentenceএর Passive voiceএ দুইটি করিয়া form হইতে পারে; কিন্তু সংস্কৃতে তাহা নহে, অর্থাৎ দুহ্যাদি ধাতুকে কর্ম্মবাচ্যে প্রয়োগ করিলে, দুইটি কর্ম্ম দুই বার কর্ত্তৃপদ হইতে পারে না; কারণ, বাচ্যান্তরে কারকের পরিবর্ত্তন হয় না, কারকের বিভক্তির

পরিবর্ত্তন হয় মাত্র। দুহাদিগণের কর্ম্মবাচ্যে গৌণ কর্ম্মে প্রথমা ও প্রধান কর্ম্মে দ্বিতীয়া এবং ণ্যাদিগণের প্রধানে প্রথমা ও গৌণে দ্বিতীয়া বিভক্তি হয়। (১) যথা,—

| ACTIVE VOICE. | PASSIVE VOICE. |
|---|---|
| (a) সর্ব্বঃ শৈলঃ ধরিত্রীং (গৌণ) রত্নানি (মুখ্য) দুদোহ | সর্ব্বেণ শৈলেন(২) ধরিত্রী (গৌণ) রত্নানি ( মুখ্য ) দুদুহে। |
| (b) বামনঃ বলিং (গৌণ) বসুধাং ( মুখ্য ) যযাচে। | বামনেন বলিঃ ( গৌণ ) [ বসুধাং ( মুখ্য ) যযাচে। |
| (c) শিষ্যঃ গুরুং ( গৌণ ) প্রশ্নং ( মুখ্য ) পৃচ্ছতি। | শিষ্যেণ গুরুঃ (গৌণ) প্রশ্নং (মুখ্য পৃচ্ছ্যতে। |
| (d) বটুঃ বৃক্ষং ( গৌণ ) পুষ্পং ( মুখ্য ) চিনোতি। | বটুনা বৃক্ষঃ (গৌণ) পুষ্পং (মুখ্য) চীয়তে। |
| (e) কাষ্ঠচ্ছিৎ হট্টং (গৌণ) কাষ্ঠ-ভারং ( মুখ্য ) নয়তি। | কাষ্ঠচ্ছিদা হট্টং ( গৌণ ) কাষ্ঠভারঃ ( মুখ্য ) নীয়তে। ] |

---

(১) "গৌণে কর্ম্মণি দুহ্যাদেঃ প্রধানে নীহৃকৃষ্‌বহাম্।
বিভক্তিঃ প্রথমা জ্ঞেয়া দ্বিতীয়া চ তদন্যতঃ॥"

অর্থাৎ, দুহ্যাদির গৌণে প্রথমা ও প্রধানে দ্বিতীয়া এবং ণ্যাদির প্রধানে প্রথমা ও গৌণে দ্বিতীয়া বিভক্তি হয়।

(২) শৈলেন, বামনেন প্রভৃতির তৃতীয়া বিভক্তির জন্য Voices দেখ। [ Sec. 92 (a) ]

## EXERCISE

*Find out the Direct and Indirect objects in each of the following sentences and change their voices:—*

মুনিঃ রাজানং কুশলং পপ্রচ্ছ ; লোকং পৃচ্ছতি সদ্বার্ত্তাং শরীরে কুশলং তব ; মহাশ্বেতা কাদম্বরীমনাময়ং পপ্রচ্ছ ; দুদোহ গাং স যজ্ঞায় শস্যায় মঘবা দিবম্ ; দিষ্ট্যা ন যাচিতস্ত্বেবং রাঘবো বধ্যতামিতি ; গর্গান্ শতং দণ্ডয়তি ; দণ্ডয়তি ভূপতিঃ অপরাধিনং মুদ্রাশতম্ ; কৈকেয়ী দশরথং দ্বৌ বরৌ ববার ; গুরুঃ শিষ্যং ব্যাকরণতত্ত্বং শাস্তি ; অসৌ বালো দৈত্যৈঃ গুরুগৃহং নীতঃ ; ক্ষীরোদঃ চতুর্দ্দশ রত্নানি মমন্থে দেবৈঃ ; মনীষিতং দ্যৌরপি যেন দুগ্ধা ; তং জাতিং বিদ্যাং প্রব্রজ্যাকারণং চ চন্দ্রাপীড়ঃ পপ্রচ্ছ ; বিষীদন্তং তং মধুসূদনঃ বাক্যমুবাচ ; তাম্ এবং ক্রয়াঃ অবলে তব সহচরো রামগির্য্যাশ্রমস্থঃ কুশলং ত্বাং পৃচ্ছতি ; সুরাঃ শৈলেন্দ্রং গঙ্গাং ত্রিপথগাং নদীং বরয়ামাসুঃ ; দুরাচারমেনং সদ্যঃ সংক্ষয়ং নয়ত ; কৌশিকেন ক্ষিতীশ্বরো দশরথঃ অধ্বরবিঘাতশান্তয়ে রামং যাচিতঃ ; তৃষ্ণাতুরাশ্চাতকা বিদ্যুত্বন্তং বৃষ্টিং যাচন্তে ; অত্রভবতী দেবীং সুখং প্রষ্টুমাগতা ; ভবতীং ভাগীরথীং মোক্ষং প্রার্থয়ে ; পিত্রোঃ কোপঃ পুত্রং শ্রিয়ং রুণদ্ধি ; আকর্ষতি অজং গ্রামং দেবদত্তঃ ; সংশোষকং তথা বায়ুং দৈত্যেন্দ্রস্ত্বিদমব্রবীৎ । শীঘ্রমেব মমাদেশাদ্ দুরাত্মা নীয়তাং ক্ষয়ম্ ॥

---

## LESSON—XI

# The Causal

**103.** ইংরাজীতে verbএর পূর্ব্বে 'Cause' বা 'Make' এই দুই verb ব্যবহৃত হইলে, verbটি causative sense প্রকাশ

করে। সংস্কৃতে ণিজন্ত ধাতুও ঐরূপ অর্থেই ব্যবহৃত হয়; সুতরাং, Causative verbএর অনুবাদে ণিজন্ত ধাতুর প্রয়োগ হয়।(১) যথা, He 'caused' me 'to fall', স মাং 'পাতয়ামাস' (ণিজন্ত পত্ ধাতু); I 'make' you 'hear', ত্বামহং শ্রাবয়ামি (ণিজন্ত শ্রু ধাতু); I 'cause' you to 'draw' it, ত্বয়াহমেতং 'আকর্ষয়ামি' (ণিজন্ত আ-কৃষ্ ধাতু)।

(a) Raise, fell, lift, show প্রভৃতি verbগুলি, 'cause' বা 'make' ব্যতীত, causative অর্থ প্রকাশ করে; সুতরাং, উহাদের অনুবাদে ণিজন্ত ধাতুর প্রয়োগ করিতে হয়। যথা, 'to raise' or 'to lift' উত্তোলি (উৎ-পূর্ব্বক ণিজন্ত তুল্ ধাতু); 'to fell', পাতি (ণিজন্ত পত্ ধাতু); 'to show', দর্শি (ণিজন্ত দৃশ্ ধাতু)।

**104.** কোন ক্রিয়ার অণিজন্ত অবস্থার কর্ত্তাকে, সেই ক্রিয়ার ণিজন্ত অবস্থায় প্রযোজ্য কর্ত্তা কহে; আর, ক্রিয়ার ণিজন্ত অবস্থায় যে কর্ত্তা ক্রিয়ার হেতু হয়, তাহাকে প্রযোজক কর্ত্তা কহে। প্রযোজ্য কর্ত্তায় তৃতীয়া বিভক্তি হয়। যথা, দেবদত্তঃ ওদনং পচতি, যজ্ঞদত্তঃ (প্রযোজক) দেবদত্তেন (প্রযোজ্য) ওদনং পাচয়তি।

---

(১) 'প্রবর্ত্তিত করা বা প্রেরণ করা' অর্থে ধাতুর উত্তর ণিচ্ প্রত্যয় হয়। ণিচ্ প্রত্যয় করিলে, ধাতুর অন্ত্যস্বর ও উপান্ত অকারের বৃদ্ধি এবং উপান্ত লঘুস্বরের গুণ হয়। অমন্ত ধাতু ণিজন্ত হইলে, উপান্ত অকারের বৃদ্ধি হয় না। যথা, গময়তি, নময়তি ইত্যাদি। ণিচ্ প্রত্যয় করিলে, আকারান্ত ধাতুর উত্তর একটি 'প'কার আগম হয়। যথা, স্থা—স্থাপি। পা ধাতুর হয় না। যথা, পা (পানে)—পায়ি; পা (রক্ষণে)—পালি।

(a) গতি (motion), বুদ্ধি (knowledge or information) ও প্রত্যবসান ( eating ) (১) অর্থে ব্যবহৃত ধাতু, শব্দকর্ম্মক (১) ( having literary works for objects or requiring utterence ) ও অকর্ম্মক ( intransitive ) ধাতু ণিজন্ত হইলে, উহাদের অণিজন্ত কালের কর্ত্তার কর্ম্মসংজ্ঞা হয়। যথা,—

| PRIMITIVE | CAUSATIVE |
|---|---|
| (a) দেবদত্তো গ্রামং গচ্ছতি। | যজ্ঞদত্তঃ ( প্রযোজক ) দেবদত্তং ( প্রযোজ্য ) গ্রামং গময়তি। |
| (b) শিষ্যঃ শাস্ত্রং বুধ্যতে। | গুরুঃ ( প্রযোজক) শিষ্যং (প্রযোজ্য) শাস্ত্রং বোধয়তি। |
| (c) শিশুঃ অন্নং ভুঙ্‌ক্তে। | মাতা (প্রযোজক) শিশুং (প্রযোজ্য) অন্নং ভোজয়তি। |
| (d) শিষ্যো বেদং পঠতি। | গুরুঃ (প্রযোজক) শিষ্যং (প্রযোজ্য) বেদং পাঠয়তি। |
| (e) যূপস্তিষ্ঠতি। | ভৃত্যঃ (প্রযোজক) যূপং (প্রযোজ্য) স্থাপয়তি। |

(১) হ্বে, ক্রন্দ্, শব্দায়্, এই কয়েকটি শব্দার্থক ধাতুর এবং অদ্, খাদ্ ও ভক্ষ্ এই কয়েকটি ভোজনার্থক ধাতুর প্রযোজ্য কর্ত্তার কর্ম্মসংজ্ঞা হয় না। যথা, দেবদত্তো হ্বয়তি, দেবদত্তেন হ্বায়য়তি; মেষপালকো মেষেণ পত্রাণি আদয়তি; মহামাত্রো দ্বিপেন তণ্ডুলং খাদয়তি ভক্ষয়তি বা। জল্প্, ভাষ্, বি-লপ্, শ্রু, বি-জ্ঞা ও উপ-লভ্ এই সকল ধাতু ণিজন্ত হইলে, প্রযোজ্যের কর্ম্মসংজ্ঞা হয়। যথা, দেবদত্তঃ জল্পতি, ভাষতে &c., যজ্ঞদত্তঃ দেবদত্তং জল্পয়তি, ভাষয়তি &c.,

(b) গ্রহ্, দৃশ্ ( ১ ), প্র-পূর্ব্বক আপ্ এবং আ-পূর্ব্বক রুহ্ ধাতুর প্রযোজ্য কর্ত্তার কর্ম্মসংজ্ঞা হয়। যথা, ছাত্রঃ পুস্তকং গৃহ্ণাতি, শিক্ষকঃ ছাত্রং পুস্তকং গ্রাহয়তি ; ভক্তো গোবিন্দং পশ্যতি, স ভক্তং গোবিন্দং দর্শয়তি। পরীক্ষিৎ দুর্লভানস্থূন্ প্রাপ্তবান্, ভগবান্ পরীক্ষিতং দুর্লভানস্থূন্ প্রাপিতবান্ ; শূলমারোপ্যতামসৌ নাপিতঃ ; শূলমারোপয়েন্ নরান্।

(c) নী ও বহ্ ধাতু ণিজন্ত হইলে, প্রযোজ্য কর্ত্তায় তৃতীয়া বিভক্তি হয়। যথা, 'ভৃত্যো' ভারং নয়তি বহতি বা, প্রভুঃ 'ভৃত্যেন' ভারং নায়য়তি বাহয়তি বা। চালক ( driver )-পর্য্যায়ের পদ ণিজন্ত ক্রিয়ার কর্ত্তা হইলে, প্রযোজ্যের কর্ম্মসংজ্ঞা হয়। যথা, 'তুরগাঃ' রথং বহন্তি, সূতঃ 'তুরগান্' রথং বাহয়তি।

(d) ণিজন্ত হৃ এবং কৃ ধাতুর প্রযোজ্যের বিকল্পে কর্ম্মসংজ্ঞা হয়। যথা, 'রাবণঃ' সীতাং জহার, মারীচো 'রাবণং' 'রাবণেন' বা সীতাং হারয়ামাস ; 'বানরাঃ' সেতুং চক্রুঃ, রামো 'বানরান্ 'বানরৈঃ' বা সেতুং কারয়ামাস।


(e) উপরি লিখিত ধাতুভিন্ন সকর্ম্মক ধাতু ণিজন্ত হইলে, প্রযোজ্যের কর্ম্মসংজ্ঞা হয় না, করণসংজ্ঞা হয়। যথা, 'দ্বিপো' জলং পিবতি, মহামাত্রো 'দ্বিপেন' (not দ্বিপম্) জলং পায়য়তি ; 'শেষো' ধরণীং ধরতি, ভগবান্ 'শেষেণ' ( not শেষম্ ) ধরণীং ধারয়তি।

---

(১) দৃশ্ ধাতুর প্রযোজ্য কর্ত্তায় চতুর্থীও হয়। যথা, তত্রদ্ ভূমিপতিঃ 'পত্ন্যৈ' দর্শয়ন্ প্রিয়দর্শনঃ।

'গোপো' গাং দুগ্ধং 'দোগ্ধি' ( দ্বিকর্ম্মক ), গৃহস্থো 'গোপেন' ( not গোপম্ ) গাং দুগ্ধং 'দোহয়তি' ( ণিজন্ত দ্বিকর্ম্মক ) ;

**105.** যে সকল ক্রিয়ার প্রযোজ্য কর্ত্তার কর্ম্মসংজ্ঞা হয়, তাহাদের কর্ম্মবাচ্যে প্রয়োগ হইলে, প্রযোজ্যের উত্তর প্রথমা বিভক্তি ও কর্ম্ম কারকে দ্বিতীয়া বিভক্তি হয়। যথা, গুরুঃ 'শিষ্যং' (প্রযোজ্য) 'বেদম্' অধ্যাপয়তি, গুরুণা 'শিষ্যঃ' (প্রযোজ্য প্রথমান্ত) 'বেদম্' অধ্যাপ্যতে। তদ্ভিন্ন স্থলে, প্রযোজ্য তৃতীয়ান্তই থাকে। যথা, ভগবান্ 'শেষেণ' ( প্রযোজ্য ) ধরণীং ধারয়তি, ভগবতা 'শেষেণ' ( অপরিবর্ত্তিত ) ধরণী ধার্য্যতে ; দশরথো গণিকাভিঃ ঋষ্যশৃঙ্গং স্বপুরমানায়য়ামাস, দশরথেন ( অনুকর্ত্তায় তৃতীয়া ) গণিকাভিঃ ( অপরিবর্ত্তিত ) ঋষ্যশৃঙ্গঃ 'স্বপুরম্' ( দ্বিতীয়ান্ত ) অনায়য়ামাসে।



## EXERCISE

( *a* ) *Give the Causative forms of the following roots;—*

বৃত্, বৃ, কৃ, মৃ, বিদ্, ছিদ্, মুদ্, ক্রুধ্, পঠ্, মা, গা, রম্, যম্, যা, তৃপ্, লিখ, মিহ্, মুচ্, শী, তপ্, স্থা, দ্বিষ্, শ্রি, লোক্, দা, বি-হা, পরি-নম্, আ-খ্যা, বি-আ-পদ্, সম্-অভি-বি-আ-হৃ, আ-ক্রম্, বচ্, স্পৃশ্, পরি-ত্যজ্, হিংস্, দরিদ্রা, জাগৃ, কুৎস্, অর্চ্চ্, সভাজ, কৃৎ, নট্, গবেষ, পরি-নহ্, বি-নিন্দ্, অনু-জ্ঞা, জিজ্ঞাস, মৃজ্, মসজ্, সনজ্, পরি-মৃজ্, বি-মৃদ্, বি-মুদ্, বি-আ-ক্ষিপ্।

(*b*) *Correct the following sentences and change their voices :—*

গ্রামে নয়তি গাবো গোপালঃ; প্রদ্রুতেষু তেষু শকটদাসং বধ্যস্থানাদপনীয় রাক্ষসং প্রাপয়িতব্যঃ; ইমম্ সলিলসমীপে অবতারয়; পল্লবদলানি ভবনহারীতাঃ ভোজয়; তাতং মে গমনাভ্যনুজ্ঞাং দাপয়তু; বশী বশিষ্ঠঃ দম্পতিঃ রাজধানীং প্রতি প্রস্থাপয়ামাস; বাল্মীকিঃ কুশলবাভ্যাং বেদং সাঙ্গম্ অধ্যাপয়ামাস স্বকৃতিং গাপয়ামাস চ; রামঃ লবণাম্ভসি প্লবগান্ সেতুং বন্ধয়ামাস; বাল্মীকিনা 'কুশলবৌ' (দ্বিতীয়ান্ত) ত্রয়ীবিদ্যা অধ্যাপিতৌ; অথ অনাথাঃ প্রজাঃ দূতেন ভরতং সাকেতে আনায়য়ামাসুঃ; তেনৈব পথা সিন্ধুমুত্তীর্য্য রামঃ পিঙ্গলান্ লঙ্কাং রোধয়ামাস; ঈশ্বরঃ বামনং বলিং বসুধামযাচয়ৎ; স্বামী ভৃত্যেন অজান্ নগরে হারয়তি বাহয়তি চ যবান্ বলীবর্দ্দৈঃ; দেবদত্তঃ যজ্ঞদত্তং পিণ্ডং ভক্ষয়তি; মাতা শিশবে শশিবিম্বং দর্শয়তি।

(*c*) *Find out "Prayojya" Nominatives in the following sentences :—*

কৃষ্ণো ভক্তান্ তত্ত্বমবোধয়ৎ; বিষ্ণুর্দৈত্যান্ শক্তিমদর্শয়ৎ; গুরুঃ প্রহ্লাদং উশনসা কৃতাং নীতিং গ্রাহয়ামাস; রামো বানরৈর্লঙ্কাং রাক্ষসান্ রোধয়ামাস; হরির্বাহান্ পার্থমবাহয়ৎ; রামঃ কপিভিঃ রিপূন্ ব্যাপাদয়ৎ; কলহংসান্ কমলমধুরসং পায়য়তি নলিনিকা; মুনিনা তৌ বালকৌ বেদমধ্যাপিতৌ; স্বামী গোপেন গাং দুগ্ধং দোহয়তি; ব্রহ্মবন্ধো, ত্বয়া বালঃ কিমেতৎ অসারং গ্রাহিতঃ; স যক্ষো জীমূতেন স্বকুশলময়ীং প্রবৃত্তিং হারয়িষ্যন্ তস্য স্বাগতং ব্যাজহার; প্রহ্লাদঃ যোজনশতাদ্ দৈত্যৈর্গিরিপৃষ্ঠে পাতিতঃ; সুমন্ত্রো রাঘবং নদীং মন্দাকিনীমবাতারয়ৎ; ঋণান্ মোচয় রাজানং মৎকৃতে ভরত প্রভুম্। পিতরং ত্রাহি ধর্ম্মজ্ঞ মাতরঞ্চাপি নন্দয়।

---

# LESSON XII

# Parasmaipada and Atmanepada

**106**. সংস্কৃতে ধাতুর উত্তর দুই প্রকার বিভক্তি ব্যবহৃত হয়; পরস্মৈপদের বিভক্তি ও আত্মনেপদের বিভক্তি। যে সকল ধাতুর উত্তর পরস্মৈপদের বিভক্তি প্রযুক্ত হয়, তাহাদিগকে পরস্মৈপদী ধাতু বলে; এইরূপ যাহাদের উত্তর আত্মনেপদের বিভক্তি প্রযুক্ত হয়, তাহারা আত্মনেপদী, এবং যাহাদের উত্তর উভয় পদেরই বিভক্তি প্রযুক্ত হয়, তাহারা উভয়পদী ধাতু। যদি ক্রিয়ার ফল কর্তৃভিন্ন পুরুষগামী হয়, অর্থাৎ যদি কর্ত্তা পরের উদ্দেশে কোন ক্রিয়ার অনুষ্ঠান করেন, তবে ধাতুর পরস্মৈপদ ( Voice for others ) হয়। আর ক্রিয়ার ফল কর্তৃগামী হইলে, অর্থাৎ কর্ত্তা নিজের উদ্দেশে কোন ক্রিয়ার অনুষ্ঠান করিলে, ধাতুর আত্মনেপদ (Voice for one's self) হয়। যে সকল ধাতু উভয়পদী, তাহাদের এই নিয়মে পরস্মৈপদে বা আত্মনেপদে প্রয়োগ হয়। যথা, যজতি ঋত্বিক্, অর্থাৎ ঋত্বিক্ যজমানের উদ্দেশে যাগ করিতেছেন; যাগফল ঋত্বিগ্‌গামী নহে যজমানগামী, সুতরাং পরস্মৈপদ। যজতে বিপ্রঃ, অর্থাৎ বিপ্র আপনার উদ্দেশে যাগ করিতেছেন; যাগফল বিপ্রগামী, সুতরাং আত্মনেপদ। কিন্তু যে সকল ধাতু কেবল পরস্মৈপদী বা কেবল আত্মনেপদী,


তাহাদেরও সম্বন্ধে ঐরূপ নিয়ম হইলেও সর্ব্বত্র তদনুসারে কার্য্য হয় না। উপসর্গসংযোগে কোন কোন স্থলে পরস্মৈপদী ধাতু আত্মনেপদী এবং আত্মনেপদী ধাতু পরস্মৈপদী হয়। নিম্নে তাহার বিবরণ প্রদত্ত হইতেছে।

**107**. বি, আ, পরি-পূর্ব্বক রম্ ধাতুর পরস্মৈপদ হয়। যথা, বিরমতি (ceases), আরমতি (takes rest), পরিরমতি (is pleased)। উপ-পূর্ব্বক রম্ ধাতুর বিকল্পে পরস্মৈপদ হয়। যথা, উপরমতি, উপরমতে (dies)।

(a) অনু ও পরা-পূর্ব্বক কৃ, অভি প্রতি ও অতি-পূর্ব্বক ক্ষিপ্, প্র-পূর্ব্বক বহ্, এবং লিট্, লুট্, লৃট্ ও লৃঙ্ বিভক্তিতে মৃ ধাতুর পরস্মৈপদ হয়। যথা, অনুকরোতি (imitates), পরাকরোতি (rejects), অভিক্ষিপতি, প্রতিক্ষিপতি, অতিক্ষিপতি; মমার, মর্ত্তা, মরিষ্যতি, অমরিষ্যৎ। উপ-পূর্ব্বক কৃ ধাতু (to do good to) উভয়পদী হয়। যথা, সা লক্ষ্মীরুপকুরুতে যয়া পরেষাম্।

**108**. ণিজন্ত বুধ্ (to know), যুধ্ (to fight) জন্ (to be born), নশ্ (to be destroyed), প্রু (to float), দ্রু (to go quickly) স্রু (to shed) ধাতু এবং অধ্যয়নার্থ ভোজনার্থ ও চলনার্থ ণিজন্ত ধাতুর পরস্মৈপদ হয়। যথা, বোধয়তি, যোধয়তি &c.; অধ্যাপয়তি, ভোজয়তি, গময়তি।

**109**. অণিজন্ত-কালে প্রাণী কর্ত্তা হইলে, অকর্ম্মক ণিজন্ত ধাতুর পরস্মৈপদ হয়। যথা, পুত্রঃ 'শেতে' (অণিজন্ত), মাতা পুত্রং 'শায়য়তি'





( ণিজন্ত )। প্রাণী কর্ত্তা না হইলে হয় না। যথা, নদী 'বর্দ্ধতে' ( অণিজন্ত ), জলদকালো নদীঃ 'বর্দ্ধয়তি বর্দ্ধয়তে' বা ( ণিজন্ত )।

**110.** নিপূর্ব্বক বিশ্ (to enter), বি ও পরি-পূর্ব্বক ক্রী (to sell, to buy ), এবং বি ও পরা-পূর্ব্বক জি ( to conquer, to defeat) ধাতুর আত্মনেপদ হয়। যথা, নিবিশতে ; বিক্রীণীতে, পরিক্রীণীতে ; বিজয়তে, পরাজয়তে।

**111.** আ-পূর্ব্বক দা ( to take ) ধাতুর আত্মনেপদ হয়। যথা, সহস্রগুণমুৎস্রষ্টুম্ 'আদত্তে' হি রসং রবিঃ। বিস্তার অর্থে হয় না। যথা, কূলং 'ব্যাদদাতি' নদী।

**112.** আ, অনু, পরি ও সম্-পূর্ব্বক ক্রীড়্ (to play) ধাতুর আত্মনেপদ হয়। যথা, আক্রীড়তে, অনুক্রীড়তে, পরিক্রীড়তে, সংক্রীড়তে। কূজন-অর্থে (in the sense of making an inarticulate sound) সম্-পূর্ব্বক ক্রীড়্ ধাতু পরস্মৈপদী হয়। যথা, সংক্রীড়ন্তি বিহঙ্গমাঃ।

**113.** পক্ষী বা চতুষ্পদ জন্তু কর্ত্তা হইলে, এবং হর্ষপ্রকাশ, আহারান্বেষণ ও বাসগ্রহণেচ্ছা বুঝাইলে, অপ-পূর্ব্বক কৃ (to throw up or scratch) ধাতুর আত্মনেপদ হয়। যথা, 'অপস্কিরতে' বৃষভঃ, The ox throws up (earth) out of pleasure ; 'অপস্কিরতে' কুক্কুটঃ, The cock scratches (the ground) in quest of food ; 'অপস্কিরতে' সারমেয়ঃ, The dog scratches (the earth) for making a place to lie down upon.

**114.** আ-পূর্ব্বক প্রচ্ছ্ (to ask), উৎ সম্ অব প্র ও বি-

horse walks with graceful steps. অন্য অর্থে হয় না। যথা, বিক্রামতি সন্ধিঃ, The joint splits.

**119**. আরম্ভ অর্থে প্র এবং উপপূর্ব্বক ক্রম্ ধাতুর আত্মনেপদ হয়। যথা, বক্তু্ 'মুপক্রমতে' বা 'প্রক্রমতে', He begins to speak. But প্রক্রামতি, ( goes ), উপক্রামতি (comes to).

**120**. উপসর্গহীন জ্ঞাধাতু উভয়পদী হয়। যথা, জানীতে, জানাতি। কিন্তু সম্ ও প্রতি পূর্ব্বক জ্ঞা-ধাতুর এবং অপহ্নব অর্থে অপ-পূর্ব্বক জ্ঞা-ধাতুর আত্মনেপদ হয়। যথা, শতং 'সংজানীতে', He looks for a hundred ; 'প্রতিজানীতে' কন্যাদানম্, He promises to give his daughter in marriage ; শ্রুতম্ 'অপজানীতে', He denies what is heard. স্মরণ অর্থে, সম্-পূর্ব্বক জ্ঞা-ধাতুর পরস্মৈপদ হয়। যথা, মাতরং ( or মাতুঃ ) সংজানাতি, পুত্রঃ The son remembers his mother.

**121**. প্রতিজ্ঞা অর্থে সম্-পূর্ব্বক গৄ ধাতুর আত্মনেপদ হয়। যথা—সঙ্গিরতে, He promises. But, সঙ্গিরতি গ্রাসম্, He swallows a mouthful.

**122**. উৎ-পূর্ব্বক চর্ ধাতু সকর্ম্মক হইলে, আত্মনেপদী হয়। যথা, গুরুবচনমুচ্চরতে, He disobeys his teacher's orders. অকর্ম্মক হইলে, হয় না। যথা, ধূমঃ 'উচ্চরতি', Smoke rises.

(a) তৃতীয়ান্ত পদের সহিত সম্-পূর্ব্বক চর্ ধাতুর, বিবাহ অর্থে উপ-পূর্ব্বক যম্ ধাতুর এবং উপসর্গপূর্ব্বক যুজ্ ধাতুর আত্মনেপদ হয়। যথা, রথেন 'সঞ্চরতে', He 'walks' on chariot ; শতার্দ্ধ-

সংখ্যাঃ কন্যা মান্ধাতুরুপযেমে সৌভরিঃ, Sauvari 'married' fifty daughters of the king Mándhátá ; বিযুঙ্ক্তে (disjoins), নিযুঙ্ক্তে ( employs, appoints ).

**123.** বিদায়গ্রহণ অর্থে আ-পূর্ব্বক প্রচ্ছ্ ধাতু, অভিভব অর্থে অধিপূর্ব্বক কৃ ধাতু, অনুকরণ অর্থে অনু-পূর্ব্বক হৃ ধাতু, প্রতারণা অর্থে বন্চ্ ধাতু, পরস্পর-বিপরীতবাক্য অর্থাৎ বিবাদ অর্থে বি-পূর্ব্বক বদ্ ধাতু, এবং শপথ অর্থে শপ্ ধাতু আত্মনেপদী হয়। যথা, 'আপৃচ্ছস্ব' প্রিয়সখীমমূম্, Take leave of this dear friend ; শত্রুম্ অধিকুরুতে, He defeats his enemy ; পৈতৃকম্ অনুহরতে অশ্বঃ, The horse practices the gait of his progenitor (cf. রামভদ্রম্ 'অনুহরতি', Resembles Râmavadra) ; সাধুং 'বঞ্চয়তে' শ The rogue decieves the good ; পরস্পরং 'বিবদমানানাং' শাস্ত্রাণাম্, Of scriptures, mutually conflicting ; 'শপে' তস্য উপকারায়, I swear to do him good ; ( Cf. 'শশাপ' সা, She cursed ).

**124.** বি ও উৎপূর্ব্বক অকর্ম্মক তপ্ ধাতুর এবং আত্মশরীর কর্ম্ম হইলে, সকর্ম্মক তপ্ ধাতুর আত্মনেপদ হয়। যথা, বিতপতে, উত্তপতে (becomes hot) ; 'বিতপতে' স্বাঙ্গং রৌদ্রেণ, He heats his body in the sun. আত্মশরীর কর্ম্ম না হইলে হয় না। যথা, মহীং 'বিতপতি' অর্কঃ, The sun heats the earth.

(a) তপস্যা কর্ম্ম হইলে, লট্ লোট্, লঙ্ ও বিধিলিঙ্ এই চারি বিভক্তিতে, তপ্ ধাতুর উত্তর 'য' ও ধাতু আত্মনেপদী হয়।

যথা,—স মহৎ তপঃ 'তপ্যতে', He practices a severe asceticism. [ cf. তপঃ 'ততাপ' ( লিট্ ), He practiced asceticism ].

**125**. রক্ষণভিন্ন অর্থে ভুজ্ ধাতু আত্মনেপদী হয়। যথা, অন্নং 'ভুঙ্ক্তে', He 'eats' rice ; বৃদ্ধো দুঃখশতানি 'ভুঙ্ক্তে', And old man suffers hundreds of miseries. রক্ষণার্থে, 'ভুনক্তি' ( পরস্মৈপদী ) রাজ্যং রাজা, A king governs his kingdom.

**126**. সনন্ত শ্রু,দৃশ, জ্ঞা ও স্মৃ ধাতুর আত্মনেপদ হয়। যথা, গুরুং 'শুশ্রূষতে' শিষ্যঃ, The disciple serves his preceptor ; চন্দ্রং 'দিদৃক্ষতে' শিশুঃ, The boy desires to see the moon ; ধর্ম্মং 'জিজ্ঞাসতে', He desires to know of religion ; নষ্টং সুস্মূর্ষতে, He desires to remember what is lost.

(a) অনু-পূর্ব্বক সনন্ত জ্ঞা ধাতুর এবং প্রতি ও আ-পূর্ব্বক সনন্ত শ্রু ধাতুর আত্মনেপদ হয় না। যথা,—অনুজিজ্ঞাসতি ; প্রতিশুশ্রূষতি, আশুশ্রূষতি।

**127** সংমানন (instruction), উর্দ্ধক্ষেপ (lifting up), উপনয়ন ( investing with the sacred thread ), জ্ঞান ( knowledge ), ভৃতি ( hiring ), বিগণন ( paying off, as a debt ) এবং ব্যয় ( spending ) অর্থে নী ধাতু আত্মনেপদী হয়। যথা, শাস্ত্রেষু 'নয়তে' শিষ্যং গুরুঃ, The teacher instructs his pupil in Śástras; হস্তম্ 'উন্নয়তে', He

lifts up a hand ; মাণবকম্ 'উপনয়তে' আচার্য্যঃ, A'cháryya invests Mánavaka with the sacred thread ; তত্ত্বম্ 'উপনয়তে', He knows truth ; কর্ম্মকারম্ 'উপনয়তে', He hires a labourer ; ঋণং 'বিনয়তে' অধমর্ণঃ, The debtor pays off his debt ; শতং 'বিনয়তে' দাতা, The charitable man spends one hundred rupees.

(a) আত্ম-অবয়ব কর্ম্ম না হইলে, বি-পূর্ব্বক নী ধাতু আত্মনে-পদী হয়। যথা, 'বিনেষ্যে' ক্রোধমথবা, Or I shall restrain my anger. আত্ম-অবয়ব কর্ম্ম হইলে, হয় না। যথা, গণ্ডং 'বিনয়তি' করী, An elephant rubs his cheek ( to satisfy itching sensation ).

( b ) শিক্ষাপ্রদান ( teaching ) এবং পোষণ ( domesticating ) অর্থে বি-পূর্ব্বক নী ধাতু পরস্মৈপদী হয়। যথা, গুরবো রঘুং 'বিনিন্যুঃ', The teachers taught Raghu ; অশ্বং 'বিনয়তি' সূতঃ, The charioteer tames or breaks his horse.

---

## EXERCISE

*Correct the following with reasons for your answers—*

কন্যাসম্প্রদানমহং করিষ্যামি ; প্রভাবোৎসাহমন্ত্রজাঃ শক্তয়ঃ পরস্পরানুগৃহীতাঃ কৃত্যেষু ক্রামন্তি ; প্রিয়সখ বিরমস্ব বিবাদাৎ ; সংক্রীড়ন্তে শকটানি ; মুখং

ব্যাদত্তে সিংহো নদীকূলে; বিজয়তাং রামলক্ষ্মণৌ; স মধ্যাহ্নকালে উপতিষ্ঠতি; শঠান্ উপতিষ্ঠতি শঠঃ; দীনঃ উপতিষ্ঠতি দাতারম্; অশ্বেন সঞ্চরতি রাজা; দশরথঃ পুত্রশোকেন মম্রে; শিষ্যং বোধয়তে শাস্ত্রং গুরুঃ; গময়তে গ্রামং যজ্ঞদত্তং দেবদত্তঃ; বীজাদঙ্কুরং জনয়তি উদ্যানপালঃ; আক্রীড়তি রাজা প্রমোদ-বনে; মামুপতিষ্ঠতি বনদেবতা ফলকুসুমপল্লবার্ঘ্যেণ; জয়তাং জয়তামার্য্যঃ; হরির্দৈত্যকুলং বিজিগায়; হিমালয়ঃ আত্মানুরূপাং মেনাং বিধিনা উপযযাম্; রামং প্রণম্য সংস্তুত্য অহল্যা পতিসন্নিধানং প্রতস্থৌ; মনো মে তথাভিনিবিশতি; বিশিষ্টেন বিশিষ্টঃ সঙ্গচ্ছতি; প্রিয়াং বাচং প্রাযুঙ্ক্ত্ন্; বেণুলতয়া সভাকুট্টিমম্ আজঘ্নে; সদা সাধুং সঙ্গচ্ছেত; যুদ্ধায় আহ্বয়তি প্রতিভটং যোদ্ধা; আক্রমতে হর্ম্ম্যতলাৎ ধূমজালম্; ক্ষণং ভদ্রাবতিষ্ঠ ত্বং ততঃ প্রস্থাস্যসি পুনঃ; যোধাঃ বিজয়শ্রমং বিনয়ন্তি স্ম; শম্বূকো নাম বৃষণঃ পৃথিব্যাং তপস্তপতি; প্রহ্লাদঃ অন্নেন হলাহলং বিষং বুভোজ; উত্তপতি শিলাতলং রৌদ্রেণ; ন কেনাপি বিবদেৎ; ভবন্তমভিযোক্তুমুদ্যুনক্তি; পীঠাৎ উত্তিষ্ঠতে; আরমতে উদ্যানে ভূপতিঃ; বিনয়ন্তে গাত্রাণি মৃগ্যাঃ; বস্ত্রাণ্যাযচ্ছতে রজকঃ; বিজয়তু দেবঃ; বিষ্ণুস্ত্রেধা বিচক্রাম।

---

## LESSON—XIII

# Participles

**128.** ইংরাজী ভাষায় Participle তিন প্রকার; Present, Perfect এবং Past. কিন্তু সংস্কৃতের Participleগুলি ছয় ভাগে বিভক্ত; Present, Perfect, Past, Future, Potential

Passive এবং Indeclinable Past, Present প্রভৃতি পাঁচ-প্রকার সংস্কৃত Participle বিশেষণরূপে ব্যবহৃত হয় (১), এবং Indeclinable Past Participle অসমাপিকা ক্রিয়ার কার্য্য করে। ইংরাজী Present Participle সকল incomplete verb, adjective এবং noun এই তিন প্রকারে ব্যবহৃত হয়। সুতরাং, Present Incomplete Participial verbএর অনুবাদে Indeclinable Past Participle এর শব্দ এবং Present Participial adjective এর অনুবাদে সংস্কৃতের Present Participleএর শব্দ ব্যবহৃত হয়; অল্, ঘঞ্, ক্তিন্, ক্ত (২) ও অনট্ প্রত্যয়ান্ত শব্দ Participial noun এর অনুবাদে প্রযুক্ত হয়। Perfect Participleও কেবলমাত্র incomplete verbরূপে ব্যবহৃত হয় বলিয়া, উহারও ভাষান্তরে Indeclinable Past Participle প্রযুক্ত হয়। ইংরাজীর Past Participle সততই adjective; সুতরাং, অনুবাদে সংস্কৃতের Past Participle এর শব্দই ব্যবহার্য্য। ইংরাজী ভাষায়, সংস্কৃতের Future, Potential Passive এবং Perfect Participle নাই। উহাদের প্রয়োগ-প্রণালী শেষভাগে প্রদর্শিত হইবে।

———

(১) Past এবং Potential Passive Participle বিশেষণরূপে ব্যবহৃত হইলেও, সমাপিকা ক্রিয়ার কার্য্য করে।

(২) ক্ত-প্রত্যয়ান্ত শব্দ বিশেষ্য হইলে, সততই ক্লীবলিঙ্গ হয়

# I. Present Participles

## I. Verbs.

### Indeclinable Past Participles or Gerunds

**129.** দুই ক্রিয়ার মধ্যে পৌর্ব্বাপর্য্য (priority and posterity) প্রকাশ করিতে হইলে, পূর্ব্ববর্ত্তী ক্রিয়াবোধক ধাতুর উত্তর ক্ত্বাচ্ বা যপ্ (ল্যপ্) প্রত্যয় হয় (১)। ক্ত্বাচ্ ও যপ্ প্রত্যয়ান্ত শব্দ অব্যয় (২) বলিয়া, সকল লিঙ্গে, সকল বিভক্তিতে ও সকল বচনেই একরূপ অর্থাৎ অপরিবর্ত্তিত থাকে। এইজন্য ইহাদিগকে Indeclinable Past Participle কহে। যথা, 'Considering' for a moment, he respectfully said—মুহূর্ত্তং 'ধ্যাত্বা' স সাদরমব্রবীৎ; The doorkeeper, 'drawing near', said—প্রতিহারী 'সমুপস্থত্য' উবাচ।

---

(১) উপসর্গহীন ধাতুর উত্তর ক্ত্বাচ্ প্রত্যয় হয়; আর পূর্ব্বে নঞ্-ভিন্ন অব্যয় থাকিলে, ধাতুর উত্তর বিহিত ঐ ক্ত্বাচ্ (ত্বা) প্রত্যয়ের স্থানে যপ্ (য) প্রত্যয় হয়। দুইটি ক্রিয়ার এক কর্ত্তা হইলে, পূর্ব্ববর্ত্তী ক্রিয়াবোধক ধাতুর উত্তর ক্ত্বাচ্ হয়, নতুবা হয় না। যথা, রামঃ সমরং 'চকার' রাবণং চ জঘান,— 'কৃত্বা' রাবণং জঘান। But, লক্ষ্মণঃ সমরং কৃত্বা রামো রাবণং জঘান, is wrong.

(২) "সদৃশং ত্রিষু লিঙ্গেষু সর্ব্বাসু চ বিভক্তিষু। বচনেষু চ সর্ব্বেষু যন্ন ব্যেতি তদব্যয়ম্।" যে শব্দ তিন লিঙ্গে, সর্ব্ব বিভক্তিতে ও সর্ব্ব বচনে অপরিবর্ত্তিত থাকে, তাহাকে অব্যয় কহে।

**130**. যে সকল sentence এর প্রথমে 'when', 'after' ব্যবহৃত হয়, তাহাদের সংস্কৃত অনুবাদে ক্ত্বাচ্ প্রত্যয়ান্ত শব্দ প্রযুক্ত হইলে, 'when' প্রভৃতির আর অনুবাদ করিতে হয় না। যথা, When the lame man came home, he was glad—খঞ্জোঽসৌ গৃহম্ 'আগম্য' প্রীতো বভূব ; After doing duties he went home, কর্ত্তব্যানি পালয়িত্বা স গৃহং গতঃ। অন্যথা ( literally ), যদাসৌ খঞ্জো গৃহমাজগাম প্রীতস্তদা বভূব ; কর্ত্তব্যপালনাৎ পরং স গৃহং জগাম।

**131**. ইংরাজীতে যে সকল sentenceএ দুই বা ততোধিক finite verb এর একটি কর্ত্তা থাকে, তাহাদের সংস্কৃতে প্রয়োগ হইলে, শেষ verb ব্যতীত অন্য verbগুলির পরিবর্ত্তে ক্ত্বাচ্-প্রত্যয়ান্ত শব্দ ব্যবহৃত হইলে সুশ্রাব্য হয়। যথা, Then the Brâhmana 'took' the beast 'for' a demon, 'threw' it on the ground with fear, 'censured' his fate and 'set off for' his home, অথ স ব্রাহ্মণস্তং পশুং রাক্ষসং 'মত্বা' ভয়াদ্ ভূমৌ 'প্রক্ষিপ্য' দৈবং 'নির্ভৎস্য' গৃহম্ 'উদ্দিশ্য' চ 'প্রস্থিতঃ'।

---

## Gerunds

**132**. ইংরাজীতে present participial verbএর অনুবাদে ণমুল্ প্রত্যয়ান্ত শব্দেরও প্রয়োগ হইতে পারে। যথা, Hearing,

শ্রাবম্ ; Remembering, স্মারম্ ; Casting, ক্ষেপম্ ; Taking, গ্রাহম্। (১)

(a) পৌনঃপুন্য ( repetition ) বুঝাইলে, ণমুল্-প্রত্যয়ান্ত পদের দ্বিত্ব হয়। যথা, Hearing again and again, শ্রাবং শ্রাবম্; Remembering repeatedly, স্মারং স্মারম্; Casting over and over again, ক্ষেপং ক্ষেপম্।

**133.** এবম্, ইত্থম্, এই দুই অব্যয়ের পর কৃ-ধাতুর, যাবৎ শব্দের পর জীব্ ধাতুর, উদর শব্দের পর পূরি ধাতুর, সমূল শব্দের পর হন্-ধাতুর এবং জীব শব্দের পর গ্রহ্ ধাতুর উত্তর ণমুল্ প্রত্যয় হয়। যথা, এবঙ্কারম্ ইত্থঙ্কারং বা গচ্ছতি, He goes thus ; যাবজ্জীবমধীতে, He studies throughout his life ; সমূলঘাতং ন্যবধীদরীন্ স, He totally destroyed (or extirpated) his enemies ; জীবগ্রাহং গৃহ্লাতি শত্রুম্, He captures his enemy alive.

**134.** হস্ত, কেশ ও নাম শব্দের পর গ্রহ্ ধাতুর, কর্ম্মপদের পরস্থিত দৃশ্ ধাতুর এবং করণবাচক পদের পর পুষ্ ধাতুর উত্তর ণমুল্ প্রত্যয় হয়। যথা, হস্তগ্রাহং যুধ্যন্তে, Catching by the hands they fight ; নামগ্রাহমাহ্বয়তি, He calls by

---

(১) ণমুল্ প্রত্যয় করিলে, ধাতুর অন্ত্যস্বর ও উপান্ত অকারের বৃদ্ধি এবং উপান্ত লঘুস্বরের গুণ হয়। 'ণমুল্' এর 'অম্'-মাত্র থাকে ; ণ্, উ এবং ল্ লুপ্ত হয়।

names; বিপ্রদর্শং ভক্ষয়তি, He devours all the Brâhmanas seen; ধনপোষং পুষ্ণাতি, He maintains with his wealth.

---

## II. Adjectives

**135.** উভয় ক্রিয়ার যৌগপদ্য, অর্থাৎ উভয় ক্রিয়া এককালেই সম্পন্ন হইতেছে (contemporaneousness of an action) বুঝাইলে (১) সংস্কৃতের present participle ব্যবহৃত হয়। ধাতুর উত্তর 'শতৃ' ও 'শানচ্' প্রত্যয় করিয়া, এই participle প্রস্তুত করিতে হয়।(২) 'শতৃ' ও 'শানচ্' প্রত্যয় দ্বারা নিষ্পন্ন শব্দ বিশেষণ; সুতরাং

---

(১) ক্রিয়ার যৌগপদ্য না হইলে, present participle হয় না। যথা, Doing his duty he came, কর্ত্তব্যং সমাচর্য্য (not সমাচরন্) স আজগাম।

(২) কর্ত্তৃবাচ্যে পরস্মৈপদ ধাতুর উত্তর শতৃ এবং আত্মনেপদী ধাতুর উত্তর শানচ্ প্রত্যয় হয়। কর্ম্মবাচ্যে ও ভাববাচ্যে ধাতু আত্মনেপদী হয়; সুতরাং, ধাতুর উত্তর শানচ্ প্রত্যয় হয়। লটের অন্তি বিভক্তিতে যে পদ হয়, তাহার বিভক্তিভাগের 'ন্' ও 'ই' ছাড়িয়া দিলে, শতৃনিষ্পন্ন শব্দ এবং লটের আতে বিভক্তিতে যে পদ হয়, তাহার বিভক্তিভাগের পরিবর্ত্তে 'আন' বসাইলে, শানচ্ নিষ্পন্ন শব্দ প্রস্তুত হয়। ভ্বাদিগণীয়, চুরাদিগণীয়, দিবাদিগণীয় ও তুদাদিগণীয় ধাতুর উত্তর 'শানচ্' করিলে, ঐ 'আন' স্থানে 'মান' হয়। 'শতৃ' ও 'শানচ্' এর যথাক্রমে 'অৎ' ও 'আন' অবশিষ্ট থাকে। যথা, ভূ+শতৃ= ভবৎ (শত্রন্ত শব্দ); শী+শানচ্=শয়ান (শানজন্ত শব্দ); বিদ্ (দিবাদি)+ শানচ্=বিদ্যমান (শানজন্ত শব্দ)।

উহা বিশেষ্যের লিঙ্গ, বচন ও বিভক্তি প্রাপ্ত হয়। যথা, I saw him 'dancing' (adj.), 'নৃত্যন্তং' তমপশ্যম্; 'Considering' (adj.) his youth, I pardoned him; তস্য যৌবনং 'বিচারয়ন্' তমহমক্ষমে; His father 'smiling' (adj.) said, তস্য পিতা 'স্ময়মানঃ' উবাচ।

**136.** তাচ্ছীল্য (habit), বয়োবচন (some standard of age) এবং শক্তি (ability to do a thing) বুঝাইলে, ধাতুর উত্তর 'চানশ্' প্রত্যয় হয়। যথা, ভোগং ভুঞ্জানঃ, Habituating to enjoy; কবচং বিভ্রাণঃ, Wearing an armour, (meaning the age at which armour is worn); শত্রুং নিঘ্নানঃ, Able to destroy an enemey.

**137.** লক্ষণ বা চিহ্ন (attending attribute) এবং হেতু (cause of an action) বুঝাইলে, present participle ব্যবহৃত হয়। যথা, গচ্ছন্ স গায়তি, While going, he sings; হরিং পশ্যন্ মুচ্যতে, By (reason of) seeing Hari, he gets salvation.

(a) As, when, while এবং whilst এই কয়েকটি adverb কোন sentence এর প্রথমে থাকিয়া ক্রিয়ার লক্ষণ (attendant circumstance of an action) প্রকাশ করে; সুতরাং, উহাদের পরবর্ত্তী participle এর অনুবাদে সংস্কৃত present participle ব্যবহৃত হয়। যথা, 'As going' to the garden he saw a snake, উদ্যানম্ 'অভিগচ্ছন' স সর্পমেকং দদর্শ:

'When dancing' she cast a glance to the king, 'নৃত্যন্তী' সা রাজানং কটাক্ষেণ দদর্শ; 'Whilst thinking' in this manner he dismounted from his horse, ইতি 'বিচারয়ন্' এব স তুরগাদবততার।

**138.** কথন কথন অর্থানুসারে participleকে বিশেষণ পদ দ্বারা অনুবাদ করিতে হয়। যথা, A servant 'obeying' his master, প্রভোঃ 'বচনকরঃ' ভৃত্যঃ; A daughter 'causing grief' to parents, পিত্রোঃ 'শোককরী' কন্যা; A son of a king 'wearing an armour', 'বর্ম্মহরঃ' কুমারঃ; Commentary 'explaining difficulties', 'বিষমপদ-বিমর্শিনী' টীকা; A demon 'dwelling in the ocean', 'জলধিমধ্যবাসী' দৈত্যঃ; S'iva the 'trident-holding god', শিবঃ 'ত্রিশূলপাণিঃ'; Nârâyana 'sitting on lotus', 'পদ্মাসীনো' নারায়ণঃ।

**139.** ইংরাজীর লজ্জার্থক (meaning 'to be ashamed') verbএর পরবর্ত্তী infinitive এর সংস্কৃত অনুবাদে প্রায়ই present participle ব্যবহৃত হয়। যথা, Are you not ashamed 'to strike' so mercilessly, এবং নির্ঘৃণং 'প্রহরন্' ন লজ্জসে? I am ashamed 'to communicate' a rash matter, সাহসং 'সন্দিশন্' জিহ্রেমি।

**140.** যে সকল ইংরাজী verb, 'continuity' এই অর্থ প্রকাশ করে, তাহাদের পরবর্ত্তী infinitive এর অনুবাদে present participleএর ব্যবহার হয়, এবং তৎপরে 'অস্', 'স্থা', 'ভূ' প্রভৃতি

ধাতুর প্রয়োগ করিতে হয়, continuity সূচক verb এর আর অনুবাদ করিতে হয় না। যথা, All soldiers are continuing 'to wait for' you, সকলঃ স্কন্ধাবারস্থাঃ 'প্রতিপালয়ন্' আস্তে।

---

## III. Nouns

**141.** Present participle যখন noun স্বরূপে ব্যবহৃত হয়, তখন তাহার অনুবাদে 'অল্, ঘঞ্' ইত্যাদি প্রত্যয়নিষ্পন্ন শব্দের প্রয়োগ হয়। যথা, Defeating, পরাজয়ঃ; Abolishing, বিলয়ঃ; Lamenting, শোকঃ; Enjoying, ভোগঃ; Moving, গতিঃ; Attempting, চেষ্টিতম্; Worshipping—পূজা, অর্চ্চা; Beginning, আরম্ভঃ; Establishing, সংস্থাপনম্।

**142.** ইংরাজীতে present participial noun সকল objective caseকে govern করিলে, উহাদের পূর্ব্ববৎ অনুবাদ করিয়া, ঐ object কে ষষ্ঠ্যন্ত করিয়া প্রয়োগ করিতে হয়; অথবা, ঐ ষষ্ঠ্যন্ত পদের সহিত ভাববোধক বিশেষ্যের সমাস করিলেও হয়। যথা, Establishing an 'institution', 'বিদ্যালয়স্য' সংস্থাপনম্ or বিদ্যালয়সংস্থাপনম্ (compounded); After worshipping Indra, 'ইন্দ্রস্য' উপস্থানাৎ পরম্ or ইন্দ্রোপস্থানাৎ পরম্।

---

## II. Perfect Participles

Indeclinable Past Participles, Gerunds

**143.** ইংরাজীর perfect participleএর অনুবাদে ক্ত্বা ল্যপ্ ণমুল্‌প্রত্যয়নিষ্পন্ন শব্দ প্রযুক্ত হয়। যথা, Having heard—শ্রুত্বা, সংশ্রুত্য, শ্রাবম্; Having remembered—স্মৃত্বা, সংস্মৃত্য, স্মারম্; 'Having remembered again and again' his family matters, Murâri has been transformed into wood, 'স্মারং স্মারং' ( For repetition see, Sec. 132(a) ) স্বগৃহচরিতং দারুভূতো মুরারিঃ।

---

## III. Past participles

**144.** ধাতুর উত্তর 'ক্ত' (ত) এবং 'ক্তবতু' (তবৎ) প্রত্যয় করিয়া, সংস্কৃতের past participle নির্ম্মিত হয়। Past participle বিশেষণ; সুতরাং, উহা বিশেষ্যের লিঙ্গ, বচন ও বিভক্তি প্রাপ্ত হয়। যথা, A 'thrice-told' story, 'ত্রিঃ কথিতম্' উপাখ্যানম্; 'Distilled' water, 'নিঃস্যন্দিতং' সলিলম্; A boy 'drowned', 'জলমগ্নো' বালকঃ; In the manner 'mentioned above', 'উল্লিখিতেন' প্রকারেণ; A worm 'trodden', 'পদদলিতঃ' কীটঃ। Past participial adjectiveগুলি passive হয় বলিয়া, উহাদের অনুবাদে ক্ত-প্রত্যয়ান্ত শব্দেরই

প্রয়োগ হয়, ক্তবতু-প্রত্যয়ান্ত শব্দের হয় না। সুতরাং, 'ত্রিঃ কথিতবৎ উপাখ্যানম্', 'নিঃস্পন্দিতবৎ সলিলম্', শুদ্ধ অনুবাদ নহে।

**145**. যদি past participle, adjective না হইয়া কোন auxiliary verbএর সহিত ব্যবহৃত হয়, তাহা হইলে ঐ participleএর আর বিভিন্ন অনুবাদ করিতে হয় না; verbএর voice অনুসারে, ত-প্রত্যয়ান্ত বা তবৎ-প্রত্যয়ান্ত শব্দের (অর্থাৎ verbএর active voice হইলে, তবৎ-প্রত্যয়ান্ত এবং passive voice হইলে, ত-প্রত্যয়ান্ত শব্দের) প্রয়োগ করিতে হয়। যথা, He 'has got' six plums, স ষড় বদর্য্যঃ প্রাপ্তঃ; A tree 'is known' by its fruits, ফলেন 'পরিচিতো' বৃক্ষঃ।

## IV. Future Participles (peculiar to Sanskrit)

**146**. ধাতুর উত্তর ভবিষ্যদর্থে 'স্যতৃ' ও 'স্যমান' প্রত্যয়(১) করিলে, future participle প্রস্তুত হয়। ইংরাজীতে future participle নাই। 'Going to do', 'about to do', এইরূপ form এর অনুবাদে future participle ব্যবহৃত হয়। যথা, 'Going to do, করিষ্যমাণঃ; About to perform, সম্পাদয়িষ্যন্;

(১) কর্তৃবাচ্যে পরস্মৈপদী ধাতুর উত্তর 'স্যতৃ' ও আত্মনেপদী ধাতুর উত্তর 'স্যমান' প্রত্যয় হয়। 'স্যতৃ'র ঋকারের লোপ হয়, 'স্যমান' অপরিবর্ত্তিত থাকে। কর্ম্মবাচ্যে ও ভাববাচ্যে ধাতু আত্মনেপদী হয়; সুতরাং, উহার উত্তর 'স্যমান'ই হয়।

When Chandrâpîda was 'about to be crowned', S'ukanâsa advised him, 'অভিষেক্ষ্যমাণং' চন্দ্রাপীড়ং শুকনাস উপদিদেশ।

**147**. Simple futurity ব্যতীত, 'intention or purpose' অর্থে future participle ব্যবহৃত হয়। যথা, 'Intending to fit' an arrow to his bow, 'করিষ্যমাণঃ' সশরং শরাসনম্; 'Wishing to become' proficient in Nyâya, he went to Benâres, ন্যায়ে কুশলো 'ভবিষ্যন্' স বারাণসীং প্রতস্থে।

(a) 'Before promising' (going or intending to promise) a book, he asked the boy his teacher's name, এইরূপ sentenceএর পূর্ব্বস্থিত 'before', 'going'-প্রভৃতি অর্থ সূচিত করে; সুতরাং, উহার অনুবাদে future participle ব্যবহৃত হয়। যথা, পুস্তকং কিঞ্চিৎ 'প্রতিশ্রোষ্যন্' স বালকং তং তস্যাধ্যাপকস্য নামধেয়ং পপ্রচ্ছ।

---

## V. Potential Passive Participles

( peculiar to Sanskrit )

**148**. ধাতুর উত্তর তব্য, অনীয় ও য প্রত্যয় করিলে, potential passive participle নিষ্পন্ন হয়। কৃত্য-প্রত্যয়ান্ত শব্দ ঔচিত্য ও অনুজ্ঞা অর্থ প্রকাশ করে। সুতরাং, ইংরাজীতে যে সকল verb এর পূর্ব্বে 'should', 'ought' ও 'must' ( meaning

duty, necessity and obligation respectively ) ব্যবহৃত হয়, তাহাদের অনুবাদে এই participle এর প্রয়োগ হয়। যথা, It 'should be done' by me, ইদং ময়া 'কর্ত্তব্যম্, করণীয়ম্', কার্য্যম্ বা ; He 'ought to think' it, তেনৈতৎ 'বিচারয়িতব্যম্, বিচারণীয়ম্, বিচার্য্যম্' বা ; You 'must not fear', ন 'ভেতব্যং' ত্বয়া।

(a) ভাববাচ্যে 'ত' এবং কৃত্য-প্রত্যয়ান্ত শব্দকে impersonal uses of participles কহে। যথা, ময়া 'কৃতম্' ; ত্বয়া 'করণীয়ম্, কার্য্যম্, কর্ত্তব্যম্' বা।

**149**. কখন কখন simple futurity এবং certainty অর্থে কৃত্য-প্রত্যয়ান্ত শব্দের ব্যবহার হয়। যথা, অথবা, মিথ্যা অনেন 'ভবিতব্যম্', Or, it 'will be' false ; ততস্তেনাপি শব্দঃ 'কর্ত্তব্যঃ', Then he also 'will' surely 'make' a noise.

---

## VI. Perfect Participles (peculiar to Sanskrit)

**150**. ধাতুর উত্তর 'ক্বসু' ও কানচ্ (১) প্রত্যয় করিলে, সংস্কৃতের perfect participle প্রস্তুত হয়। যথা, স্থা-ক্বসু, তস্থিবস্ ; পচ্-ক্বসু, পেচিবস্ ; যুধ্-কানচ্ যুযুধান ; ব্রূ-কানচ্, উচান।

---

(১) কর্ত্তৃবাচ্যে পরস্মৈপদী ধাতুর উত্তর ক্বসু ও আত্মনেপদী ধাতুর উত্তর কানচ্ হয়। কর্ম্মবাচ্যে ও ভাববাচ্যে ধাতু আত্মনেপদী হয় ; সুতরাং, কানচ্ প্রত্যয় হয়। ক্বসু প্রত্যয় পরে থাকিলে, ধাতু লিটের উত্তম পুরুষের দ্বিবচনের ইট্ ভিন্ন সমুদায় কার্য্য প্রাপ্ত হয় এবং কানচ্ হইলে ধাতু লিটের আতে বিভক্তির সমুদায় কার্য্য প্রাপ্ত হয়।

**151.** 'Who has obtained', 'What has been done' প্রভৃতি perfect tenseএ ব্যবহৃত adjective clause সকলকে সংস্কৃতে অনুবাদ করিতে হইলে, perfect participle এর প্রয়োগ হয়। যথা, Of you, 'who have obtained' all good blessings, শ্রেয়াংসি সর্ব্বাণি 'অধিজগ্মুষঃ' তে; A work 'which has been done' by him, তেন 'চক্রাণং' (কৃতম্) কর্ম্ম; Râghava, 'who has reached' the hermitage of Vâmana, বামনাশ্রমপদম্ 'উপেয়িবান্' রাঘবঃ।

## EXERCISE

*Translate into Sanskrit ;—*

While thinking of her lover ; Seeing the dreadful sight ; Towards a city, situated on the bank of the Ganges ; By calling ; For a servant, obeying his master ; On seeing him ; Showing him to be dead ; Supposing him to be dead ; Calling to mind again and again ; A man, swearing by the name of his tutelary deity ; The servant, informing the queen ; By bringing forth ; For chastising ; Having asked his name ; When going to market ; Brought on by night keeping ; While staying in the forest by the side of the Kàverî ; By the rays of the rising sun ; Towards the moon, shedding her serene lustre on the waving water ; A hermit, who has stayed in the suburb of a city ; Before giving him a book ; About to take departure ; Skilful in making several parts so charming to the eyes ; By a man bearing a load of corn on his

head ; Ashamed of communicating such a message ; About to be crowned by his father ; By this Brāhmaṇa, who has studied the Vedas ; On killing the beasts of the forest ; Wishing to tame the wild beasts ; Having awaited him ; Ought to be brought ; I will take it ; Having ascertained the means of securing eatables ; Intending to do good to his subjects ; By a man, who has learnt ; Seeing a forest of closely set trees ; Having an intention to teach him grammar ; By a running bull ; By dipping his hand in hot water ; About to start for Mathurā ; Having caught him by the finger ; Having fallen down again and again ; As preparing their lessons ; While thinking of his good dealings ; While singing a song of fame ; Of Menakā, a dancing woman; Having called him to court ; Towards a jackal, roaming at will.

---

## LESSON XIV

# Moods and Tenses

**152.** ইংরাজীতে Verb এর Indicative, Imperative, Infinitive ও Subjunctive এই চারিটি Mood এবং Present, Perfect, Past ও Future এই চারিটি Tense ব্যবহৃত হয়। সংস্কৃত ভাষায়, লট্, লঙ্, লিট্, লুঙ্, লুট্, লৃট্, লোট্, লিঙ্ ( বিধিলিঙ্ ও আশীর্লিঙ্ ) এবং লৃঙ্ এই দশটি বিভক্তি দ্বারা ঐ সকল Mood ও Tenseএর অনুবাদ হয়। এই দশ বিভক্তিকে ইংরাজীতে যথাক্রমে Present, Imperfect ( First

Preterite ), Perfect (Second Preterite), Aorist (Third Preterite), Periphrastic Future, Simple Future, Imperative, Potential, Benedictive এবং Conditional কহে। সংস্কৃতের মৌলিক ( primitive ), ণিজন্ত (causal ), সনন্ত ( desiderative ) অথবা যঙন্ত ( frequentative ) ধাতুর উত্তর উক্ত দশবিধ বিভক্তির প্রয়োগ হয়। কোন্ Mood ও কোন্ Tenseএ কোন্ বিভক্তির প্রয়োগ হয়, তাহার বিশেষ বিবরণ নিম্নে প্রদত্ত হইতেছে।

---

## I. Indicative

### I. Present •

**153.** Indicative mood, present tenseএর অনুবাদে লট্ বিভক্তির প্রয়োগ হয়। যথা, The bull 'runs', বৃষো 'ধাবতি' ; I 'bow' to K*r*sh*n*a, কৃষ্ণং 'বন্দে' ; The frog 'croaks', দর্দুরো 'রৌতি'।

(a) ভগবান্ পতঞ্জলি বলেন যে, "প্রবৃত্তস্যাবিরামে শাসিতব্যা ভবন্তী", অর্থাৎ প্রবৃত্ত বা আরব্ধ কার্য্যের অবিরাম ( continuance ) বুঝাইলে, ভবন্তী ( বর্ত্তমানা বৃত্তি ) হয়, অর্থাৎ বর্ত্তমানকালের লট্ বিভক্তির প্রয়োগ হয়। ইংরাজীতে verbএর যে form দ্বারা continuance of a present action সূচিত

হয়, তাহাকে present progressive কহে ; সুতরাং, verb এর এই present progressive formই সংস্কৃতের লট্ বিভক্তির দ্বারা প্রকাশিত হয়। যথা, The horse 'is running', অশ্বো 'ধাবতি' ; These ascetic girls 'are coming' in this direction, এতাস্তপস্বিকন্যকা ইত এব 'অভিবর্ত্তন্তে'।

( b ) ইংরাজীতে present progressive বিভিন্নভাবে সূচিত হয় ; কিন্তু সংস্কৃতে তাদৃশ কোন নিয়ম নাই। অশ্বো 'ধাবতি', এই বাক্যস্থিত 'ধাবতি' present এবং present progressive এই দুইএরই অর্থ প্রকাশ করিতে পারে। সুতরাং, ঈদৃশ স্থলে, present progressive বুঝাইতে হইলে, বর্ত্তমান কালসূচক 'অধুনা', 'ইদানীং', 'সংপ্রতি' ইত্যাদি অব্যয়ের প্রয়োগ করিলে, সংশয় থাকে না। যথা, অশ্বো ধাবত্যধুনা। Context দ্বারা progressive এর অর্থ সূচিত হইলে, কালজ্ঞাপক অব্যয়ের প্রয়োজন হয় না।

**154**. নৈসর্গিক নিয়ম (natural laws ), অপরিবর্ত্তনীয় সত্য বিষয় ( immutable truth ), সর্ব্ববাদিসম্মত সত্য বিষয় ( universal truth ), কোন প্রাণীর বিশেষ গুণ বা স্বভাব (peculiar quality or character) ইত্যাদি অর্থে Indicative present indefinite ব্যবহৃত হয়। সংস্কৃতেও ঐ সকল অর্থেই লট্ বিভক্তির প্রয়োগ হয়। যথা, Water 'flows down,' 'নীচৈর্গচ্ছতি' পয়ঃ ; The earth 'moves' round the sun, পৃথিবী সূর্য্যং পরিতঃ 'আবর্ত্ততে'; Oh Lord ! Thou 'art' the father of all,

সর্ব্বেষাং জনকো 'ভবসি' ভো বিভো ? The camel 'smells' water at a great distance, উষ্ট্রো বহুদূরাৎ বারি-গন্ধং 'জিঘ্রতি'।

(a) Historic (উপাখ্যানে ব্যবহৃত) presentএর অনুবাদে লট্ বিভক্তির প্রয়োগ হয়। যথা, The traveller 'says' (said), "where is thy bracelet ?" পথিকো 'ব্রূতে' কুত্র তব কঙ্কণম্ ?

(b) 'Would', 'used to' এই দুই past tenseএর verb দ্বারা habitual action বুঝাইলে, অনুবাদে লট্ বিভক্তির প্রয়োগ হয়। যথা, Who 'would not drink' (was not in the habit of drinking) water first, যা প্রথমং 'পাতুং ন ব্যবস্যতি' জলম্।

(c) Recent past action, অর্থাৎ অব্যবহিত পূর্ব্বেই (এই-মাত্র) সম্পাদিত ক্রিয়া বুঝাইলে, অনুবাদে লট্ ব্যবহৃত হয়। যথা, When have you come from the city ?—I 'have' just 'come', কদা ত্বং নগরাদ্ আগতোঽসি ?—অয়ম্ 'আগচ্ছামি'।

(d) 'স্ম' এই অব্যয়ের যোগে অতীত কালে বর্ত্তমান ক্রিয়ার প্রয়োগ হয়। যথা, অথ যস্য বচনাৎ তত্রাবলম্বিতাস্তং সর্ব্বে 'তিরস্কুর্ব্বন্তি স্ম'।

(e) Immediate future action বুঝাইলে, Future tenseএর অনুবাদে লট্ বিভক্তির প্রয়োগ হয়। যথা, Here I 'come or shall come', অয়মহম্ 'আগচ্ছামি'।

(f) Condition প্রকাশ করিলে, Future tenseএর অনুবাদে ভবিষ্যৎকালের পরিবর্তে বর্তমানেরও প্রয়োগ হয়। যথা, He who 'protects' ( will protect ) a refugee even at the cost of his life, 'is' ( will be ) a magnanimous man indeed, যঃ শরণাগতং প্রাণমূল্যেরপি 'রক্ষতি' ( রক্ষিষ্যতি) স এব মহাত্মা 'ভবতি' ( ভবিষ্যতি )।

(g) প্রশ্ন বুঝাইলে, ভবিষ্যদর্থে লট্ প্রযুক্ত হয়। যথা, ক নু শ্রমক্লান্তমাত্মানং 'বিনোদয়ামি' ( বিনোদয়িষ্যামি ) ? Where shall I rest myself, worn out with labour? কিং 'গচ্ছামি' ( গমিষ্যামি ) তপোবনম্ ? Do ( shall ) I go to the hermitage ?

(h) যাবৎ, পুরা ( certainly ), কর্হি, কদা এই কয়েকটি অব্যয়ের প্রয়োগে ভবিষ্যৎকালে বিকল্পে লট্ বিভক্তি হয়। যথা, যাবৎ স ন 'আগচ্ছতি' (আগমিষ্যতি) তাবদহং ন দাস্যামি, I shall not give till he comes ( will come ); আলোকে তে 'নিপততি' ( নিপতিষ্যতি ) পুরা, She will surely fall in the range of your vision.

**155**. Present Perfect tenseএর verbকে অনুবাদ করিতে লুঙ্ ( Aorist ) বিভক্তির বা Past Particpleএর প্রয়োগ করিতে হয়। যথা, What sin 'I have committed' by day, যদহ্না পাপম্ 'অকার্ষম্'; He 'has struck' me on the head with a wooden cudgel, স মাং শিরসি কাষ্ঠদণ্ডেন 'তাড়িতবান্'।

Dependent sentenceএ Present Perfect tenseএর অনুবাদের জন্য, See sec. 163.

(a) প্রশ্ন বুঝাইলে, Present Perfect tenseএ লঙ্ ব্যবহৃত হয়। যথা, 'Has' he 'gone' to the village ? কিমসৌ গ্রামম্ 'অগচ্ছৎ' ?

**156.** Perfect continuous formএর অনুবাদ করিতে হইলে, সংস্কৃত present participle এর সহিত আস্, স্থা ইত্যাদি ধাতুর লট্ বিভক্তির পদ ব্যবহৃত হয়। যথা, I 'have been doing' it ; ইদং 'কুর্ব্বন্ আসে'। সময়বাচক পদ থাকিলে কেবল বর্ত্তমান কালের ক্রিয়ারই প্রয়োগ করিলে হয় ; অথবা nominativeকে সম্বন্ধপদে এবং verbকে সংস্কৃতের present participleএ (১) অনুবাদ করিয়া সময়বাচক পদকে ক্ত-প্রত্যয়ান্ত জন্, অতি-ই, গম্ ইত্যাদি ধাতুর কর্ত্তৃরূপে ব্যবহার করিতে হয়। যথা, 'I 'have been living' at Prayàga for a long time, চিরাদহং প্রয়াগে 'নিবসামি' ; I 'have been meditating over' it three days, এতৎ 'চিন্তয়তঃ' মে দিবসত্রয়ং জাতম্ ; I 'have been waiting for' you three hours, ত্বাং 'প্রতীক্ষমাণস্য' মে যামমাত্রং ব্যতীতম্।

Test Questions :

Translate into Sanskrit ;—It is a fine day. My father has a black dog. Men have five senses. The teacher is beating the boys with a cane. To whom shall I go

---

(১) সংস্কৃতের ঐ Present participle, nominativeএর বিশেষণ হয়।

for protection? I do not know, when I shall give you the book. He, who offers food, goes to heaven. I have prepared my lessons. I have been studying here for a long time.

---

## II. Past

**157.** ইংরাজীতে অতীত অর্থে কেবলমাত্র Past tense ব্যবহৃত হয়; কিন্তু সংস্কৃতে লঙ্, লিট্ ও লুঙ্ এই তিন বিভক্তিই অতীত কালে প্রযুক্ত হয়। পাণিনির মতে, অনদ্যতনে (action not of to-day i. e. done previous to the current day) লঙ্, পরোক্ষে (action past and not witnessed by the speaker) লিট্ এবং ভূতার্থে (action done very recently, say, in the course of the day or having a reference to the present act) লুঙ্ বিভক্তির প্রয়োগ হয়। সুতরাং, ইংরাজীর Perfect tense যে অর্থ প্রকাশ করে, লুঙ্ও সেই অর্থেই ব্যবহৃত হয়, এবং Past tenseএ উক্ত অর্থানুসারে লঙ্ বা লিট্ প্রযুক্ত হয়। (১) কিন্তু সংস্কৃত-

(১) মুগ্ধবোধটীকায়—অদ্যতনে ঘী, হ্যস্তনে টী, পরোক্ষে ঠীতি কশ্চিৎ, তন্ন সর্ব্বত্রৈব ব্যভিচারাৎ, অর্থাৎ অদ্যতনে (ভূতার্থে, action done very recently &c.) ঘী (লুঙ্), হ্যস্তনে (অনদ্যতনে, action not of to-day &c.) টী (লঙ্) এবং পরোক্ষে ঠী (লিট্) বিভক্তি ব্যবহৃত হয়। যথা, সঃ অদ্যাভবৎ। স হোঽদ্রাক্ষীৎ। স বহুদিনং জগাম। কিন্তু ব্যভিচার হেতু এই নিয়ম সর্ব্বত্র কার্য্যকর নহে।

গ্রন্থে এই নিয়মের ভূরি ব্যতিক্রম দৃষ্ট হয়। যথা, কৃষ্ণঃ কংসং 'জঘান' ( সাধু ) ; 'অভূৎ' ( অসাধু ) নৃপো বিবুধসখো দশরথঃ ; 'ভেজে' ( সাধু ) ধর্ম্মমনাতুরঃ ; অসক্তঃ সুখম্ 'অন্বভূৎ' ( অসাধু )। অতএব Past বুঝাইলে লঙ্, লিট্ ও লুঙ্ এই তিনটির যেটির প্রয়োগ করিলে, বাক্যটি শ্রুতিমধুর হয়, তাহারই ব্যবহার করা যাইতে পারে।

**158.** পরোক্ষে লিট্ হয় বলিয়া, উত্তম পুরুষে লিটের প্রয়োগ হয় না ; কারণ, উত্তম পুরুষের ক্রিয়া কখনও কর্ত্তার পরোক্ষ হয় না, প্রত্যক্ষ ( witnessed by the speaker himself ) হয়। যথা, অহং গৃহং 'জগাম' ( অসাধু ), অহং গৃহম্ 'অগচ্ছম্' বা স গৃহং 'জগাম' ( সাধু )।

(a) যদি মত্ততা ( frenzy ) ও চিত্তব্যাক্ষেপ ( unconscious state of mind ) বুঝায়, তাহা হইলে উত্তম পুরুষে লিট্ ব্যবহৃত হয়। যথা, মত্তোহং কিল তস্য পুরস্তাদ্ বহু 'জগাদ' (মত্ততা) ; Being frenzied, I forsooth prated much before him ; সুপ্তোহহং 'বিললাপ' ( চিত্তব্যাক্ষেপ ), While asleep, I moaned.

(b) কর্ত্তা যদি বিপরীত বিষয়ের বর্ণনা দ্বারা প্রকৃত বিষয়ের গোপন করিতে ইচ্ছা করে, তাহা হইলে, মত্ততা বা চিত্তব্যাক্ষেপ না বুঝাইলেও, উত্তম পুরুষে লিট্ প্রযুক্ত হয়। যথা, নাহং কলিঙ্গেষু 'উবাস', I did not dwell in the country of the Kalingas.

**159.** প্রশ্ন বুঝাইলে, এবং বহুকাল পূর্ব্বে ( at a time far remote) ক্রিয়া সম্পন্ন হইয়াছে বুঝাইলে, Past tenseএর অনুবাদে লিটের ব্যবহার হয়। যথা, 'Did' he 'kill' Kamsa ? কিং স কংসং 'জঘান' ?

**160.** পুরা ( formerly ) এই অব্যয়ের যোগে লট্, লঙ্, লুঙ্ ও লিট্ এই চারি বিভক্তির মধ্যে যে কোনটির প্রয়োগ হইতে পারে। যথা, পুরা ছাত্রা অত্র বসন্তি, অবসন্, অবাৎসুঃ, ঊষুঃ বা। 'স্ম'এর যোগ থাকিলে, 'পুরা' শব্দের প্রয়োগে কেবল লট্ প্রযুক্ত হয়। যথা, পুরা স্ম ছাত্রা অত্র বসন্তি, Formerly dwelt pupils here.

**161.** মা ও মাস্ম শব্দের যোগে লুঙ্ বিভক্তির ব্যবহার হয়। যথা, তপোবনবাসিনামুপরোধো মা ভূৎ, That the inhabitants of the hermitage may not suffer any trouble ; ভর্ত্তু-বিপ্রকৃতাপি রোষণতয়া মাস্ম প্রতীপং গমঃ, Though ill-treated, do not, in anger, go against the will of your husband.

**162.** Past progressive formএর অনুবাদে লঙ্, লুঙ্ ও লিট্ এই তিন বিভক্তির যে কোনটির প্রয়োগ হইতে পারে। যথা, The horse 'was running'; অশ্বোঽয়ম্ 'অধাবত, অধাবিষ্ট দধাবে' বা।

(a) Subordinate sentenceএ past progressive form থাকিলে, সপ্তম্যন্ত present participle দ্বারা উহার অনুবাদ

করিতে হয়। যথা, While the minister 'was speaking', a messenger entered the assembly—'ভাষমাণে' অমাত্যে কশ্চিদ্ দূতঃ সভাং প্রাবিশৎ। কোন কোন স্থলে অর্থবিশেষে, ষষ্ঠ্যন্ত present participle দ্বারাও অনুবাদ হয়। যথা, While he 'was thinking' thus, it was dawn, এবং 'চিন্তয়তঃ' (১) তস্য প্রভাতমভূৎ।

**163.** Dependent sentenceএ উভয় verbএর ভিন্ন ভিন্ন nominative হইলে, Past Perfect tenseএর অনুবাদে ভাবে সপ্তমীর (locative absoluteএর) এবং উভয় verbএর এক nominative হইলে, Past Perfect tenseএর অনুবাদে ক্ত্বা-প্রত্যয়ান্ত পদের প্রয়োগ করিয়া, অন্য verbটিতে লঙাদি বিভক্তির ক্রিয়ার, ব্যবহার করিতে হয়। যথা, When Nala 'had gone' but ten steps, Karkotaka bit him, দশ পাদান্ 'গতে' এব নলে, কর্কোটকস্তং দদংশ ; After I 'had prepared' my lessons, I went school, পাঠান্ 'অধীত্য' বিদ্যালয়মগচ্ছম্। পাঠাভ্যাসাৎ পরং বিদ্যালয়মগচ্ছম্, এরূপ অনুবাদও করা যাইতে পারে। Dependent sentenceএ Present Perfect tenseএর অনুবাদেও এই নিয়ম।

(a) Past Perfect continuous এর অনুবাদ Present Perfect continuousএর মত করিতে হয়। See sec. 156.

---

(১) এই ষষ্ঠী বিভক্তিকে অনাদরে ষষ্ঠী কহে। এবং চিন্তয়ন্তং তমনাদৃত্য প্রভাতমভূৎ ইত্যর্থঃ।

Test Questions :

Translate into Sanskrit ;—He bought fame at the cost of his life. The serpent having climbed the tree, used to eat the young ones of the birds. They were laughing. I have never gone to Oudh. Ráma was carrying a dog on his shoulder. I have been ill for five days. I have seen him, since my return. He was born after his father had died.

---

## III. Future

**164.** ইংরাজীতে verbএর সহিত 'shall' বা 'will' যোগ করিয়া Future tense প্রস্তুত হয়। সংস্কৃতে এই Future tense প্রকাশ করিবার জন্য লুট্ (First or Periphrastic Future) এবং ল়ৃট্ (Second or Simple Future) ব্যবহৃত হয়। ক্রিয়াটি কল্য কিংবা তাহা অপেক্ষা অধিকতর পরবর্ত্তী কালে (to-morrow or at a more remote future time) সম্পন্ন হইবে, এইরূপ অর্থ বুঝাইলে, লুট্ ব্যবহৃত হয়। কোন অনির্দ্দিষ্ট ভবিষ্যৎকাল (indefinite future time or simple futurity), অব্যবহিত পরবর্ত্তী ভবিষ্যৎকাল (immediate future), অথবা অদ্যকার ভবিষ্যৎকাল (to-day's futurity) অর্থাৎ অদ্যই কার্য্য সম্পন্ন হইবে, এইরূপ বুঝাইলে, ল়ৃট্ ব্যবহৃত হয়। (১) যথা,

---

(১) বোপদেবমতে ভবিষ্যৎ তিনপ্রকার; অদ্যতন ভবিষ্যৎ (Future time of to-day), অনদ্যতন ভবিষ্যৎ (Future time not of to-day)

I 'shall go' to Vaidyanàtha to-morrow, শ্বোহহং বৈদ্যনাথং 'গন্তাস্মি' ; We 'shall do', বয়ং 'করিষ্যামঃ' ; I 'shall return' to-day, অদ্য 'প্রত্যাবর্ত্তিষ্যে' ।

**165.** সামীপ্য ( proximity ) বুঝাইলে, ভবিষ্যৎকালে বিকল্পে লট্ বিভক্তি হয়। যথা, মাসমেকং নরো 'যাতি' (যাস্যতি) দ্বৌ মাসৌ মৃগশূকরৌ। অহিরেকং দিনং 'যাতি' ( যাস্যতি ) অদ্য ভক্ষ্যো ধনুর্গুণঃ ॥" The human body takes ( will take ) one month, the deer and the hog two months, and the snake one day ; let me then feed on the string of the bow to-day.

**166.** ইংরাজীতে first person এ shall, এবং second ও third person এ will কেবল ভবিষ্যৎকাল (simple futurity) প্রকাশ করে। কিন্তু সংস্কৃতে তাদৃশ কোন নিয়ম নাই, অর্থাৎ সকল person এই simple futurity অর্থে লৃট্ ব্যবহৃত হয়।(১) I 'shall go', অহং 'গমিষ্যামি' ; You 'will do', ত্বং 'করিষ্যসি' ; He 'will come', স 'আগমিষ্যতি'।

**167.** First person এ 'will' ব্যবহৃত হইলে, intention

---

এবং দূর ভবিষ্যৎ ( more remote future time )। অদ্যতন ভবিষ্যৎ-কালে লৃট্ বিভক্তি এবং অনদ্যতন ও দূর ভবিষ্যৎকালে লুট বিভক্তি হয়। ভবিতা ; শ্বো ভবিষ্যতি ; বৎসরান্তে ভবিষ্যতি। লুটের প্রয়োগ নিতান্ত বিরল।

(১) বিধিলিঙের প্রয়োগও হইতে পারে। যথা, অহং গচ্ছেয়ম্ &c.

( অভিপ্রায় ) ও resolution ( নিশ্চয় ) প্রকাশ করে ; সুতরাং, অভিপ্রায়ার্থের অনুবাদে verb এর corresponding সংস্কৃত ধাতুর উত্তর তুম্ প্রত্যয় করিয়া, লট্ বিভক্তিতে ইচ্ছার্থক ধাতুর প্রয়োগ করিতে হয় ; নিশ্চয়ার্থের অনুবাদে নিশ্চয়ার্থক এব, নূনম্ ইত্যাদির সহিত লৃট্ বিভক্তিতে verb এর তুল্যার্থক ধাতুর প্রয়োগ করিতে হয়। যথা, I 'will die', অহং মর্ত্তুম্ ইচ্ছামি, মরিষ্যাম্যেব বা।

**168.** Second ও third personএ shall বক্তার command (আজ্ঞা), threatening (ভয়প্রদর্শন) ও self-determination ( স্বকীয় নিশ্চয় ) প্রকাশ করে এবং অনুবাদে আজ্ঞা(১) বা ভয়প্রদর্শনার্থে বিধিলিঙ্ ও নিশ্চয়ার্থে ণিজন্ত ধাতুর লৃট্ প্রযুক্ত হয়। যথা, My servant 'shall do' (command) it, মম ভৃত্য ইদং 'কুর্য্যাৎ' ; You 'shall feel' ( threatening ) its conesquence, ফলমস্য 'ভুঞ্জীথাঃ' ; The boy 'shall go' (self dermination) there, বালকং তং তত্র গময়িষ্যামি। কখন কখন potential passive participle দ্বারাও অনুবাদ হয়। যথা, ফলমস্য 'ভোক্তব্যং' ত্বয়া।

**169.** Promise (প্রতিজ্ঞা) বুঝাইলে, Future tenseএর অনুবাদে বিধিলিঙ্ অথবা লৃটের প্রয়োগ করিয়া, নিশ্চয়সূচক 'এব'

---

( ১ ) আদেশ অর্থ বুঝাইলে, তুমন্ত ক্রিয়ার পরে 'আ-জ্ঞাপি'-প্রভৃতি নির্দেশসূচক ধাতু লটে প্রয়োগ করিয়াও অনুবাদ করা যায়। যথা, My servant shall do it, i. e. I command my servant to do it, এতৎ কারয়িতুং ভৃত্যং মে আজ্ঞাপয়ামি।

'নূনম্' ইত্যাদি অব্যয়ের ব্যবহার করিতে হয়। যথা, He 'shall be' my prime minister, (i. e. I promise that he &c.), স মে প্রধানসচিবো 'ভবেন্নূনম্, ভবিষ্যত্যেব' বা ; স মে প্রধানসচিবো ভবেৎ (ভবিষ্যতি ) ইত্যহং নিশ্চয়েন ( নিশ্চিতমেব) কথয়ামি।

**170.** Indirect speech এ ব্যবহৃত 'shall' সকল person-এই simple futurity প্রকাশ করে এবং অনুবাদে বিধিলিঙ্ বা লৃট্ বিভক্তির প্রয়োগ হয়। যথা, I say, that I 'shall do' it, ইদমহং 'কুর্য্যাম্ করিষ্যামি' বা ইতি ভণামি।

(a) Indirect speechএ 'will' ব্যবহৃত হইলে, intention বা determination অর্থ প্রকাশ করে এবং direct speechএ ব্যবহৃত 'will' এর ন্যায়ই উহার অনুবাদ হয়। See sec. 167.

**171.** প্রশ্ন বুঝাইলে, first personএ 'shall' কেবল ভবিষ্যদর্থ (simple futurity) প্রকাশ করে এবং যাহাকে জিজ্ঞাসা করা হইতেছে (person interrogated), তাহার অভিপ্রায় সূচনা করে। এইরূপ second personএ 'shall' ও third personএ 'will' কেবল ভবিষ্যৎকাল-প্রকাশক এবং second personএ 'will' ও third personএ 'shall' জিজ্ঞাসিতব্য ব্যক্তির অভিলাষজ্ঞাপক। 'Shall' ও 'will' কেবল ভবিষ্যদর্থ প্রকাশ করিলে, অনুবাদে লৃট্, অপরের, অর্থাৎ যাহাকে জিজ্ঞাসা করা যাইতেছে, তাহার অভিপ্রায়জিজ্ঞাসা বুঝাইলে, লোট্ বা বিধিলিঙ্ এবং কর্ত্তার ইচ্ছা (the desire of the nominative of the interrogative sentence) প্রকাশ করিলে, তুমন্ত ক্রিয়ার পরে, ইচ্ছার্থক

ইষ্, কম্, অভি-লষ্ ইত্যাদি ধাতুর লট্ ব্যবহৃত হয়। যথা, Shall I go? (simple futurity and wish of the person spoken to)? গমিষ্যামি কিম্? Shall you go (simple futurity)? গমিষ্যসি কিম্? Will he go (simple futurity)? গমিষ্যতি কিম্? Shall he go (expresses the wish of the person interrogated) গচ্ছতু or গচ্ছেৎ কিম্? Will you go (expresses the wish of the nominative of the interrogative sentence)? গন্তুমিচ্ছথ কিম্?

**172.** আশংসা (hope) বুঝাইলে, conditional sentence-এর উভয় verb-এরই, ভবিষ্যদর্থে লট্, লুঙ্ বা ল়ৃটে অনুবাদ হয়। যথা, If it 'were to rain', we 'should sow' corn—দেবশ্চেদ্ 'বর্ষতি, অবর্ষীৎ, বর্ষিষ্যতি' বা ধান্যং 'বপামঃ, অবাপ্স্ম, বপ্স্যামঃ' বা।

**173.** Future progressive-এর অনুবাদে ল়ৃট্ বিভক্তির প্রয়োগ হয়। যথা, He 'will be giving' alms to beggars, স ভিক্ষুভ্যো ভিক্ষাং 'দাস্যতি'।

**174.** Future Perfect tense-এ ব্যবহৃত verb-এর অনুবাদে corresponding ধাতুর past participle-এর পরে বিধিলিঙে ভূ ধাতুর প্রয়োগ হয়। যথা, He 'shall have done' it, এতৎ তেন 'কৃতং ভবেৎ'; You 'will have returned' here within a week, সপ্তাহেন অত্র 'প্রত্যাবৃত্তো ভবেঃ' or ত্বয়াত্র 'প্রত্যাবর্ত্তনীয়ম্'।

**175.** Future continuous form-এর অনুবাদে verb-এর

corresponding ধাতুর future participleএর সহিত আস্, অথবা স্থা ধাতু লৃটে ব্যবহৃত হয়; কিংবা present participleকে ষষ্ঠ্যন্ত nominativeএর সহিত অন্বিত করিয়া সময়সূচক পদকে লৃট্-বিভক্ত্যন্ত গম্, যা, অতি-ই ইত্যাদি ধাতুর কর্ত্তৃরূপে প্রয়োগ করিতে হয়। যথা, I 'shall have been doing', করিষ্যমাণ আসিষ্যে; I 'shall have been trying' for a long time, ইদং পরীক্ষমাণস্য মে ( ষষ্ঠ্যন্ত nominative ) দীর্ঘকালো গমিষ্যতি ( or যাস্যতি &c. ) ।

**176.** He is about to come, He was about to come, এবং He will be about to come ইত্যাদি অভিপ্রায়সূচক (intentional) formএর অনুবাদে, infinitiveএর corresponding তুমন্ত ধাতুর সহিত 'কাম' বা 'মনস্' শব্দের সমাস করিয়া ভূ ধাতুর ব্যবহার করিতে হয়। যথা, স আগন্তুকামঃ (or আগন্তুমনাঃ ) ভবতি, সঃ &c. বভূব, সঃ &c. ভবিষ্যতি ।

**177.** প্রশ্নস্থলে 'should' ও 'would'কে 'shall' ও 'will' এর ন্যায় অনুবাদ করিতে হয় (See sec. 171) । যথা, Should I go out? কিং বহির্গচ্ছেয়ম্ (or গচ্ছানি)? Would you come? কিমাগন্তুম্ ইচ্ছথ? Would he go? গমিষ্যতি কিম্?

(a) Indirect sentenceএ 'should' ও 'would' অতীত কাল সূচনা করিলে, অনুবাদে লৃট্ ব্যবহৃত হয়। যথা, He said that he 'would go' home, স গৃহং 'গমিষ্যতি' ইত্যুবাচ ।

(b) শিষ্টাচার (politeness) অর্থে, 'shall' ও 'will'এর পরিবর্ত্তে

'should' ও 'would' ব্যবহৃত হইলে, অনুবাদে বিধিলিঙ্ প্রযুক্ত হয়। যথা, I 'should (shall) feel' much obliged, ভৃশমনুগৃহীতং মাং 'মন্যেয়'; 'Would (will)' you 'give' me your dictionary? কিং তব কোষং মে 'দাতুম্ ইচ্ছঃ'?

(c) Habitual action অর্থ প্রকাশ করিলে, 'would'এর অনুবাদে লট্ বিভক্তির প্রয়োগ হয়। যথা, Time 'would destroy' all in a moment, 'হরতি' নিমেষাৎ কালঃ সর্ব্বম্।

---

## EXERCISE

*Translate into Sanskrit* ;—

(a) He is respectable. There are many good people in this city. What shall I do? I shall wait for him till he comes. Say, what the company of the good does not do to men? Owls are flying. I salute Pārvatí and Parameswara, the parents of the universe. The boys are coming back from school. God is present everywhere. Ràma writes a good hand. Why have you come?—said the vulture. Cats like milk. My father gives me a book. The sun is setting. Hiranyaka would sleep in his hole after taking food. They have saved themselves with great difficulty at that perilous time. I have been living in Calcutta these three years. Has he done his work? There is a tortoise being carried by two birds on their shoulders. Oh Govinda! thou art my life, my object of pride, my all world. Honesty is the best policy. All bodies, when heated, expand. I have been learning grammar three

months. I know what book you mean. I know him a thief. All know them rogues.

(b) He abandoned me in this thicket of trees. He was the incarnation of avarice. He had come back before his father departed. When he had knew that he had not gained the prize, he felt ashamed. When he was going (or was about) to depart, he drank much water. Formerly (See "Adverbs") a sage lived in the forest. Being mad with grief. I tried to commit suicide. I dreamed that my father had died. He studied Nyàya for three years and became proficient in it. S'akuntalà did not notice the approach of Durvàsà, while (See "Adverbs") thinking of her lover. He had come back before his father departed. When he had almost climbed the tree, his feet slipped. When Chandràpìda was about to be crowned, S'ukanàsa advised him. While (See "Adverbs") he was laughing, his father entered the room. Has he gone home? The sun was shining bright. They were walking together. He is no other than Gopàla. I myself go. It is I. Who is it?—It's Ràma.

(c) I will give you one book, two pens and three balls. Our soul will never die. Shall I bring the book? To-morrow I will start for Vrndàvana. I shall send my servant. He will come back within twelve days. Will you think it proper? All these will happen in the Kali age. You shall bring me the cloth. He shall suffer from its evil consequence. The boy will prepare his lessons. I will show you a picture of the queen. Shall he show me his toys? I will tell you of a good child. I promise that I will give him one hundred rupees. He said that I should get my desired object. He would now come back joyfully. You should try your best to do it. I shall have finished my duty before you will start. He will never be satisfied with hoards of money. Friends will swarm round a man in hundreds in days of prosperity. I shall have been doing it for three days. He will be preparing his lessons.

(d) He will kill all of us. The jackal came to the spot and thought. He will give me, whatever I ask. I have come to consult with you. There he stayed for three years, earned some money and returned home. Without perseverence, no work succeeds. His father came to the spot. A prison is no place to sing songs in. The birds song among the branches of trees. The rays of the rising sun have tinged the new leaves of trees. Cool morning breeze, charged with fragrance is blowing. It is dark. It is done. It is a mad dog. It is eve. It is dawn. I saw a fawn play on the lawn. We will not be afraid of telling the truth. The sun's rays come from behind the clouds. Satyavàn was born at Benares. He was remarkable for his industry. We shall have a hard gale. Anarchy begets many evils in a country. The cow gives us nice milk. Many sweatmeats are made of milk. A brisk bee hums near me. The bright moon will soon rise. The king will grant you 'pension' ( সেবার্থবৃত্তি ). I will buy a cloth for him. The king will fine the culprit one hundred and fifty rupees. The gods and the demons churned nectar out of the milk-ocean. I will write him a letter. I have been suffering from fever these six months. I shall have got it ready before he will return. Cultivators shall have been tilling these grounds. There are five ripe mangoes and four green ones in this basket. Ràma and S'yàma are striking each other.

---

## II. The Imperative Mood

**178.** ইংরাজীর Imperative moodএ command (অনুজ্ঞা), advice (উপদেশ) ও entreat (প্রার্থনা) এই সকল অর্থ প্রকাশ করে। সংস্কৃতে ঐ সকল অর্থে লোট্ ব্যবহৃত হয়; সুতরাং,

Imperative moodএর verbকে লোট্ বিভক্তিতে অনুবাদ করিতে হয়। যথা, 'Point out' to me soon that fortified place (command), সত্বরং 'দর্শয়' মে তদ্দুর্গম্ ; 'Speak' the truth (advice), সত্যং 'ব্রূহি' ; Help ! Help ! ( entreat )— পরিত্রায়স্ব পরিত্রায়স্ব।

(a) শিষ্টাচার (politeness) প্রকাশ করিলে, Imperative moodএর অনুবাদে কর্ম্মবাচ্যে বা ভাববাচ্যে লোট্ বিভক্তির প্রয়োগ হয়। যথা, 'Please sit down' here, অত্র 'উপবিশ্যতাম্' or অত্র 'আস্যতাম্' ; Kindly 'do' it, Sir ! কৃপয়ৈতৎ 'ক্রিয়তাম্' আর্য্য।

**179**. নিষেধার্থ 'মা' (মাঙ্) এই অব্যয়ের যোগে, Imperative moodএর অনুবাদে লোটের পরিবর্ত্তে লুঙ্, 'মাস্ম' এই অব্যয়ের প্রয়োগে বিকল্পে লঙ্ ও লুঙ্ এবং 'ন' এই অব্যয়ের যোগে বিকল্পে কৃত্য প্রত্যয় হয়। যথা, 'Do' not 'fear', মা ভৈষীঃ (or মা বিভীহি) ; মাস্ম বিভেঃ ( or ভৈষীঃ) ; ন ভেতব্যম্ ( or ন বিভীহি )।

**180**. সমর্থনা (power) বুঝাইলে, অনুবাদে লোট্ ব্যবহৃত হয়। যথা, I 'can suck up' even a sea, সিন্ধুমপি শোষয়াণি। বিধিপ্রভৃতি অর্থ বুঝাইলে, অনুবাদে লোট্ ও বিধিলিঙ্ ব্যবহৃত হয়। ( See sec. 198. )

**181**. Imperative moodএ 'let' ব্যবহৃত হইলে, অনুবাদে 'let'কে ছাড়িয়া দিয়া এবং objectকে কর্ত্তৃকারক করিয়া,

verbএর corresponding ধাতুকে লোটে প্রয়োগ করিতে হয়। যথা, Let him 'do' it, ইদং স 'করোতু'; Let me 'go' now, ইদানীং 'গচ্ছানি'। 'Let' it 'be done' by him, (passive), তেনৈতৎ 'কৃতং ভবতু'; 'Let' him 'be taught' by me, ময়া সঃ 'অধ্যাপিতো ভবতু'।

**182. A few other examples :** (a) Say a hundred, শতং নাম ; (b) Take it for granted, স্বীক্রিয়তা-মেতৎ ; (c) Suffice it to say, অলমেতাবতা ; Happen, what may, or come, what may—যদ্ ভবেৎ তদ্ ভবতু ; (d) Be it so, তদ্ ভবতু or তথেতি ; (f) Come harm, come good [ See sec. 78 (a) ] ; ( g) Well, sit down here—বাঢ়ম্, অত্রোপবিশ্যতাম্।

---

## EXERCISE

*Translate into Sanskrit ;—*

Give me response. Leave off ambition. Give up pride. Let spies in disguise be sent everywhere in the kingdom. Give him a cloth and one rupee. Swear by your tutelary deity. Send a messenger to the king of Videha. Let all the subjects be informed of the matter. Attempt to get the prize. Commit no sins. Communicate the good tidings to him. Bring me a new dress. Speak the trnth.

and speak it ever. Keep company with the good and think of the greatness of God. Get up at five, go to bed at nine, keep your skin clean, eat plain food and plav for some time at the end of school hours. Put out the lamp. Do not hate the poor. Let him bring some flowers. Do not hanker after wealth. Come, let us walk. Be propitious, O Krishna ! Here ( See "Adverbs" ) is your toy, do not weep, my boy ! Let all the prisoners be released. Walk early in the morning. Do not tremble so, my daughter ! Be on your your guard. Hate no one. Do not go to the edge of the brook. Show me your toys. Walk in the path of righteousness. Be a companion of the holy man. Tarry, till I come. Get my gloves. Go to your place and sit down. Do't quarrel with your brothers and sisters. Taste the bitter consequence of your 'rash deeds' ( সাহস ). Deliver us, Brahman, from the oppression of Táraka. Let me know thy name. Answer me, O friend ! Do not move a step. Comb your hair and be neat and clean. Remain here, Gopála, for some time. Be proficient in various arts and sciences.

---

## III. The Infinitive Mood

**183**. যেমন ইংরাজী ভাষায় verb এর পূর্ব্বে to যোগ করিলে, Inifinitive mood পস্তুত হয়, সেইরূপ ধাতুর উত্তর 'তুম্' প্রত্যয় করিয়া সংস্কৃত Infinitive হয়। (১) ইংরাজীর

---

( ১ ) "সমানকর্ত্তৃকেষু তুমুন্", অর্থাৎ যদি উভয় ক্রিয়ার এক কর্ত্তা হয়, তাহা হইলে উভয় ক্রিয়ার মধ্যে নিমিত্তবোধক ক্রিয়ার ধাতুর উত্তর তুমুন্ ( তুম্ ) প্রত্যয় হয়।

'for the purpose of', 'for' এই অর্থেই 'তুম্' প্রত্যয় হয় বলিয়া, সংস্কৃত Infinitiveএ Dative sense বর্ত্তমান থাকে; সুতরাং, Gerundial Infinitive moodএর অনুবাদে তুম্-প্রত্যয়ান্ত পদের প্রয়োগ, অথবা ধাতুর উত্তর অল্ ঘঞ্ অনট্ ইত্যাদি প্রত্যয় দ্বারা verbal noun (ক্রিয়াবাচক বিশেষ্য) প্রস্তুত করিয়া, তাহার উত্তর চতুর্থী বিভক্তির প্রয়োগ করিতে হয়। যথা, 'To rule' (for ruling or for the purpose of ruling) the world, 'শাসিতুং' জগৎ or জগতঃ 'শাসনায়'।(১)

**184.** Infinitive দুই ভাগে বিভক্ত; Gerundial Infinitive ও Simple infinitive. Gerundial infinitive, 'purpose' প্রভৃতি অর্থ প্রকাশ করে; সংস্কৃতেও 'for the purpose of', 'for' এই অর্থেই তুম্ প্রত্যয় হয় এবং ঐ তুমন্ত পদে dative sense বর্ত্তমান থাকে।

(a) ইংরাজীর Simple infinitive, 'purpose' প্রভৃতি অর্থ প্রকাশ করে না; উহা verbএর subject বা object রূপে ব্যবহৃত হয়। সংস্কৃতের Infinitiveএ dative sense বর্ত্তমান থাকে, সুতরাং, উহা কর্ত্তা বা কর্ম্ম হয় না; অতএব এইরূপ subject বা object রূপে ব্যবহৃত Simple infinitiveএর অনুবাদে, verbএর corresponding ধাতুর ভাবসাধিত ক্রিয়াপদের প্রয়োগ

(১) 'অর্থ' শব্দের প্রয়োগ দ্বারাও অনুবাদ হয়; 'অর্থ'-শব্দান্ত পদ ক্রিয়াবিশেষণ। যথা, জগতঃ শাসনার্থম্।

করিতে হয়। যথা, 'To walk' or walking (subject) in the morning is conducive to health, প্রত্যূষে 'ভ্রমণং' (কর্ত্তৃপদ) স্বাস্থ্যকরম্; 'To enjoy' (subject) is 'to obey' (complementary), (বিভুদত্তস্য) 'উপভোগ' এব তদাজ্ঞা-পালনম্'; Man fears 'to die' (object), 'মরণাদ্' বিভেতি জনঃ।

**185.** যদি Infinitiveএর পূর্ব্বে 'see', 'hear', 'behold', এই কয়েকটি verb থাকে, তবে উহার অনুবাদে present participleএর প্রয়োগ করিতে হয়। যথা, I saw him '(to) sing' (or singing), 'গায়ন্তং' তমপশ্যম্; He heard them '(to) cry' (or crying), 'রুদতঃ' তানশৃণোৎ; They beheld him 'to run' (or running), তে 'ধাবমানং' তং দদৃশুঃ; See the bird '(to) rise' in the air, আকাশং 'বিগাহমানং or উচ্চরন্তং' বিহঙ্গমং পশ্য।

**186.** Infinitive perfectএর অনুবাদে, past participle ব্যবহৃত হয়। যথা, I am sorry 'to have informed' you, ত্বামহং 'বিজ্ঞাপিতবান্' ইত্যহং দুঃখিতঃ; He is glad 'to have been informed' of his son's good tidings, পুত্রস্য কুশলবার্ত্তাং স 'বিজ্ঞাপিত' ইতি (সঃ) প্রীণাতি।

**187.** 'Wish', 'desire' ইত্যাদি ইচ্ছার্থক verbএর পরে Infinitive ব্যবহৃত হইলে, তুমন্ত পদের উত্তর 'wish', 'desire', ইত্যাদির পরিবর্ত্তে সমাসযুক্ত 'কাম' বা 'মনস্' শব্দের, অথবা তুমন্ত পদের পরে 'ইষ্' প্রভৃতি ধাতুর, প্রয়োগ করিয়া, উহার অনুবাদ

করিতে হয়। যথা, I 'wish to go' ( or I am desirous to go ), 'গন্তুকামঃ' অহম্ or 'গন্তুমিচ্ছামি'।

**188.** ইংরাজীর Infinitiveএর স্থায় সংস্কৃত Infinitive-এর passive form নাই; সুতরাং 'passive infinitiveএর অনুবাদে তুমন্ত পদের প্রয়োগ হয় না, Potential passive participleএর ব্যবহার হয়। যথা, He is 'to be hated' by his neighbours, স প্রতিবেশিনাম্ 'অশ্রদ্ধেয়ঃ'; They are 'to be censured', তে 'গর্হণীয়াঃ'।

**189. A few other examples :** (a) I want water 'to drink', 'পেয়ং' পয়োঽহং যাচে। (b) A house 'to let', 'বর্ত্তনেন দেয়ং' গৃহম্। (c) 'To err' is human, and 'to forgive', divine—'ভ্রমো হি নরসুলভঃ, 'তিতিক্ষা' চ দৈবী। (d) I desire you 'to go', 'যাহি' ইতি কাময়ে। (e) He is 'to go' to-morrow, শ্বস্তেন 'গন্তব্যম্' or শ্বো গমিষ্যতীতি সিদ্ধান্তিতম্। (f) He seems to be a good boy, স সুশীলো বালকঃ ইতি প্রতীয়তে or ইতি মে প্রতিভাতি। (g) I have to go to the town, নগরং ময়া গন্তব্যম্, or নগরমহং গচ্ছেয়ম্। (h) I was to have done this, ময়ৈতৎ করণীয়-মাসীৎ, (ন তু কৃতম্)। (i) He is quick to resent, শীঘ্রং স ক্রুধ্যতি, or স কোপনঃ। (j) To tell (or to speak) the truth, সত্যং যদ্। (k) To be sure—নিশ্চিতমেব, ধ্রুবমেব or নূনম্। (l) To be brief—কিং বহুনা, or সংক্ষেপতঃ। (m) So to

speak, ভগ্যাস্তবেণ। n) Your mistake is te be deplored, অনুশোচনীয়স্তে প্রমাদঃ। (o) What am I to do now? কিমধুনা করিষ্যামি। (p) He is about to start, স প্রস্থানোন্মুখঃ; (q) Not to mention the poor, Not to speak of the poor, or Far from speaking of the poor, কা কথা ( কিং পুনঃ or কা গণনা ) দরিদ্রাণাম্?

---

## EXERCISE

*Translate into Sanskrit* ;—

He tried to rouse them from sleep. We hope by care to cure her of the bite. Let him take his book. Send her to get a pen. I do not bear to see even poor men disrespectfully treated. Be pleased, O Krishna ! to clear this doubt It is now time to begin to study your lessons. I desired them to go to Bombay. It is impossible to go to another country. I beg 'your honour' ( আর্য ) to grant this request. The villain deserves to be punished for his crimes. I told him to do the work. To take revenge appears at first pleasant to a man. He strove to effect the good of his countrymen. He is determined to ruin his subjects. It is difficult to cross the river. I saw him die. He told me to go. He began to laugh. I bid you go. I heard him sing. I saw the man drinking. To lie is a sin. To rise early in the morning makes a man healthy. I have to go to market

every day. I remember to have seen you. He went to see the image of Jagannàtha. He tries to get rid of difficulty. Let him sit on my lap. I have power to know every thing. His penance is sufficient to burn the worlds. Dear Jánaki, be pleased not to forsake me. She desires to obtain for her husband the Pinàka-holding god, S'iva. He then set out to conquer the Persians. I am not able 'to compose' ( স্থাপি ) my hearts. There is food to eat. Thus he began to speak to him 'privately' (মিথঃ ). Ràma is to be rewarded. The book is to be brought. He deserved to be kicked. Their faults are to be corrected. Ràva*n*a employed Ràkshasas to rouse his brother Kumbhakar*n*a from sleep.

## IV. The Subjunctive mood

**190**. ইংরাজীর Subjunctive সংস্কৃতের বিধিলিঙ্ (potential mood) এর তুল্য ; কিন্তু সর্ব্বত্রই Subjunctive moodএর অনুবাদে Potential ব্যবহৃত হয় না ; অর্থবিশেষে লট্-প্রভৃতিরও প্রয়োগ হয়। Direct assertionএ 'may', 'might', 'can', 'could' ইত্যাদি, Dependent clauseএ 'lest', 'whether', 'that' ইত্যাদি এবং Conditional sentenceএ 'if', 'though', 'unless' ইত্যাদি দ্বারা Subjunctive mood প্রস্তুত হয়।

## I. Direct assertion

**191**. যে verbএর সহিত 'may' ব্যবহৃত হইয়া, 'possibility', 'permission' বা 'purpose' অর্থ প্রকাশ করে, তাহার অনুবাদে বিধিলিঙের প্রয়োগ হয়। যথা, He 'may come' (possibility) again, স পুনঃ 'আগচ্ছেৎ'; (১) 'May' I 'go', (permission) sir ? 'গচ্ছেয়ম্' আর্য্য ? He labours hard that he '**may** earn' (purpose) much, পুষ্কলম্ 'অর্জয়েৎ' ইতি স কঠোরং শ্রাম্যতি।

(a) 'May' আশীর্ব্বাদ বা হিতাশংসা (benediction or blessing) প্রকাশ করিলে, অনুবাদে লোট্ বা আশীর্লিঙ্এর ব্যবহার হয়। যথা, 'May' your father 'live' long, চিরং 'জীবতু or জীব্যাৎ' তে পিতা। 'May' you 'give' birth to a warrior, বীরপ্রসবা 'ভব or ভূয়াঃ'। (২)

(b) 'May' এই auxiliaryর সহিত Perfect tenseসূচক 'have' ব্যবহৃত হইলে, উহা possibility অর্থ প্রকাশ করে, এবং অনুবাদে verbএর corresponding ধাতুর নিষ্ঠান্ত পদের পরে বিধিলিঙে 'ভূ' ধাতুর প্রয়োগ করিতে হয়। যথা, He 'may have done' it by this time, অনেনৈব কালেন স তৎ

(১) কখন কখন সম্ভাবনার্থক 'নাম' এই অব্যয় পদেরও প্রয়োগ থাকে। যথা, স নাম পুনরাগচ্ছেৎ।

(২) আশীর্ব্বাদ অর্থে লোটের 'তু'এর স্থানে বিকল্পে 'তাৎ' হয়। যথা, চিরং জীবতাৎ তে পিতা।

'কৃতবান্ ভবেৎ' (active); অনেনৈব কালেন তেন তৎ কৃতং ভবেৎ (passive)।

**192**. 'May'এর ন্যায় 'Might'ও possibility অর্থ প্রকাশ করিলে, উহার অনুবাদে বিধিলিঙ্, অথবা কখন কখন Potential passive participle ব্যবহৃত হয়। যথা, It 'might be' the case, বৃত্তং তদেবং 'স্যাৎ'; He 'might sacrifice' his life, কদাচিৎ তেন তজ্জীবনম্ 'উৎস্রষ্টব্যম্'।

(a) Perfect tenseএ ব্যবহৃত 'Might'এর অনুবাদ 'may'এর মতই করিতে হয় [ See sec. 191(b) ], অথবা নিষ্ঠান্ত পদের ধাতুর উত্তর কৃত্য প্রত্যয় করিতে হয়। যথা, The old man 'might have done' his work, তেন বৃদ্ধেন তস্য কার্য্যং কৃতম্ ভবেৎ (active); বৃদ্ধেন তেন তৎকার্য্যং কর্ত্তব্যম্ (passive).

**193**. 'Can' ক্ষমতা (capability) অর্থ প্রকাশ করে; সুতরাং, অনুবাদে verbএর corresponding তুমন্ত ক্রিয়ার পরে লটে শক্, পারি ইত্যাদি সামর্থ্যক ধাতুর প্রয়োগ হয়, অথবা তুমন্ত ক্রিয়ার পরে 'সমর্থ', 'পারগ' 'শক্ত' ইত্যাদি 'সমর্থ' পর্য্যায়ের বিশেষণ ব্যবহার করিয়া, পরে লটে ভূ ধাতুর প্রয়োগ করিতে হয়। যথা, He 'can run', স 'ধাবিতুং শক্নোতি' or স 'ধাবিতুং সমর্থঃ' ( ভবতি )।

(a) 'Can'এর পরে principal verb অনুক্ত থাকিলে, তাহার অনুবাদ 'can'এরই ন্যায় করিতে হয়। যথা, She can walk, but her infant can not ( can not walk ), সা গন্তুং শক্নোতি তস্যাঃ শিশুস্তু ন ( ন গন্তুং শক্নোতি )।

(b) 'Could'এর অনুবাদ 'can'এরই ন্যায় করিতে হয়; কেবল লটের পরিবর্ত্তে অতীত কালের ক্রিয়া প্রযুক্ত হয়, এইমাত্র প্রভেদ। যথা, স ধাবিতুমশক্নোৎ or স ধাবিতুং সমর্থঃ &c. আসীৎ।

(c) Perfect tenseএ ব্যবহৃত হইলে, 'could'এর অনুবাদে, 'can'এর ন্যায়, তুমন্ত ক্রিয়ার পরে সমর্থপর্য্যায়ের বিশেষণ প্রয়োগ করিয়া অতীত কালে ভূ অথবা অস্ ধাতুর ব্যবহার করিতে হয়। যথা, I 'could have done' it (active), এতৎ কর্ত্তুং সমর্থ আসম্ (ন তু কৃতবান্); It 'could have been done' by me (passive), ময়ৈতৎ কর্ত্তুং শক্যমাসীৎ (ন তু কৃতম্)।

**194.** 'Should' ঔচিত্য (duty or moral obligation) অর্থ প্রকাশ করিলে, অনুবাদে বিধিলিঙে verbএর corresponding ধাতু, অথবা ঐ ধাতুর Potential passive participle প্রয়োগ করিতে হয়। যথা, A son 'should obey' his father, পুত্রঃ পিতরম্ 'অনুরুন্ধ্যাৎ' or পিত্রা পুত্রেণ 'অনুরোদ্ধব্যঃ'।

(a) Perfect tenseএ ব্যবহৃত হইলে, 'Should' ঔচিত্য অর্থ প্রকাশ করে এবং অনুবাদে verbএর corresponding ধাতুর Potential passive participle ব্যবহার করিতে হয়। যথা, He 'should have come' here (active), অত্র তেন 'আগন্তব্যম্' (ন তু আগতম্); He 'should have been known' by you (passive), ত্বয়াসৌ 'জ্ঞাতব্য আসীৎ' (ন তু জ্ঞাতঃ)।

**195.** 'Would' অথবা Perfect form 'would have,' ইচ্ছা বা সম্ভাবনা (wish or contingency) অর্থ প্রকাশ করিলে,

অনুবাদে verbএর corresponding ধাতু বিধিলিঙে প্রয়োগ করিতে হয়। যথা, He 'would try' his best, স যথাশক্তি 'চেষ্টেত'; He 'would pass' his time in pleasure, সুখেন স জীবিতকালং 'যাপয়েৎ'; Ráma 'would have fallen' into the ditch, খাতে তস্মিন্ রামঃ 'পতিতো ভবেৎ or পতেৎ'।

**196.** Shouldএর ন্যায় 'ought'ও উচিত্য অর্থে ব্যবহৃত হয়, এবং অনুবাদে oughtকে ত্যাগ করিয়া, তৎপরবর্ত্তী Infinitive moodএর verbএর corresponding ধাতুর উত্তর কৃত্য প্রত্যয়, অথবা Infinitiveএর অনুবাদ করিয়া, লটে অর্হ্ ধাতুর প্রয়োগ করিতে হয়। যথা, You 'ought to honour' him, স ত্বয়া 'পূজ্যঃ' or তং 'পূজয়িতুম্ অর্হসি'।

( a ) 'Ought'এর Perfect form, 'ought to have'-এর অনুবাদে 'ought'কে ছাড়িয়া দিয়া এবং Perfect Infinitive verbএর corresponding ধাতুকে নিষ্ঠান্ত করিয়া, পরে বিধিলিঙে ভূ ধাতুর প্রয়োগ করিতে হয়, অথবা corresponding ধাতুর Potential passiveএর প্রয়োগ করিতে হয়। যথা, You 'ought to have respected' him as your father, ত্বয়া স পিতেব (or পিতৃবৎ) পূজিতো ভবেৎ or ত্বয়া স পিতেব পূজ্যঃ।

**197.** 'Must' অবশ্যকর্ত্তব্যতা ও বাধ্যতা ( necessity and obligation ) অর্থ প্রকাশ করে এবং অনুবাদে verbএর corresponding ধাতুর Potential passive participle

ব্যবহৃত হয়। যথা, You 'must hear' me, মদ্বচনং ত্বয়া 'শ্রোতব্যম্' ; It 'must be' true, সত্যেনানেন 'ভবিতব্যম্'।

(a) Perfect tenseএ ব্যবহৃত 'must'এর অনুবাদে verbএর Past participleএর সহিত বিধিলিঙে ভূ ধাতুর, অথবা কেবল verbএর Potential passive participleএর, প্রয়োগ করিতে হয়। যথা, He 'must have done' it, তেনৈতৎ 'কৃতং ভবেৎ' or তেনৈতৎ 'কার্য্যম্'।

**198. Use of the Potential Mood :** বিধি ( direction ) নিমন্ত্রণ ( invitation ), আমন্ত্রণ ( polite way of expressing a wish for an honourary duty ), সংপ্রশ্ন ( questioning ), এবং প্রার্থনা ( praying ) অর্থ বুঝাইলে, অনুবাদে verbএর corresponding ধাতু লোটে বা বিধিলিঙে প্রয়োগ করিতে হয়। যথা, One 'should protect' ( direction ) one's wife, দারান্ 'রক্ষতু or রক্ষেৎ'(১) ; Please take your meals here ( invitation), ইহ 'ভুঙ্ক্তাম্' ( or 'ভুঞ্জীত' ) ভবান্ ; You 'will teach' my son (honourary duty ), মৎপুত্রম্ 'অধ্যাপয়তু' ( or 'অধ্যাপয়েৎ' ) ভবান্ ; Sir, 'shall I learn' grammar or literature (questioning), কিং ভো ব্যাকরণম্ 'অধ্যয়ৈ' ( or 'অধীয়ীয়' )

(১) Direction ও permission বুঝাইলে, verbএর অনুবাদে corresponding ধাতুর উত্তর কৃত্য প্রত্যয়ও হয়। যথা, দারাঃ রক্ষিতব্যাঃ ; ভবতা গন্তব্যম্।

উত সাহিতাম্? 'Please, tell' me the story ( praying ), উপাখ্যানং তন্ মে 'ব্রূহি or ব্রূয়াঃ'।

**199.** যোগ্যতা ( fitness ) ও সামর্থ্য ( capability ) অর্থ বুঝাইলে, অনুবাদে verbএর corresponding ধাতু বিধিলিঙে প্রয়োগ করিতে হয়, অথবা ঐ ধাতুর Potential passive participle ব্যবহৃত হয়।(১) যথা, You 'are fit to marry' the girl, ত্বং কন্যাং তাং 'বহেঃ' or ত্বয়া কন্যা সা 'বোঢ়ব্যা'; You 'can carry' the load, ত্বং ভারং তং 'বহেঃ' or স ভারস্ত্বয়া 'বোঢ়ব্যঃ'।

**200.** গর্হা বা নিন্দা ( censure ) বুঝাইলে এবং কিম্-শব্দ-নিষ্পন্ন পদের প্রয়োগ থাকিলে, verbএর অনুবাদে বিধিলিঙ্ বা লৃট্ ব্যবহৃত হয়। যথা, Who 'will censure' Hari? কো হরিং 'নিন্দেৎ or নিন্দিষ্যতি'?

Test-Questions :

*Translate into Sanskrit* :— May he become successful. It may rain now. Sir, may I go out? I might have moved this stone. Who can run? He could have answered all these questions. Do this now. Please, tell me the name of the book. Father, must I stay? A son should honour his parents. You ought to go to school now. He should have gained the prize. The wise are capable of instructing the fool. May God save the king.

---

(১) যোগ্যতা-অর্থে ধাতুর উত্তর তৃ ( তৃন্ ) প্রত্যয়ও হয়। যথা, ত্বং কন্যাং বোঢ়া।

## II. Dependent Clauses

**201.** Dependent clauseএ 'lest' ব্যবহৃত হইলে, উহার verb এর অনুবাদে বিধিলিঙ্ বা লোট্ প্রযুক্ত হয়। যথা, Save her, 'lest' her indisposition 'should increase', পারিত্রায়তামেনাং মা অস্যা বিকারো 'বর্দ্ধেত or বর্দ্ধিতাম্'।

**202.** 'Till' এর অনুবাদে 'যাবৎ' এই অব্যয়ের প্রয়োগ করিলে, dependent clause এর verb এর অনুবাদে লট্ বা লৃট্ বিভক্তি ব্যবহৃত হয়। যথা, Wait, 'till' I 'return,' প্রতীক্ষস্ব যাবদহং ন 'প্রত্যাবর্ত্তে or প্রত্যাবর্ত্তিষ্যে'।

**203.** Principal sentence 'hope', 'prayer', 'wish'(১) ইত্যাদি অর্থ প্রকাশ করিলে, dependent clauseএ ব্যবহৃত verbএর অনুবাদে বিধিলিঙ্ ব্যবহৃত হয়। যথা, We hope that he 'should surmount' the difficulties, আশাস্মহে যদসৌ বিঘ্নান্ 'অতিক্রামেৎ'; I pray, that you 'teach' me Logic, প্রার্থয়ে যদ্ ভবান্ তর্কং মাম্ 'অধ্যাপয়েৎ'; I wish that you 'eat', কাময়ে (or কামো মে) যদ্ ভবান্ 'ভুঞ্জীত'। অনুবাদে কামপ্রবেদনার্থক (meaning 'hope') 'কচ্চিৎ' শব্দের প্রয়োগ থাকিলে, বিধিলিঙ্ হয় না। যথা, I hope, you 'remember' your master, কচ্চিদ্ ভর্ত্তুঃ 'স্মরসি'।

---

(১) ইচ্ছার্থে dependent clauseএ লোট্ও ব্যবহৃত হয়। যথা, কাময়ে যদ্ ভবান্ ভুঙ্ক্তাম্।

(a) Principal sentenceএ চিত্রীকরণ অর্থাৎ আশ্চর্য্য (wonder) বুঝাইলে, dependent clauseএর verbকে লৃট্ বিভক্তিতে অনুবাদ করিতে হয়। যথা, It is a wonder that a blind man 'should see' Krshna, আশ্চর্য্যম্ or চিত্রং যদ্ অন্ধো নাম কৃষ্ণং 'দ্রক্ষ্যতি'। 'যদি' শব্দের প্রয়োগ থাকিলে, বিধিলিঙে অনুবাদ করিতে হয়। যথা, আশ্চর্য্যং যদি সঃ 'অধীয়ীত'।

(b) Principal sentenceএ অভিপ্রায় ( result or purpose ) বুঝাইলে, dependent clauseএর verbএ বিধিলিঙ্ ব্যবহৃত হয়। যথা, Be on your guard, that ( in order that) he 'may' not 'cheat' you, অপ্রমাদো ভব, যেন নাসৌ ত্বাং 'বঞ্চয়েৎ'।

(c) Principal sentenceএ সম্ভাবনার্থক 'অপি', 'অপি নাম', 'সম্ভাবয়' ইত্যাদি দ্বারা সম্ভাবনা (expectation) অর্থ প্রকাশ করিলে, dependent clauseএর verbকে বিধিলিঙে বা লৃটে অনুবাদ করিতে হয়। যথা, I expect that the Bráhmana boy 'comes to life', অপি (or অপি নাম) স ব্রাহ্মণশিশুঃ 'জীবেৎ or জীবিষ্যতি'; I expect that you 'will eat', সম্ভাবয়ামি 'ভুঞ্জীত' (or 'ভোক্ষ্যতে') ভবান্। 'যদ্' শব্দের প্রয়োগ থাকিলে, কেবল বিধিলিঙে অনুবাদ করিতে হয়। যথা, সম্ভাবয়ামি যদ্ 'ভুঞ্জীত' ( not ভোক্ষ্যতে ) ভবান্।

(d) Principal sentenceএ সময়বাচক শব্দ থাকিলে এবং অনুবাদে 'যদ্' শব্দ ব্যবহৃত হইলে, dependent clauseএর

অনুবাদে বিধিলিঙ্ প্রযুক্ত হয়। যথা, This is the time, that your honour 'should take' meals, কালোঽয়ং যদ্ ভবান্ 'ভুঞ্জীত'।

(e) Principal sentenceএ ইচ্ছার্থ ইষ্, কম্ ইত্যাদি ধাতুর প্রয়োগ থাকিলে, dependent clauseএর verbকে বিধিলিঙে বা লোটে অনুবাদ করা যায়। যথা, I wish that you 'drink' the milk, ইচ্ছামি ( or কাময়ে ) ভবান্ পয়ঃ 'পিবেৎ or পিবতু'।

Test Questions :

*Translate into Sanskrit* :—I hope, he lives, Wait, till he goes. Be careful, that your enemy may not defeat you. I pray, that you may show the picture. I expect, that he will come to-day. It is my desire, that you follow me in all respects. Seize him by the hand lest he should fall into the ditch.

---

## III. Conditional sentences

**204**. Conditional sentenceএ antecedent clause consequent clauseএর reason হইলে, উভয় clauseএর verb-এর অনুবাদে বিধিলিঙ্ ব্যবহৃত হয়, এবং 'if' এর পরিবর্ত্তে 'যদি', বা 'চেৎ' অব্যয়ের প্রয়োগ হয়। যথা, 'If' Ráma 'were' ( or were Ráma ) here, he 'would answer' the

questions, অত্র যদি (or অত্র চেৎ) রামঃ সন্নিহিতো 'ভবেৎ', প্রশ্নানেতান্ স 'ব্রূয়াৎ'।

(a) সংস্কৃতে Conditional sentenceএ সকল স্থলেই এই নিয়মানুসারে কার্য্য হয় না, অনেক স্থলেই ইহার ব্যতিক্রম ঘটে। যথা, যদি কাপ্যে বিপত্তিঃ স্যান্ মুখরস্তত্র হন্যতে; সংশয়ং পুনরারুহ্য যদি জীবতি পশ্যতি; সা যদি তে বল্লভা ন ভবতি, তৎ কিং তাং ন ব্যাপাদয়সি; যদি তস্য হৃদয়ং ন ভক্ষয়ামি, তদা··· প্রাণাংস্ত্যক্ষ্যামি; ন চেদ্ ব্রবীষি প্রশ্নানশ্নামি ত্বাম্।

(b) শিষ্টাচার (polite way of speaking) বুঝাইলে, antecedentএ বিধিলিঙের পরিবর্ত্তে লোট্ ব্যবহৃত হয়। যথা, ন চেদন্যকার্য্যাতিপাতো গৃহ্যতাম্ অতিথিসৎকারঃ।

(c) 'যদি' শব্দের প্রয়োগ থাকিলে, ভবিষ্যৎকালে বিধিলিঙ্ ব্যবহৃত হয়। যথা, দাস্যামি যদি স আগচ্ছেৎ আগমিষ্যতি বা।

**205.** Conditional sentenceএর antecedent clauseএ Present tense ব্যবহৃত হইলে, অনুবাদে উভয় clauseএর verbএ লট্, বিধিলিঙ্ বা লৃট্ এর প্রয়োগ হয়। যথা, If you 'go', I 'go', যদি 'গচ্ছসি' ('গচ্ছেঃ, গমিষ্যসি' বা), তদা 'গচ্ছামি গচ্ছেয়ম্, গমিষ্যামি' বা; If it 'rain', the road 'will be' muddy, দেবো 'বর্ষতি' ('বর্ষেৎ, বর্ষিষ্যতি' বা), বর্ত্ম পঙ্কিলং 'ভবতি, ভবেৎ, ভবিষ্যতি' বা।

(a) Conditional sentenceএ certainty বুঝাইলে,

অর্থাৎ উহার verb এর Indicative mood হইলে, অনুবাদে antecedent ও consequent clauseএর verbএ লট্ বিভক্তির প্রয়োগ হয়। যথা, If it 'rains', the road 'is' muddy, দেবশ্চেদ্ 'বর্ষতি' ( not বর্ষেৎ ) বর্ত্ম কর্দমিতং 'ভবতি'।

